Ministry of JUSTICE

PRISON REFORM TRUST

কয়েদিদের জন্য তথ্য

2008 Bengali

© Prison Reform Trust and HM Prison Service/NOMS

This publication can be shared, copied, distributed and transmitted but not sold. It can not be altered in any way without the permission of the copyright owners.

The National Offender Management Service: part of the Ministry of Justice protecting the public and reducing re-offending by delivering probation and prison services.

The Prison Reform Trust works to create a fair and decent prison system. We do this by looking at how prisons are working, giving information to prisoners, staff and people outside and by asking the government and officials to make changes.

First published in 2008 by Prison Reform Trust

ISBN: 0946209 86 3

For further information, contact:

Prison Reform Trust
15 Northburgh Street
London EC1V 0JR
020 7251 5070
www.prisonreformtrust.org.uk

Both HMPS and the Prison Reform Trust would like to thank prisoners and staff at HMP Wandsworth for helping with this book and Mencap for its work to make the book easier to read.

The Prison Reform Trust would like to thank the Big Lottery Fund and the Diana, Princess of Wales Memorial Fund for supporting our charity to improve information for prisoners.

কয়েদিদের জন্য তথ্য

কারাগারে কারা কাজ করেন?

গভর্নর বা **ডিরেক্টর** কারাগারের দায়িত্বে থাকেন। আমরা এই বইতে গভর্নর শব্দটি ব্যবহার করব।

প্রিজন অফিসারগণ – কারাগারে নানাধরনের অনেক কাজ করেন এবং এই কর্মীদেরই আপনি সবচেয়ে বেশি দেখতে পাবেন।

অফেণ্ডার সুপারভাইজার – আপনার অফেণ্ডার সুপারভাইজার আপনার অফেণ্ডার ম্যানেজারের সাথে কাজ করে আপনার সেন্টেন্স প্ল্যান (দণ্ডের পরিকল্পনা)-এর উদ্দেশ্যগুলি সম্পূর্ণ করতে আপনাকে সাহায্য করবেন্।

পার্সোনাল অফিসারগণ – ইনি হলেন কারাগারের এক অফিসার যিনি আপনাকে সাহায্য করার জন্য সময় দেবেন এবং যিনি আপনার অগ্রগতির বিষয়ে রিপোর্ট লিখবেন। তিনি আপনার দণ্ডের পরিকল্পনার বিষয়েও কাজ করতে পারেন।

প্রোবেশন অফিসার – ইনি আপনার সাথে কাজ করে আপনাকে সাহায্য করার চেষ্টা করেন যাতে কারাগার ছেড়ে যাবার পরে আপনি আবার অপরাধ না করেন।

মনস্তত্ত্ববিদগণ – আপনার মূল্যায়ন করেন ও অন্য কর্মীদের সাথে কাজ করে অপরাধমূলক আচরণের বিষয়ে পাঠ্যক্রমের ব্যবস্থা করেন।

যাজকগণ – আপনাকে আপনার ধর্ম পালন করতে সাহায্য করবেন। তাঁরা বিভিন্ন ধর্ম বিশ্বাসের লোক। আপনি কি রকম বোধ করছেন সে বিষয়েও আপনি তাঁদের সাথে কথা বলতে পারেন।

শিক্ষা ও কর্মশালার কর্মী – ক্লাস ও কর্মশালা চালান।

স্বাস্থ্যসেবা কর্মী – এঁরা হলেন নার্স, ডাক্তার, দাঁতের ডাক্তার ইত্যাদি।

CARAT কর্মী – কয়েদিদের মাদকদ্রব্য বিষয়ক সমস্যার বিষয়ে সাহায্য করেন।

IMB সদস্য **–** এঁরা কারাগার ঠিক মত চালানো হচ্ছে কি না তা' যাচাই করেন। এঁরা স্থানীয় এলাকার স্বেচ্ছাসেবী।

কারাগারের আধিকারিক দর্শনার্থী – এঁরা স্থানীয় লোকজন। যেসব কয়েদিদের কাছে আসবার বেশি কেউ নেই তাঁরা তাদের কাছে আসেন।

সূচীপত্র- এই বইতে কি কি আছে?

সূচীপত্র	পৃষ্ঠা
এই বইটির বিষয়ে	4
যখন আপনি প্রথম এসে পৌঁছবেন	5
দণ্ডিত হন নি এমন কয়েদিরা	7
সিভিল (দেওয়ানী) কয়েদিগণ	16
অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তিরা	18
আপনার দণ্ডিত হওয়া বা দণ্ডের বিরুদ্ধে আপিল করা	22
আপনাকে কতদিন কারাগারে থাকতে হবে তার হিসাব করা	25
যে সব বিষয়ের সমাধান করতে হবে – কারাগারের বাইরে	29
কারাগারে যে সব ব্যক্তিরা আপনাকে সাহায্য করতে পারেন	37
পরিবার ও বন্ধুদের সাথে সম্পর্ক রাখা	39
আপনার উকিল বা অন্য আধিকারিক ব্যক্তিদের সাথে যোগাযোগ	47
কারাগার জীবন	49
আপনার স্বাস্থ্য	65
আপনার ধর্মবিশ্বাস	78
কারাগারের নিয়মাবলী	83
কোন অভিযোগ বা অনুরোধ কিভাবে করতে হবে	110
অপরাধীদের ব্যবস্থাপনা, দণ্ডের পরিকল্পনা ও মুক্তির জন্য তৈরী হওয়া	118
অস্থায়ী লাইসেন্সে মুক্তি পাওয়া	134
মুক্তি ও তত্ত্বাবধান	138
বিদেশী নাগরিক কয়েদি	151
অল্পবয়সী অপরাধী ও অল্পবয়সী অপরাধীদের জন্য সংস্থাসমূহ	155

এই বইটির বিষয়ে

কারাগারে থাকার বিষয়ে আপনার যে যে মুখ্য বিষয়গুলি জানা প্রয়োজন এই বইটি তা জানায়, যেমন

✓ কারাগারের নিয়মাবলী ও নানা কাজ করার উপায়।
✓ আপনার অধিকার।

আপনি যদি এই বইটির কোন বিষয়ে নিশ্চিত না হন তাহলে একজন প্রিজন অফিসারকে জিজ্ঞাসা করুন

এই বইটি কার জন্য?

এই বইটি পুরুষ কয়েদিদের জন্য যার মধ্যে ১৪ বা তার বেশী বয়সের অল্পবয়সী অপরাধীরা অন্তর্ভুক্ত।

এই বইটি কী বিষয়ে?

- কারাগারের জীবন সম্বন্ধে আপনি যা যা জানতে চান এটি আপনাকে তা' জানাবে।
- প্রত্যেক কারাগারের নিয়ম এবং কাজ করার ধরন আলাদা রকম হতে পারে। কখনো কখনো কারাগারের নিয়মে দ্রুত পরিবর্তন হতে পারে। আপনাকে প্রভাবিত করতে পারে এমন নিয়ম বদলানোর বিষয়ে আপনাকে জানানো হবে।
- কারাগারের লাইব্রেরিতে নিয়মাবলীর কপি (অনুলিপি) আছে।
- যদি আপনি লাইব্রেরিতে যেতে না পারেন, তাহলেও আপনি এই নিয়মগুলি দেখতে চাইতে পারেন।

এই বইটির কপি কোথায় পাওয়া যাবে

- কারাগারের লাইব্রেরি।
- যদি আপনি লাইব্রেরি থেকে বইটি না পান তাহলে কারাগারের কর্মীরা এই বইটিকে, বা তার কিছু অংশ ছেপে দিতে পারেন ।
- যদি আপনার একটি ছাপানো কপি থাকে তাহলে আপনাকে সেটি রেখে দেওয়ার বা আপনার উইং-এ অন্যদের সাথে ভাগ করে নেওয়ার অনুমতি দেওয়া হতে পারে।
- যদি আপনার একটি কপি থাকে, অনুগ্রহ করে সেটির যত্ন নিন কারণ আরেকটি পাওয়া সহজ নাও হতে পারে।

যখন আপনি প্রথম এসে পৌঁছবেন

আপনি যখন কারাগারে প্রথম এসে পৌঁছবেন তখন এগুলি ঘটবে

- ✓ আপনাকে কারাগারের অভ্যর্থনা (রিসেপশন) এলাকায় নিয়ে যাওয়া হবে ।
- ✓ আপনি যদি ড্রাগ (মাদক) নিতে বা মদ্যপানে অভ্যস্ত হন এবং এই ব্যাপারে আপনার সাহায্যের দরকার হয় তাহলে কর্মীদের জানান।
- ✓ কী পোশাক পরতে হবে সে বিষয়ে কারাগারের কর্মীরা আপনার সাথে কথা বলে নেবেন। যদি আপনি একজন দণ্ডিত কয়েদি হন আপনাকে হয়ত কারাগারের পোশাক পরতে হতে পারে।
- ✓ কারাগার কর্মীদের একজন সদস্য আপনি যা যা সাথে এনেছেন তার একটি তালিকা তৈরী করবেন। আপনি হয়ত কিছু কিছু জিনিস সাথে রাখতে পারবেন। বাকি সব আপনার জন্য নিরাপদে রাখা হবে। যখন আপনি চলে যাবেন তখন কেবল বিপজ্জনক বা বেআইনী জিনিস, যেমন ছুরি বা মাদকদ্রব্য ছাড়া আপনি সবকিছু ফেরত পাবেন ।
- ✓ কারাগারের কর্মীদের একজন সদস্য আপনাকে তল্লাশী করবেন। যদি আপনার কোন শারীরিক অসুবিধার জন্য আপনার সম্পূর্ণ শরীরের তল্লাশী করতে দেওয়ায় অসুবিধা থাকে তাহলে আপনি একজন ডাক্তারের সাথে দেখা করতে চাইতে পারেন।
- ✓ আপনার স্বাস্থ্যবিষয়ক কোন সমস্যা থাকলে ডাক্তার বা নার্সের সাথে দেখা করতে চাইতে পারেন। যদি আপনি কোন ওষুধ নেন বা আপনার ড্রাগ বা মদ্যপানের কোন সমস্যা থাকে তাহলে তা' ডাক্তার বা নার্সকে জানান। এছাড়া কোন বিষয়ে বিপর্যস্ত বা চিন্তিত হলেও তাঁদের বলুন।
- ✓ আপনাকে আপনার পরিবারকে ফোন করতে দেওয়া হবে। আপনার সাথে তাঁদের দেখা করার ব্যবস্থা কি করে করতে হবে তাও আপনাকে জানানো হবে।
- ✓ আপনাকে একটি প্রিজন নাম্বার (কারাগার সংখ্যা) দেওয়া হবে।
- ✓ যে সেলে আপনি ঘুমোবেন সেখানে আপনাকে নিয়ে যাওয়া হবে।
- ✓ আপনি চাইলে স্নান বা শাওয়ার করে নিতে পারেন।
- ✓ আপনার সাথে অন্য কর্মীদের দেখা হবে। পার্সোনাল অফিসার (ব্যক্তিগত অধিকারী) নামে পরিচিত একজন আপনার সাক্ষাৎকার নিতে পারেন।

আরো তথ্য

যেখানে আপনি ঘুমোবেন (আপনার সেল (কুঠুরি))

- আপনাকে অন্য কারো সাথে একই সেল-এ ভাগাভাগি করে থাকতে হতে পারে। যদি তা হয়, কারাগারের কর্মীরা ভেবে দেখবেন যে আপনার সবচেয়ে ভালো অংশীদার কে হতে পারেন। আপনার তাতে কোন সমস্যা হলে তা আপনি তাদের জানাতে পারেন। যদি আপনি ধূমপান না করেন তাহলে কোন ধূমপায়ীর সাথে আপনাকে থাকতে বলা হবে না। যদি আপনি শঙ্কিত হন বা নিরাপদ বোধ না করেন তাহলে কর্মীদের জানান।

- কিছু কিছু কারাগারে একটি বিশেষ এলাকা আছে যেখানে কয়েদিরা এসে প্রথম রাতে ঘুমোন যাতে তাঁরা কারাবাসে অভ্যস্ত হতে পারেন।

কি করতে হবে যদি....

কারাগারে পৌঁছে আপনি খুব বিপর্যস্ত বা চিন্তিত বোধ করেন

এরকম বোধ করলে কারো সাথে কথা বলা গুরুত্বপূর্ণ।

আপনি এঁদের সাথে কথা বলতে পারেন

- ✓ কারাগারের কর্মী। পার্সোনাল অফিসার নামে পরিচিত একজন থাকতে পারেন। অথবা আপনি কারাগারে আপনার এলাকার (একে উইং বা ল্যাণ্ডিং বলে) অফিসার ইন চার্জ (দায়িত্বপ্রাপ্ত অফিসার)-এর সাথে কথা বলতে পারেন
- ✓ যে ডাক্তার বা নার্স আপনার স্বাস্থ্য পরীক্ষা করেছিলেন
- ✓ ধর্মযাজক
- ✓ লিসনার (শ্রোতা) বা বাডি (বন্ধু) নামে উল্লেখ করা হয় এমন কোন কয়েদি
- ✓ দি সামারিটানস।

আপনি শিশুদের বা আপনি যাঁদের দেখাশোনা করেন তাঁদের বিষয়ে চিন্তিত

- উপরের তালিকার যে কোন ব্যক্তির সাথে কথা বলুন।

কোন সলিসিটর (উকিল)-এর সাথে আপনাকে দেখা করতে হবে – আদালত ছাড়ার আগে যদি সেই সুযোগ আপনার না হয়ে থাকে

- রিসেপশনের প্রিজন অফিসারকে বলুন আপনার উকিলকে এসে আপনার সাথে দেখা করার ব্যবস্থা করতে।

দণ্ডিত হন নি এমন কয়েদিরা

দণ্ডিত হন নি এমন কয়েদি কারা

- ✓ **দণ্ডিত হন নি এমন** কয়েদিরা হলেন তাঁরা যাঁরা তাঁদের বিচারের জন্য আদালতে যাওয়ার অপেক্ষায় আছেন।
- ✓ দণ্ডিত হন নি এমন কয়েদিদের সাথে এমন আচরণ করা হয় যেন **তাঁরা নিরপরাধ।** এর কারণ হল যে তাঁদের অপরাধের জন্য এখনো তাঁরা আদালতে যান নি।
- ✓ দণ্ডিত হন নি এমন কয়েদিরা এমন কিছু কিছু কাজ করতে পারেন যা দণ্ডিত কয়েদিরা করতে পারেন না। উদাহরণস্বরূপ, তাঁরা এখনো ভোট দিতে পারেন এবং সাধারণত নিজেদের পোশাক পরতে পারেন।
- ✓ দণ্ডিত হন নি এমন কয়েদিদের অন্য কয়েদিদের জন্য প্রযোজ্য বেশিরভাগ নিয়ম মেনে চলতে হয়।

দণ্ডিত হন নি এমন কয়েদি হিসাবে আপনি এগুলির জন্য সাহায্য ও সহায়তা পেতে পারেন

- বেল (জামিন) চাইতে
- আপনার বাড়ি ও চাকরি বজায় রাখতে
- আপনার বিচারের জন্য তৈরী হতে
- আপনার পরিবার ও বন্ধুদের সাথে যোগাযোগ রাখতে
- কোন ব্যবসা আইনসম্মত হলে, তা চালাতে বা তার সাথে জড়িত থাকা চালিয়ে যেতে
- আপনার কোন সমস্যা থাকলে তার জন্য সাহায্য পেতে

যদি আপনি দণ্ডিত কয়েদি না হন তাহলে বেইল (জামিন) চাওয়া

জামিন চাওয়ার অর্থ হল আপনার বিচারের জন্য অপেক্ষা করার সময়ে কারাগার থেকে মুক্তির জন্য আবেদন করা।

প্রিজন সার্ভিস অর্ডার 6100 ও 6101-এ আরো তথ্য আছে।

দুটিরই কপি লাইব্রেরিতে আছে।

কিভাবে জামিন চাইতে হবে

মুখ্য বিষয়গুলি

- ✓ যদি আদালত বা জজ ইন চেম্বারস নামের কেউ প্রথমবার আপনাকে জামিন দিতে অসম্মত হন তাহলে আপনি একাধিকবার তাঁদের জামিন চাইতে পারেন। কিন্তু কেন আপনাকে তাঁরা জামিন দেবেন তার কোন নতুন কারণ অপনি দর্শাতে পারলে তবেই আপনি আবার জামিন চাইতে পারেন্।

- ✓ যখন আপনি জামিন চাইবেন তখন কেন আদালত আপনাকে জামিন দেবে তার যথাসম্ভব সবকটি কারণ দিন।

- ✓ যদি আদালত আপনাকে জামিন দিতে অস্বীকার করে তাহলে আবার জামিন চাওয়ার আগে জামিন না দেবার কারণগুলি দেখুন। কেন আপনি জামিন পান নি সে বিষয়ে নিশ্চিত না হলে বেইল ইনফর্মেশন অফিসারকে, বা লিগাল সার্ভিসেস অফিসারকে বা আপনার উকিলকে জিজ্ঞাসা করুন।

- ✓ আপনার জামিন চাইতে কোন সাহায্যের প্রয়োজন হলে আপনি বেইল ইনফর্মেশন অফিসারের সাথেও কথা বলতে পারেন। আবাসনের বিষয়ে সাহায্য করতে ক্লিয়ারস্প্রিংস নামে একটি প্রকল্প আছে।

- ✓ যদি আপনার আইনী সহায়তার জন্য আবেদন করার বিষয়ে কোন সাহায্যের প্রয়োজন হয় (আইনি পরামর্শের বা প্রতিনিধিত্বের খরচের জন্য অর্থসাহায্য) তাহলে লিগাল সার্ভিসেস অফিসারের সাথে কথা বলুন।

- ✓ আদালত আপনাকে জামিন দেওয়ার আগে আপনার বসবাসের জায়গার ঠিকানা থাকা প্রয়োজন।

বাস করার কোন জায়গা

- যদি আপনি জামিন চান তাহলে আপনাকে আদালতে কোন এমন ঠিকানা দিতে হবে যেখানে আপনাকে জামিনে ছেড়ে দেওয়ার পর আপনি বাস করতে পারবেন। তা আপনার নিজের বা বন্ধু বা পরিবারের বাড়ি হতে পারে। (প্রথমে আপনার বন্ধু বা পরিবারকে আদালতে বলতে হবে যে আপনি তাঁদের সাথে থাকলে তাঁদের কোন আপত্তি নেই।)

- যদি আপনার থাকার কোন জায়গা না থাকে তাহলে আপনার বেইল ইনফর্মেশন অফিসার বা লিগাল সার্ভিসেস অফিসারের সাহায্য চান। তাঁরা হস্টেলের মত থাকার কোন জায়গা খুঁজে নিতে আপনাকে সাহায্য করতে পারেন।

যদি আপনার বিচারের শুনানি ম্যাজিস্ট্রেটের আদালতে হওয়ার কথা থাকে

আপনি যতবার আপনার মামলার জন্য ম্যাজিস্ট্রেটের আদালতে যাবেন ততবার আপনি জামিন চাইতে পারেন। অথবা আপনি আপনার হয়ে তা করতে আপনার উকিলকে বলতে পারেন।

1. আপনাকে জামিন চাইতে কিছু ফর্ম ভর্তি করতে হবে। আপনার উকিল বা লিগাল সার্ভিসেস অফিসার তা করতে আপনাকে সাহায্য করবেন।

2. যদি আদালত আপনাকে জামিন না দেয় তাহলে তার কারণ ব্যাখ্যা করে আপনি একটি চিঠি পাবেন। চিঠিটি রেখে দিন কারণ আপনি যদি আবার জামিনের জন্য আবেদন করতে চাইলে এটি কাজে আসতে পারে।

3. যদি ম্যাজিস্ট্রেটের আদালত আপনাকে একেবারেই জামিন না দিতে সিদ্ধান্ত নেন তাহলে তাঁরা তা আপনাকে জানাতে সার্টিফিকেট নামে একটি কাগজ আপনাকে পাঠাবেন ।

4. যদি ম্যাজিস্ট্রেটের আদালত আপনাকে এই সার্টিফিকেটটি পাঠান এটি জানিয়ে যে তাঁরা সকল ঘটনা শুনেছেন তাহলে আপনি তখন ক্রাউন আদালতে সেই সার্টিফিকেট পাঠিয়ে জামিন চাইতে পারেন।

5. যদি ক্রাউন আদালত জামিন না দেয় তাহলে আপনি হাই কোর্টে জজ ইন চেম্বার্স নামে পরিচিত ব্যক্তিকে চিঠি লিখে জামিন চাইতে পারেন।

যদি আপনার বিচারের শুনানি কোন ক্রাউন আদালতে হওয়ার কথা থাকে

1. যে ম্যাজিস্ট্রেটের আদালত আপনাকে বিচারের জন্য ক্রাউন আদালতে পাঠিয়েছে তার কেরানিকে লিখুন। অথবা আপনার উকিলকে আপনার হয়ে তা করতে বলুন।

2. আপনার উকিলকে ক্রাউন আদালতে সরাসরি আবেদন করতে বলতে পারেন।

3. আপনার যদি উকিলের জন্য পর্যাপ্ত অর্থ না থাকে এবং আপনার আইনী সহায়তা না থাকে তাহলে আপনি অফিশিয়াল সলিসিটার নামে পরিচিত একজনকে আপনাকে সাহায্য করতে বলতে পারেন। কিভাবে তা করতে হবে তা লিগাল সার্ভিসেস অফিসারকে জিজ্ঞাসা করুন। অফিশিয়াল সলিসিটার ও অন্য আইনি বিষয়ে **প্রিজন সার্ভিস অর্ডার 2600-তে** আরো তথ্য আছে। আপনি কারাগারের লাইব্রেরিতে এর একটি কপি পেতে পারেন।

যদি ম্যাজিস্ট্রেটের আদালত ও ক্রাউন আদালত আপনাকে জামিন দিতে অস্বীকার করে থাকেন

আপনি হাই কোর্টে **জজ ইন চেম্বার্সের** কাছে জামিন চাইতে পারেন।

জজ ইন চেম্বার্সের কাছে নিম্নলিখিতভাবে জামিন চাইতে পারেন।

1. আপনার উকিলকে আপনার হয়ে তা করতে বলুন। যদি আপনি উকিলের জন্য অর্থ ব্যয় করছেন, এটি করতে আপনাকে তাকে অর্থ দিতে হবে।

2. যদি আপনার উকিলের জন্য পর্যাপ্ত অর্থ না থাকে আপনার আইনি সহায়তা না পান, আপনি অফিশিয়াল সলিসিটারকে আপনার জন্য জামিনের আবেদন করতে বলতে পারেন। আপনার কাছে কত অর্থ আছে তা' জানাতে আপনাকে একটি ফর্ম ভরতে হবে । এটি অফিশিয়াল সলিসিটারকে দেখানোর জন্য যে আপনার কাছে উকিলকে দেবার মত যথেষ্ট অর্থ নেই।

যদি হয় যে আপনি দণ্ডাদেশের জন্য ক্রাউন আদালতে যাচ্ছেন

আপনি ক্রাউন আদালতকে আপনাকে জামিন দিতে অনুরোধ করতে পারেন। যদি ক্রাউন আদালত জামিন না দেয়, আপনি হাই কোর্টে জজ ইন চেম্বার্সের কাছে জামিন চাইতে পারেন।

আপনি যদি জামিন পান তাহলে কি হবে?

যদি আপনি জামিন পান তাহলে আপনাকে কিছু নিয়ম মেনে চলতে হবে।

উদাহরণস্বরূপ

- খুব ন্যায্য কোন কারণ না থাকলে আপনাকে যখনই আদালতে ডাকা হবে তখনই আপনাকে সেখানে আসতে হবে।

- আপনাকে কিছু কিছু কাজ করতে হতে পারে যেমন এক নির্দিষ্ট ঠিকানায় বাস করা, প্রতিদিন থানায় হাজির হওয়া বা ট্যাগ পরে থাকা।

- আপনাকে হয়ত কোন বন্ধু বা পরিবারের কাউকে খুঁজে বের করতে হবে যিনি আপনি আদালতে হাজির না হলে কিছু অর্থ দিতে সম্মত থাকবেন। এঁদের **সিওর্টি** (জামানত) বলা হয়।

যদি আপনি নিয়ম ভাঙ্গেন তাহলে আপনাকে গ্রেপ্তার করা হতে পারে বা অপরাধের জন্য অভিযুক্ত করা হতে পারে। যদি আপনি আদালতে হাজির না হন, আপনার পরিবারের সদস্য বা বন্ধু যারা আপনার সিওর্টি হয়েছেন তাঁদের সম্মত হওয়া অর্থের সমস্তটা মেটাতে হবে, বা তাঁদের কারাগারে যেতে হবে।

সিওর্টিগণ

- সিওর্টি হলেন পরিবারের সদস্য বা বন্ধু যাঁরা আপনি জামিনে মুক্ত হবার পরে যখন আপনাকে বলা হবে তখন আদালতে আপনি হাজির না হলে কিছু অর্থ দিতে সম্মত হবেন।

কিভাবে আপনার পরিবারের সদস্য বা বন্ধুরা সিওর্টি হতে পারেন

যদি আপনি মনে করেন যে ম্যাজিস্ট্রেটের আদালতে উপস্থিত হবার সময় আপনি জামিন পাবেন

নিশ্চিত করুন যে সিওর্টি হতে সম্মত হওয়া পরিবারের সদস্য বা বন্ধুরা আপনার সাথে আদালতে উপস্থিত থাকেন৷ যদি আপনি জামিন পান এবং আদালত জানান যে এই ব্যক্তিরা সিওর্টি হতে পারেন, আপনাকে অবিলম্বে সেখানেই মুক্তি দেওয়া হবে৷

যখন আপনি আদালতে নেই তখন যদি আপনি জামিন পান

1. আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের অবশ্যই আদালতে বা থানায় উপস্থিত থাকতে হবে যাতে তাদের যাচাই করে নিশ্চিত করা যায় যে তাঁরা সিওর্টি হতে রাজি আছেন৷ তাদের সাথে কিছু দলিল নিয়ে যেতে হবে প্রমাণ দিতে যে প্রয়োজন হলে তাঁরা অর্থ মেটাতে পারবেন৷

2. আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের একটি দলিলে স্বাক্ষর করতে হবে এটি জানাতে যে তাঁরা সিওর্টি হতে রাজি আছেন৷

3. যদি আদালত বা থানা মনে করেন যে আপনার পরিবারের সদস্য বা বন্ধুরা সিওর্টি হবার উপযুক্ত তাহলে তাঁরা তাঁদের সার্টিফিকেট নামে একটি দলিল দেবেন ।

4. আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের এই সার্টিফিকেটটি কারাগারে নিয়ে আসতে হবে যার পর আপনাকে মুক্ত করা হবে৷ এটি কারাগারকে জানায় যে আদালত বা থানা জানিয়েছেন যে তাঁরা সিওর্টি হলে কোন অসুবিধা নেই৷

যদি আপনি জামিন পান তখন কারাগার থেকে চলে যাবার পরিবহণ

- যদি আপনি জামিন পান এবং আপনার কাছে আদালত থেকে বাড়িতে যাবার অর্থ না থাকে তাহলে যে কর্মীরা আপনাকে আদালতে এনেছিলেন তাঁরা আপনি যাতে ট্রাভেল ওয়ারান্ট পান তার ব্যবস্থা করতে পারেন। আপনি যে ঠিকানায় জামিনে থাকবেন এই টিকিটে আপনি সেখানে বিনামূল্যে যেতে পারবেন ।
- যে কর্মীরা আপনাকে কারাগারে নিয়ে গিয়েছিলেন তাঁদের কাছ থেকেও আপনি ট্রাভেল ওয়ারান্ট পেতে পারেন। অথবা আপনি যদি কারাগার থেকে ভিডিও লিঙ্কে আদালতের সাথে কথা বলে থাকেন তাহলে কারাগারের কর্মীদের থেকেও আপনি এটি পেতে পারেন।

আদালতে যাবার জন্য তৈরী হওয়া

আপনার বিচারের জন্য তৈরী হতে এবং একজন উকিল খুঁজে নিতে সাহায্যের জন্য আপনি আপনার লিগাল সার্ভিসেস অফিসারের সাথে কথা বলুন।

1. আপনার বিচারের জন্য সাক্ষী জোগাড় করা

- আপনার বিচারে কথা বলার জন্য সাক্ষী জোগাড় করতে সাহায্যের জন্য আপনার উকিলকে বলুন।
- যদি আপনার কোন উকিল না থাকে তাহলে আপনি লিগাল সার্ভিসেস অফিসারকে সাহায্যের জন্য বলতে পারেন।
- লিগাল সার্ভিসেস অফিসার আপনার জন্য সাক্ষী জোগাড় করতে পারবেন না। কিন্তু তাঁরা আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের কাছে সাক্ষী জোগাড় করতে চেষ্টা করতে বলে চিঠি লিখতে সাহায্য করতে পারেন ।
- আপনি পুলিশের কাছে তাদের সাক্ষী জোগাড় করতে চেষ্টা করতে বলে চিঠি লিখতে পারেন । কিন্তু পুলিশ কোন অঙ্গীকার করতে পারে না যে এই ব্যক্তিরা বিচারের সময় আসবেন।

2. আপনার আইনবিষয়ক কাজ করতে সাহায্য করতে কমপিউটারের ব্যবহার

- আপনি এজন্য আপনার নিজের পার্সোনাল কমপিউটার ব্যবহার করতে পারবেন না।
- যদি আপনার আইনবিষয়ক কাজে সাহায্য করতে কারাগারের কমপিউটার ব্যবহার করতে চান তাহলে গভর্নরকে বলুন।
- যদি তিনি মনে করেন যে আপনার ন্যায় বিচার পেতে তার প্রয়োজন আছে তাহলে আপনি যাতে কারাগারের একটি ল্যাপটপ কমপিউটার ব্যবহার করতে পারেন গভর্নর তার ব্যবস্থা করবেন।
- যদি গভর্নর আপনাকে কারাগারের একটি ল্যাপটপ কমপিউটার ব্যবহার করতে অনুমতি দেন তাহলে আপনাকে কিছু নিয়ম মেনে চলতে হবে।
- **প্রিজন সার্ভিস ইনস্ট্রাকশন** 2/2001-এ আরো তথ্য আছে। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

3. আপনার জিনিসপত্র

- যদি আপনাকে মুক্তি দেওয়া হয় সেকথা ভেবে আপনার সব ব্যক্তিগত জিনিসপত্র আদালতে নিয়ে যান। যদি কারাগারে কিছু জিনিস ফেলে যান তাহলে মুক্তির পরে সেগুলি সংগ্রহ করার জন্য আপনাকে কারাগারের সাথে যোগাযোগ করতে হবে।

দণ্ডিত না হওয়া কয়েদি হওয়ার অন্য বিষয়গুলি

আপনার স্বাস্থ্য

- আপনি যদি না চান তাহলে আপনাকে কারাগারের স্বাস্থ্যসেবা কর্মীদের থেকে NHS স্বাস্থ্যসেবা নিতে হবে **না**।
- আপনি কোন বেসরকারী ডাক্তার বা দাঁতের ডাক্তারের থেকে স্বাস্থ্যসেবা নিতে পারেন কিন্তু আপনাকে তার জন্য অর্থ দিতে হতে পারে।
- যদি আপনি তা করতে চান তাহলে স্বাস্থ্যসেবা কর্মীদের বলুন। তাঁরা এবং গভর্নর সাধারণত আপনাকে তা করতে দেবেন।

ভোট দেওয়া

আপনি কারাগারে থাকাকালীন ভোট দিতে পারবেন যদি আপনি

- দণ্ডিত না হন
- দোষী সাব্যস্ত হয়েছেন কিন্তু আপনার এখনো দণ্ডাদেশ হয় নি
- একজন সিভিল কয়েদি হন যিনি জরিমানা না দেওয়ার জন্য বা আদালতের নির্দেশ না মানার জন্য (একে আদালতের অবমাননা বলে) কারাগারে আছেন

আপনি ভোট দেবার আগে আপনার নাম **ইলেক্টোরাল রেজিস্টার** নামক তালিকায় থাকতে হবে৷

যদি আপনার নাম আগেই ইলেকটোরাল রেজিস্টারে না থাকে

1. আপনাকে একটি ফর্ম ভর্তি করতে হবে ও তা কারাগারের বাইরে **ইলেক্টোরাল** রেজিস্ট্রেশন অফিসার নামে পরিচিত একজনের কাছে পাঠাতে হবে৷ যে ঠিকানায় এই ফর্মটি পাঠাতে হবে তা **প্রিজন সার্ভিস অর্ডার** 4650-এ আছে৷ লাইব্রেরিতে এর একটি কপি আছে৷
2. ফর্ম ও ভোট দেবার বিষয়ে আরো তথ্যের জন্য আপনার পার্সোনাল অফিসার বা কারাগারের অন্য কোন অফিসারকে বলুন৷
3. **প্রিজন সার্ভিস অর্ডার** 4650-এ ভোট দেবার বিষয়ে আরো তথ্য আছে৷ এটি আপনাকে ডাকযোগে ভোট দেওয়া (যেখানে আপনি ডাকের মাধ্যমে ভোট দিতে পারেন) বা প্রক্সি ভোট দেবার (যেখানে অন্য কেউ আপনার হয়ে ভোট দেয়) মত বিষয়গুলি সম্পর্কে জানায়৷

কাজ এবং অর্থ উপার্জন করা

- আপনি না চাইলে আপনাকে কারগারে কাজ করতে হবে **না**৷
- যদি আপনি কাজ করতে চান কিন্তু আপনার করার মত কোন কাজ না থাকে তাহলে আপনার প্রয়োজনীয় জিনিস কিনতে প্রতি সপ্তাহে আপনাকে অল্প পরিমাণ অর্থ দেওয়া হবে৷
- যদি আপনাকে দেওয়া কাজ করতে আপনি অস্বীকার করেন তাহলে আপনাকে কারাগার থেকে কোন অর্থ নাও দেওয়া হতে পারে৷ এবং আপনাকে আরো কাজ না দেওয়া হতে পারে৷

সিভিল কয়েদিগণ

সিভিল কয়েদি হলেন সেই ব্যক্তিরা যাঁদের এই ধরনের কারণে কারাগারে পাঠানো হয়েছে

- o তাঁদের সন্তানদের দেখাশুনা করার জন্য অর্থ না মেটানো
- o জরিমানা বা ঋণ শোধ না করা
- o যদি তাঁদের চেনা জামিনে-থাকা ব্যক্তি আদালতে হাজির না হওয়ার জন্য যে অর্থ মেটাতে তাঁরা সম্মত হয়েছিলেন তা না মেটানো
- o আদালতের নির্দেশ না মানা।

সিভিল কয়েদিদের সাথে সাধারণত দণ্ডিত অপরাধীদের মতই আচরণ করা হয়। কিন্তু কিছু ফারাক আছে। যেমন যদি আপনি সিভিল কয়েদি হন তাহলে

- দণ্ডিত না হওয়া কয়েদিদের মত আপনার দেখা করতে আসার, চিঠির বা ফোন কলের অধিকার আছে। **পৃষ্ঠা** 40 **দেখুন।**

- আপনি না চাইলে আপনাকে অন্য কয়েদিদের সাথে মিশতে হবে না।

- আপনি আপনার নিজের পোশাক পরতে পারেন। যদি আপনার নিজের যথেষ্ট পোশাক না থাকে তাহলে আপনি কারাগারের কর্মীদের কাছে তা চাইতে পারেন।

- যদি আপনাকে আদালত অবমাননা বা জরিমানা না দেওয়ার জন্য কারাগারে পাঠানো হয়ে থাকে তাহলে আপনাকে ভোট দেবার অনুমতি দেওয়া হতে পারে। **প্রিজন সার্ভিস অর্ডার** 4650-এ আরো তথ্য আছে। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

সিভিল কয়েদি হওয়ার অন্য বিষয়গুলি

কারাগার থেকে তাড়াতাড়ি মুক্তি পাওয়া

- আদালত যে কারণে আপনাকে কারাগারে পাঠিয়েছে তার উপরে নির্ভর করে আপনার সেখান থেকে তাড়াতাড়ি মুক্তি পাওয়া সম্ভব নাও হতে পারে। আপনাকে হয়ত আপনার দণ্ডের সময়ের সমস্তটা কাটাতে হতে পারে। কারাগারের কর্মীরা এটি দেখবেন এবং আপনাকে কবে ছেড়ে দেওয়া হবে সেই তারিখটি গণনা করবেন।

- সাহায্যের জন্য আপনার পার্সোনাল অফিসার, অন্য কোন প্রিজন অফিসার বা প্রোবেশন কর্মীকে বলুন যদি
    - আপনি নিশ্চিত না হন যে আপনাকে তাড়াতাড়ি ছেড়ে দেওয়া যাবে কি না
    - আপনি মনে করেন যে আপনাকে তাড়াতাড়ি ছেড়ে দেওয়া উচিত কিন্তু কারাগারের কর্মীরা আপনাকে কবে ছেড়ে দেওয়া হবে সেই তারিখটি গণনা করার সময় এটি বিবেচনা করেন নি।

আদালত অবমাননার জন্য কারাগারে পাঠানোর বিরুদ্ধে আপিল করা

- আদালত অবমাননার অর্থ হল আদালত আপনাকে যা করতে নির্দেশ দিয়েছিল তা না করা। আদালত অবমাননার জন্য আপনাকে কারাগারে পাঠানো হলে আপনি আপিল করতে পারেন। আপিল করার অর্থ হল, আদালত যে সিদ্ধান্তটি নিয়েছে তার পরিবর্তন করার চেষ্টা করা।

- এটি কিভাবে করতে হবে তার বিষয়ে কিছু পরামর্শ নিতে আপনাকে প্রথমে কারাগারের লিগাল সার্ভিসেস অফিসারের সাথে কথা বলা উচিত।

যদি ম্যাজিস্ট্রেটের আদালত থেকে আপনাকে কারাগারে পাঠানো হয়ে থাকে

- ক্রাউন আদালতে আপিল করুন বা আপনার দণ্ডাদেশ বেরোনোর 21 দিনের মধ্যে আপনার সলিসিটারকে তা করতে বলুন।

যদি ক্রাউন আদালত বা কাউন্টি আদালত থেকে আপনাকে কারাগারে পাঠানো হয়ে থাকে

- সিভিল আপিল আদালতে আপিল করুন বা আপনার দণ্ডাদেশ বেরোনোর 14 দিনের মধ্যে আপনার সলিসিটারকে তা করতে বলুন। যে ঠিকানায় এই আপিল পাঠাতে হবে তা হল

  সিভিল আপিল কোর্ট
  রয়াল কোর্টস অফ জাস্টিস
  স্ট্র্যাণ্ড
  লণ্ডন
  WC2N 2LL

অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তিরা

অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তিরা। অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তিরা হলেন সেই ব্যক্তিরা যাঁরা মূলত: ইউনাইটেড কিংডম (ইংল্যাণ্ড, স্কটল্যাণ্ড, ওয়েলস ও নর্দার্ন আয়ারল্যাণ্ড)-এর নন।

সাধারণত এঁদের অভিবাসনের নিয়ম ভাঙ্গার জন্য বা কোন অপরাধ করার জন্য কারাগারে আটকে রাখা হয়েছে এবং তাঁরা এটি জানবার জন্য অপেক্ষা করছেন যে তাঁরা যে দেশ থেকে এসেছেন সেখানে তাঁদের ফেরত পাঠিয়ে দেওয়া (ডিপোর্ট) হবে কি না।

অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তিদের কী হবে তা বর্ডার অ্যাণ্ড ইমিগ্রেশন এজেন্সী স্থির করে।

বর্ডার অ্যাণ্ড ইমিগ্রেশন এজেন্সী। এই গ্রুপ (গোষ্ঠী) সরকারের জন্য কাজ করেন। কারা এই দেশে কাজ করতে, বেড়াতে বা বাস করতে আসবেন তার ব্যবস্থাপনা করার দায়িত্বে এঁরা আছেন।

- ✓ আপনি কারাগারে থাকাকালীন বর্ডার এণ্ড ইমিগ্রেশন এজেন্সী আপনার সাথে যোগাযোগ করবে। আপনার কারাবাসের সময়ে আপনার মামলাটি তারাই দেখবে।

- ✓ কারাগারে থাকাকালীন দণ্ডিত না-হওয়া কয়েদিদের মত একই নিয়ম আপনাকে মেনে চলতে হবে। **আরো তথ্যের জন্য পৃষ্ঠা 7-এ ফিরে যান।**

- ✓ আপনার কোন উকিলের থেকে সাহায্য নেওয়ার চেষ্টা করা উচিত। যদি আপনার কোন উকিল না থাকে তাহলে ইমিগ্রেশন অ্যাডভাইসারি সার্ভিস নামে একটি গোষ্ঠীর সাথে যোগাযোগ করুন। **তাদের ঠিকানা পৃষ্ঠা 20-তে দেওয়া আছে।** আপনি আপনার উকিলকে ফোন করতে, লিখতে বা ফ্যাক্স করতে পারবেন। অথবা তাঁরা এসে আপনার সাথে দেখা করতে পারবেন।

- ✓ আপনার সাহায্যের প্রয়োজন হলে এঁদের বলুন
    - o যদি আপনার কোন পার্সোনাল অফিসার থাকে তাহলে তাঁকে
    - o আপনার উইং-এর দায়িত্বে থাকা প্রিজন অফিসারকে
    - o কারাগারের রেস ইকুয়ালিটি অফিসার নামে পরিচিত ব্যক্তিকে
    - o অথবা আপনার কারাগারে যদি ফরেন ন্যাশনাল প্রিজনার কোঅর্ডিনেটর নামে কেউ থাকেন, তাঁকে।

- ✓ আপনার প্রয়োজন হলে আপনি একজন দোভাষী পেতে পারেন। (ইনি আপনাকে ইংরেজিতে বলা কথা বুঝতে সাহায্য করতে পারেন)।

- ✓ আরো তথ্যের জন্য আপনি **ইনফর্মেশন অ্যাণ্ড অ্যাডভাইস ফর ফরেন ন্যাশনাল প্রিজনারস** নামে একটি প্রচারপত্র দেখতে পারেন। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

যে কর্মীরা আপনার মামলাটি দেখছেন তাঁদের সাথে যোগাযোগ রাখা

- বর্ডার অ্যাণ্ড ইমিগ্রেশন এজেন্সীর লোকেরা আপনি কারাগারে থাকাকালীন আপনার সাথে যোগাযোগ রাখবেন। তাঁরা আপনার কারাগারে আগে থেকেই কাজ করতে পারেন, বা আপনার কারাগার পরিদর্শন করতে আসতে পারেন।
- প্রয়োজন হলে আপনিও তাদের সাথে যোগাযোগ করতে পারেন।
- আপনি আপনার উকিল, প্রিজন অফিসার, বা গভর্নরকে যে অভিবাসন কর্মীরা আপনার মামলাটি দেখছেন তাঁদের সাথে যোগাযোগ করতে বলতে পারেন।

জামিনে মুক্তি দেওয়ার অনুরোধ করা (তার অর্থ হল যখন আপনার মামলাটি বিবেচনাধীন তখন কারাগার থেকে ছেড়ে দেওয়ার অনুরোধ করা)

- আপনি আপনাকে কারাগার থেকে জামিনে মুক্তি দিতে অনুরোধ করতে পারেন।
- জামিনে ছেড়ে দেওয়ার জন্য অনুরোধ করতে আপনাকে **IS 91R** নামে একটি ফর্ম ভর্তি করতে হবে।
- ফর্মটিতে জামিনে ছেড়ে দেওয়ার বিষয়ে আরো তথ্য আছে।
- জামিনে মুক্তি দেবার অনুরোধ করার বিষয়ে আপনি এখান থেকে সাহায্য পেতে পারেন
    - ইমিগ্রেশন অ্যাডভাইসারি সার্ভিস নামে একটি গোষ্ঠীর থেকে (**তাদের বিশদ বিবরণ পৃষ্ঠা 20-তে আছে**)
    - যে অভিবাসন কর্মীরা আপনার কারাগারে কাজ করেন বা পরিদর্শনে আসেন
    - আপনার উকিল বা কারাগারের কর্মী। এঁরা যে সব অভিবাসন কর্মী আপনার মামলাটি দেখাশোনা করছেন তাঁদের সাথে যোগাযোগ করতে পারেন।

যাঁরা আপনাকে সাহায্য করতে পারেন

1. দি ইমিগ্রেশন অ্যাডভাইসারি সার্ভিস

এই ব্যক্তিরা অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তিদের বিনামূল্যে পরামর্শ ও সাহায্য দেন৷

ইমিগ্রেশন অ্যাডভাইসারি সার্ভিস
3য় ফ্লোর
কাউন্টি হাউস
190 গ্রেট ডোভার স্ট্রিট
লণ্ডন
SE1 4YB

সাধারণ টেলিফোন 0207 967 1200

হেল্পলাইন 0207 967 1299 (কাজের সময়কালে)

ফ্যাক্স 0207 403 5875

2. দি ডিটেনশন অ্যাডভাইস সার্ভিস

এই ব্যক্তিরা অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তি হলে আপনি যা যা করতে পারেন সে বিষয়ে আপনাকে পরামর্শ দিতে ও সাহায্য করতে পারেন৷ তাঁরা আপনাকে কোন উকিলের সাথে দেখা করতে সাহায্য করতে পারেন এবং তাঁরা প্রায়ই কারাগার পরিদর্শন করতে যান৷

ডিটেনশন অ্যাডভাইস সার্ভিস
ইউনিট বি3
62 বিচউড রোড
লণ্ডন
E8 3DY

টেলিফোন 0207 254 6888

ফ্যাক্স 020 7254 8555

3. দি জয়েন্ট কাউন্সিল ফর দি ওয়েলফেয়ার অফ ইমিগ্রান্টস (JCWI)

এই ব্যক্তিরা অভিবাসনবিষয়ক কারণে আটক ব্যক্তিদের সাহায্য, তথ্য ও পরামর্শ দেন।

জয়েন্ট কাউন্সিল ফর দি ওয়েলফেয়ার অফ ইমিগ্রান্টস
115 ওল্ড স্ট্রিট
লণ্ডন
EC1 9RT

টেলিফোন 020 7251 8706

ফ্যাক্স 0207 251 8707

যদি আপনি একজন অ্যাসাইলাম সীকার (শরণার্থী) হন (এমন কেউ যিনি নিজের দেশ ছেড়েছেন কারণ তাঁর সেখানে বিপদ আছে এবং এখন ইউনাইটেড কিংডমে থাকতে পারবেন কি না তা জানতে অপেক্ষা করছেন) তাহলে এঁদের সঙ্গে যোগাযোগ করুন

4. রেফিউজি লিগাল সেন্টার (RLC)

রেফিউজি লিগাল সেন্টার
নেলসন হাউস
153-157 কমার্শিয়াল রোড
লণ্ডন
E1 2DA

টেলিফোন 0207 780 3200

ফ্যাক্স 0207 780 3201

আপনি এই নম্বরগুলিতেও ফোন করতে পারেন

1. **ফ্রীফোন** নম্বর 0800 592 3333 বা 0207 780 3333
আপনি এই নম্বরটি সোমবার, বুধবার ও শুক্রবার সকাল 10.30 থেকে দুপুর 1.00 এবং দুপুর 2.00 থেকে বিকাল 4.30 পর্যন্ত কল করতে পারেন।

2. **অবস্থায়** যদি আপনাকে কারোর সাথে খুব তাড়াতাড়ি কথা বলতে হয় তাহলে আপনি 07831 598057–তে কল করতে পারেন। আপনি সপ্তাহের কাজের দিনে বা সপ্তাহান্তে এই নম্বরে বিকাল 6.00 থেকে সকাল ৪.00 পর্যন্ত কল করতে পারেন।

আপনার দণ্ডিত হওয়া বা দণ্ডের বিরুদ্ধে আপিল করা

প্রয়োজনীয় শব্দমালা

আপনার দণ্ডিত হওয়া। যখন আদালত সিদ্ধান্ত নিয়েছে যে আপনি অপরাধে দোষী।

আপনার দণ্ডাদেশ। আপনি দোষী হওয়ার জন্য আপনার যা ঘটবে বলে আদালত নির্দেশ দেয়।

আপিল করা। এটি হল যখন আপনি আপনার দণ্ডিত হওয়া বা দণ্ডের বিষয়ে আদালতের দেওয়া সিদ্ধান্ত পরিবর্তন করার চেষ্টা করেন।

আপনি আপনার **দণ্ডিত হওয়া** বা **দণ্ডের** বিষয়ে বা দুটি বিষয়েই আপনাকে দেওয়া সিদ্ধান্তের পরিবর্তন করার চেষ্টা করতে পারেন। এটিকে আপিল বলা হয়। আপনি আপিল করতে পারেন কি না এবং কী বিষয়ে আপিল করতে পারেন সে সম্পর্কে আপনার উকিল আপনাকে পরামর্শ দিতে পারবেন।

মুখ্য বিষয়গুলি

- আপিল করার সিদ্ধান্ত নেওয়ার আগে ভাল করে ভেবে দেখুন। কোন কোন সময়ে যদি আপিল সফল না হয় তাহলে আদালত সিদ্ধান্ত নিতে পারে যে আপিল করার জন্য যে সময়টা আপনি কারাগারে ছিলেন তা আপনার শাস্তির সময়ের অতিরিক্ত।

- নিশ্চিত করুন যে কোন সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি আপনার উকিল বা ব্যারিস্টারের কাছ থেকে পরামর্শ নিয়েছেন।

- আপনাকে হয়ত আপনার আপিল তাড়াতাড়ি করতে হবে। সাধারণত: আপনার দোষী সাব্যস্ত হওয়া বা দণ্ডাদেশের ২৪ দিনের মধ্যে তা করতে হয়। আপনি এর পরেও হয়ত আপিল করতে পারেন। আপনার উকিলের কাছে পরামর্শ নিন।

- কারাগারে লিগাল সার্ভিসেস অফিসার নামে পরিচিত ব্যক্তির সাথে কথা বলতে চান। কিভাবে আপিল করতে হবে তা তিনি ব্যাখ্যা করতে পারবেন।

- যদি আপনি আপিল করেন তাহলে তার খরচের জন্য আপনার অর্থ থাকতে হবে। লিগাল সার্ভিসেস ফাণ্ডিং থেকে কিছু অর্থ পাবার জন্য আপনি আবেদন করতে পারেন।

কিভাবে আপিল করতে হয়

1. আপনার উকিল বা ব্যারিস্টারের সাথে কথা বলুন। যদি আপনি আদালতে তাঁদের সাথে কথা বলার সুযোগ না পেয়ে থাকেন তাহলে পরিদর্শনের সময়ে আপনি তাঁদের দেখা করতে পারবেন কি না তা গভর্নরকে জিজ্ঞাসা করুন ।

আপনার উকিল বা ব্যারিস্টার

- আপনাকে জানাবেন যে আপনার আপিলটি সফল হওয়ার কিরকম সম্ভাবনা আছে
- আপনি আপিল করার সিদ্ধান্ত নিলে ফর্মগুলি ভর্তি করবেন।

2. লিগাল সার্ভিসেস অফিসারের সাথে কথা বলতে চান। কিভাবে আপিল করতে হবে তা তিনি ব্যাখ্যা করতে পারবেন।

3. লিগাল সার্ভিসেস অফিসার আপনাকে জানাতে পারবেন যে কি কি ফর্ম ভর্তি করতে হবে ও সেগুলি কোথায় পাঠাতে হবে। তা নির্ভর করছে আপনার বিচার ক্রাউন আদালত বা ম্যাজিস্ট্রেটের আদালত কোথায় হয়েছিল।

4. যদি আপনার আপিল করার বিষয়টি এগোতে পারে তাহলে আপিলের খরচের জন্য অর্থ পাওয়ার জন্য আবেদন করুন । যে অর্থের জন্য আপনাকে আবেদন করতে হবে তাকে বলে **লিগাল সার্ভিসেস ফাণ্ডিং ।**

আপনার বিচারের জন্য লিগাল সার্ভিসেস ফাণ্ডিং (অর্থ) দেওয়া হয়ে থাকলে তা আপিল করার বিষয়ে পরামর্শ পাওয়ার জন্য ব্যবহার করা যেতে পারে, কিন্তু বাস্তবিক আপিল করার জন্য নয়।

কি করতে হবে যদি...

আপনি আপনার উকিল বা ব্যারিস্টার পরিবর্তন করতে চান ।

- যে উকিল বা ব্যারিস্টার আপনার বর্তমানে আছেন তাঁর সাথে কথা বলুন ও জানান কেন আপনি পরিবর্তন করতে চাইছেন। তাঁরা বিচারককে জিজ্ঞাসা করবেন যে এই পরিবর্তন আপনার পক্ষে ঠিক কি না ।
- অথবা আপনি খরচ করে আপনার বেছে নেওয়া উকিল বা আইনী পরামর্শদাতার সাথে সাক্ষাত করতে পারেন।

যখন আপনার আপিল হওয়ার অপেক্ষা করছেন তখন আপনি জামিনে মুক্তি পেতে চান ?

- আপনাকে **ফর্ম বি** নামে একটি ফর্ম ভরতে হবে এবং তা কোর্ট অফ আপিলের কাছে পাঠাতে হবে।

যদি আপনার আপিল প্রত্যাখ্যান করা হয় (এর অর্থ সফল না হয়)

- আপনি **ক্রিমিনাল কেসেস রিভিউ কমিশন** নামে এক গোষ্ঠীকে আপনার মামলাটি দেখতে বলতে পারেন।

- তাঁরা সেই মামলাগুলি দেখেন যেখানে তাঁরা মনে করেন যে কোন ভুল করা হয়েছে। তাঁরা কোর্ট অফ আপিল-এর কাছে মামলাটি ফেরত পাঠাতে পারেন।

- আপনার নতুন **তথ্য বা প্রমাণ** দেখানোর প্রয়োজন হবে যা বিচার বা আপিলে আলোচনা হয় নি।

- আপনি কোন উকিলের সাহায্য পেতে পারেন।

- লিগাল সার্ভিসেস ফাণ্ডিং থেকে আপনি সাহায্য পেতে পারেন। এই অর্থ চাইতে আপনাকে **CDS1** বা **CDS2** নামে ফর্মগুলি ভর্তি করতে হবে।

- **প্রিজন সার্ভিস অর্ডার** 4400, অধ্যায় ৩-এ আরো তথ্য আছে। লাইব্রেরিতে আপনি এর একটি কপি পেতে পারেন।

আপনাকে কতদিন কারাগারে থাকতে হবে তার হিসাব করা

মুখ্য বিষয়গুলি

- আপনার দণ্ড কত সময়ের হবে সেই সিদ্ধান্ত আদালত নেয়, কিন্তু তা বিশদভাবে স্থির করতে সময় লাগে।
- আপনি যখন কারাগারে যাবেন তখন আপনাকে জানানো হবে যে কোন তারিখে আপনার শাস্তির মেয়াদ শেষ হবে। যদি এমন হয় যে আপনার দণ্ডের মেয়াদ কী হবে সেই তথ্য জানার জন্য কারাগার অপেক্ষা করছে তাহলে আপনাকে বলা হতে পারে যে এই তথ্য **প্রভিশনাল (সম্ভাব্য)**। তার অর্থ হল যে এর পরিবর্তন হতে পারে।
- যদি আপনি কারাগারের নিয়ম ভাঙ্গেন তাহলে আপনাকে কারাগারে অতিরিক্ত কিছুদিন কাটাতে হতে পারে। এটি আপনার দণ্ডের অংশ নয়। **আরো তথ্যের জন্য পৃষ্ঠা ৪৩ দেখুন।**
- যদি আপনার কারাগারের দণ্ডাদেশ বুঝতে সাহায্যের প্রয়োজন হয় তাহলে আপনার পার্সোনাল অফিসার বা কারাগারের কর্মীদের আর কোন সদস্যের সাথে কথা বলুন।

আপনার দণ্ডাদেশ বিষয়ে – এতে জনগণের নিরাপত্তাজনিত কয়েদিদের যাবজ্জীবন বা অনির্দিষ্ট দণ্ডাদেশ অন্তর্ভুক্ত নয়

আপনার দণ্ড ঠিক করা হয় এগুলি বিবেচনা করে

- যে তারিখে আপনার দণ্ডাদেশ দেওয়া হয়েছে
- আপনার দণ্ডের মেয়াদ কত দীর্ঘ
- যে তারিখে আপনি অপরাধ করেছিলেন
- যদি অপরাধটি 4 এপ্রিল 2005-এর আগে করা হয়ে থাকে তাহলে এই অপরাধের জন্য আপনি যদি কোন সময় হাজতে আটক থেকে থাকেন, তাহলে কারাগার পরিষেবা সেটিকেওন হিসাবে অন্তর্ভুক্ত করবেন
- যদি অপরাধটি 4 এপ্রিল 2005-এর পরে করা হয়ে থাকে আদালত আপনার আটক থাকার সময়টি বিবেচনা না করতে কারাগারকে বলতে পারে।

আপনাকে কতদিন কারাগারে থাকতে হবে?

এটি আপনি যে তারিখে অপরাধ করেছিলেন তার উপর নির্ভর করে। **পৃষ্ঠা** 145-এর শুরুতে এই বিষয়ে আরো তথ্য আছে।

12 মাস পর্যন্ত প্রাপ্তবয়স্কদের শাস্তির মেয়াদ

- আপনার মুক্তি নিঃশর্ত হবে (AUR)।
- অফেণ্ডার ম্যানেজার আপনার তত্ত্বাবধান করবেন **না**।
- আপনাকে নোটিশ নামক তথ্য দেওয়া হবে। এই নোটিশে তার অর্থ ব্যাখ্যা করা থাকবে এবং তা আপনাকে স্বাক্ষর করতে হবে।

4 এপ্রিল 2005-এর আগে করা অপরাধগুলি

যদি আপনার দণ্ডের মেয়াদ 1 বছরের কম হয়

- আপনাকে কোন লাইসেন্স ছাড়া অর্ধেক সময়ের পর মুক্ত করে দেওয়া হবে (যদি না আপনি 21 বছরের কম বয়সী হন)।

যদি আপনার দণ্ডের মেয়াদ 1 বছরের বেশি হয় কিন্তু 4 বছরের কম হয়

- আপনি **অর্ধেক** দণ্ডের মেয়াদ খাটার পর আপনাকে ছেড়ে দেওয়া হবে৷
- যখন তা হবে আপনাকে প্রোবেশনের থেকে কারোর সাথে দেখা করতে হবে যিনি নিশ্চিত করবেন যে আপনি আপনার লাইসেন্সের নিয়মগুলি মেনে চলছেন৷
- আপনার দণ্ডের মেয়াদের তিন-চতুর্থাংশ সময় কাটানোর পর আপনার লাইসেন্স শেষ হবে৷

যদি আপনার দণ্ডের মেয়াদ 4 বছর বা তার বেশি হয়

- আপনি **অর্ধেক** দণ্ডের মেয়াদ খাটার পর প্যারোলের জন্য আবেদন করতে পারেন৷
- যদি আপনি প্যারোল পান, প্রোবেশন পরিষেবা থেকে কোন একজন আপনার মুক্তির পর আপনার খোঁজ নিতে থাকবেন৷
- যদি আপনি প্যারোল **না** পান, আপনি আবার প্রতি বছর আবেদন করতে পারবেন যদি না আপনার কারাগারের মেয়াদ 13 মাসের কম বাকি থাকে৷
- যদি আপনি একেবারেই প্যারোল **না** পান, আপনার দণ্ডের মেয়াদ শেষ হওয়ার আগে আপনাকে ছেড়ে দেওয়া হবে৷ যে তারিখে আপনাকে ছেড়ে দেওয়া হবে তাকে বলা হয় নন-প্যারোল তারিখ৷ আপনাকে প্রোবেশনের থেকে কারোর সাথে দেখা করতে হবে যিনি আপনার সাথে কাজ করবেন এবং মিলিয়ে নেবেন যে আপনি আপনার লাইসেন্সের নিয়মগুলি মেনে চলছেন৷

4 এপ্রিল 2005-এর আগে করা অপরাধগুলির বিষয়ে আরো কিছু

সম্প্রসারিত দণ্ডাদেশ

- কোন হিংসাত্মক বা যৌন অপরাধের জন্য আপনি সম্প্রসারিত দণ্ডাদেশ পেতে পারেন।
- কোন তারিখে আপনি কারাগার ছেড়ে যাবেন তা নির্ভর করবে কতদিন বিচারক আপনাকে কারাগারে থাকতে বলেন তার উপর
- যদি আপনি প্যারোল পান তাহলে আপনাকে লাইসেন্সে বেশি সময় কাটাতে হতে পারে ।
- যদি আপনি প্যারোল **না** পান তাহলে আপনি আবার প্রতি বছর আবেদন করতে পারবেন ।
- অন্যথায়, আপনার দণ্ডের মেয়াদ শেষ হওয়ার আগে আপনাকে ছেড়ে দেওয়া হবে । যে তারিখে আপনাকে ছেড়ে দেওয়া হবে তাকে বলা হয় নন-প্যারোল তারিখ । আপনাকে প্রোবেশনের থেকে কারোর সাথে দেখা করতে হবে যিনি আপনার সাথে কাজ করবেন এবং নজর রাখবেন যে আপনি আপনার লাইসেন্সের নিয়মগুলি মেনে চলছেন ।

4 এপ্রিল 2005 তারিখে বা তার পরে করা অপরাধগুলি

যদি আপনার দণ্ডের মেয়াদ 1 বছরের বেশি হয় কিন্তু চার বছরের কম হয়

- আপনি দণ্ডের **অর্ধেক** মেয়াদ খাটার পর আপনাকে ছেড়ে দেওয়া হবে ।
- আপনাকে প্রোবেশনের থেকে কারোর সাথে দেখা করতে হবে যিনি আপনার সাথে কাজ করবেন এবং নজর রাখবেন যে আপনি আপনার লাইসেন্সের নিয়মগুলি মেনে চলছেন।

সম্প্রসারিত দণ্ডাদেশ

- আপনি যদি সম্প্রসারিত দণ্ডাদেশ পেয়ে থাকেন তাহলে আপনাকে প্যারোল পাবার জন্য **আবেদন** করতে হবে । আপনার দণ্ডাদেশের কারাগারের অংশটি কাটিয়ে দিয়ে আপনি তা করতে পারেন ।
- যদি আপনি প্যারোল **না** পান তাহলে আপনি আবার প্রতি বছর আবেদন করতে পারবেন।

1 **অক্টোবর** 1992-**এর আগে করা অপরাধগুলি**

- আপনি দণ্ডের **এক-তৃতীয়াংশ** মেয়াদ খাটার পর প্যারোলের জন্য আবেদন করতে পারেন৷

- যদি আপনি প্যারোল পান তাহলে আপনাকে মেয়াদের দুই-তৃতীয়াংশ সময় পর্যন্ত কারাগার থেকে লাইসেন্সে মুক্তি দেওয়া হবে৷

- যদি আপনি প্যারোল **না** পান তাহলে আপনি আবার প্রতি বছর আবেদন করে যেতে পারবেন যদি না আপনার কারাগারের মেয়াদ 13 মাসের কম বাকি থাকে। যদি আপনি কখনই প্যারোল **না** পান তাহলে আপনার দণ্ডের দুই-তৃতীয়াংশ মেয়াদ খাটার পরে আপনাকে কারাগার থেকে ছেড়ে দেওয়া হবে৷।

- যদি আপনি প্যারোলে থাকার সময় আর একটি অপরাধ করেন তাহলে আপনাকে আপনার দণ্ডাদেশের বাকি অংশ পালন করতে হবে।

পৃষ্ঠা 141 থেকে শুরু করে লাইসেন্স বা প্যারোলে মুক্তি পাবার বিষয়ে আরো তথ্য আছে৷

যেসব বিষয় সমাধান করতে হবে – কারাগারের বাইরে

1. সন্তান বা অন্যান্য ব্যক্তিরা যাদের আপনি দেখাশোনা করেন

- যদি আপনার সন্তান বা দেখাশোনা করা অন্য ব্যক্তিদের পরিচর্যার ব্যবস্থা করতে হয় তাহলে অবিলম্বে কারাগারের কর্মীদের জানান৷

চাইল্ড সাপোর্ট এজেন্সির অর্থ মেটানো

- যদি আপনি শিশুদের রক্ষণাবেক্ষণের জন্য অর্থ পরিশোধ করে থাকেন তাহলে আপনাকে চাইল্ড সাপোর্ট এজেন্সিকে জানাতে হবে যে আপনি কারাগারে আছেন৷
- আপনাকে 1 সপ্তাহের মধ্যে চাইল্ড সাপোর্ট এজেন্সিকে এ সম্পর্কে জানাতে হবে। কোন পরিবর্তনের এক সপ্তাহের মধ্যে তাদের না জানানো ফৌজদারী অপরাধ।
- আপনি যদি কোথাও কাজ না করেন বা কোন বেনিফিট না পান তাহলের আপনাকে শিশুদের রক্ষণাবেক্ষণের জন্য অর্থ পরিশোধ **করতে হবে না।**

আপনি তাদের কাছে এই ঠিকানায় লিখতে পারেন

চাইল্ড সাপোর্ট এজেন্সি
ন্যাশনাল হেল্পলাইন
পি.ও বক্স 55
ব্রিয়ারলি হিল
DY5 1YL

টেলিফোন 08457 138 924

2. বেনিফিটসমূহ

যদি আপনি আগের থেকেই বেনিফিট পেয়ে থাকেন

- যত তাড়াতাড়ি সম্ভব আপনার স্থানীয় জবসেন্টার প্লাস অফিসে কথা বলে বিষয়গুলির ব্যবস্থা করুন। অথবা আপনার পরিবারের কাউকে তা করতে বলুন৷

- যদি আপনি 21 দিনের বেশি সময় ধরে কারাগারে থাকেন তাহলে আপনি সাধারণত: শুধু যে বেনিফিটটি পাবেন তা হল হাউসিং বেনিফিট।

- যদি আপনি মনে করেন যে জবসেন্টার প্লাস অফিসের থেকে আপনি বেনিফিটের কিছু টাকা পান তাহলে আপনি তাদের সেই অর্থ কারাগারে পাঠাতে লিখুন। **গভর্নর-এর** কাছে তাদের একটি **গিরো** পাঠাতে হবে। তারপর সেই তারপর সেই অর্থ আপনার প্রাইভেট ক্যাশ (ব্যক্তিগত নগদ অর্থ)-এ জমা করা হবে।

- আপনি যদি এই অর্থ না পান তাহলে মুক্তি পাবার পর আপনি তা দাবি করতে পারেন।

যদি আপনি কাজ করতেন

- যখন আপনি কারাগারে বা হাজতে থাকবেন তখন্ আপনার পরিবারকে বেনিফিট দাবি করতে হতে পারে।

- তাঁদের যত তাড়াতাড়ি সম্ভব স্থানীয় জবসেন্টার প্লাস অফিসে যোগাযোগ করা উচিত।

নিশ্চিত করুন যে আপনি যত তাড়াতাড়ি সম্ভব স্থানীয় জবসেন্টার প্লাস অফিসে যোগাযোগ করবেন। তা না হলে এখন বা আপনার মুক্তি পাওয়ার পরে আপনার বা আপনার পরিবারের বেনিফিটস পেতে অসুবিধা হতে পারে।

3. ভাড়া বা মর্টগেজ পরিশোধ

- ভাড়া বা মর্টগেজ পরিশোধে সাহায্য পেতে আপনি বা আপনার পরিবার **হাউসিং বেনিফিট** পেতে পারেন৷

- এই বিষয়ে পরামর্শ নেওয়া ভাল কারণ এটি নির্ভর করবে আপনি দণ্ডিত হয়েছেন, না আটক আছেন তার উপর।

ভাড়া মেটানো – কী করতে হবে

আপনার বাড়ির মালিক বা এস্টেট এজেন্টকে লিখে জানান যে আপনি কারাগারে আছেন। তাদের বলুন যে

- কত সময় ধরে আপনি কারাগারে থাকবেন।
- কেউ আপনার বাড়ির রক্ষণাবেক্ষণ করবেন কি না।

যদি আপনি আপনার পরিবারের সাথে থাকতেন আর ইতিমধ্যেই হাউসিং বেনিফিটস পাচ্ছিলেন তাহলে

- হাউসিং বেনিফিট অফিসে লিখে জানান যে আপনি কারাগারে আছেন।
- আপনি কারাগারে থাকাকালীন যাতে আপনার বেনিফিট তাঁরা পান সেজন্য আপনার পরিবারকেও তাদের লিখতে হবে।

যদি আপনার পরিবারের হাউসিং বেনিফিট পাওয়া শুরু করার প্রয়োজন হয়

- হাউসিং বেনিফিট অফিসে লিখে তাঁদের হাউসিং বেনিফিটস দাবী করতে হবে।

যদি আপনি একা থাকতেন

- 52 সপ্তাহ পর্যন্ত হাজতে আটক থাকার সময়ে আপনি হাউসিং বেনিফিটস দাবী করতে পারেন। অথবা আপনি যদি কারাগারে 13 সপ্তাহের কম থাকেন৷
- যদি আপনি আগে থেকে হাউসিং বেনিফিটস না পান তাহলে তার দাবী করতে একটি ফর্মের জন্য আপনার স্থানীয় কাউন্সিলকে লিখুন।

যদি আপনি ভাড়া মেটাতে না পারেন এবং হাউসিং বেনিফিট পেতে না পারেন

- আপনি আপনার বাড়ির মালিক বা এস্টেট এজেন্টকে আপনার বাড়ি ফেরত দিতে চাইতে পারেন৷ তাদের অনেক টাকা বাকি রাখা বা ঋণের বোঝা নেওয়ার থেকে তা ভাল হতে পারে৷
- আপনার বাসামালিক আপনি কারাগার থেকে মুক্তি পেলে অন্য কোন জায়গায় বাসা খুঁজে দিতে রাজি হতে পারেন৷
- **প্রথমে NACRO বা সিটিজেনস অ্যাডভাইস ব্যুরো থেকে পরামর্শ নিন।**
- এই সংস্থাগুলি কারাগার পরিদর্শন করতে পারে। যদি তা না হয় তহলে NACRO–কে 0800 0181 259 নম্বরে ফোন করুন৷

আপনার মর্টগেজ

আপনি বা আপনার পরিবার আপনার মর্টগেজের **সুদের** অংশটি মেটানোর বিষয়ে সাহায্য পেতে পারেন যদি

- আপনি আপনার পরিবারের সাথে থাকতেন ও তাঁরা সেই বাসায় থেকে গিয়েছেন
- আপনি দণ্ডিত হন **নি** বা যদি আপনি আপনার দণ্ডের জন্য অপেক্ষা করছেন, এবং আপনি নিজে একটি বাসা ক্রয় করছেন৷

কী করতে হবে

✓ যদি আপনি বা আপনার পরিবার হাউসিং বেনিফিট দাবী করতে চান তাহলে আপনাদের স্থানীয় জবসেন্টার প্লাস অফিসে লিখতে হবে৷

✓ আপনি যে কারাগারে আছেন তা আপনার মর্টগেজ কোম্পানি, ব্যাংক বা বিল্ডিং সোসাইটিকে জানানো নিশ্চিত করুন৷

✓ কী ঘটবে বলে আপনি মনে করেন তা-ও তাদের জানান। উদাহরণস্বরূপ, যদি আপনি আপনার মর্টগেজের শুধু সুদের অংশটি মেটাতে চান। অথবা, যদি আপনি মনে করেন যে আপনি কোন অর্থই পরিশোধ করতে পারবেন না৷

✓ আপনি কিছুদিনের জন্য অর্থ পরিশোধ বন্ধ করতে পারেন। অথবা বাড়িটি বিক্রী করে দিতে পারেন।

কিভাবে হাউসিং বেনিফিটের অর্থ দেওয়া হবে

যদি আপনি আপনার বাসা 2 অক্টোবর 1995-এর আগে ক্রয় করে থাকেন

- সপ্তাহ 1 থেকে 8 — আপনি আবাসনের খরচের জন্য কোন অর্থ পাবেন **না**
- সপ্তাহ 9 থেকে 27 — আপনি অর্ধেক অর্থ পাবেন
- 27 সপ্তাহ থেকে — আপনি সমস্ত অর্থ পাবেন

যদি আপনি আপনার বাসা 2 অক্টোবর 1995-এর পরে ক্রয় করে থাকেন

- সপ্তাহ 1 থেকে 39 — আপনি আবাসনের খরচের জন্য কোন অর্থ পাবেন **না**
- 39 সপ্তাহ থেকে — আপনি সমস্ত অর্থ পাবেন

4. কাউন্সিল ট্যাক্স

কী করতে হবে

✓ আপনার স্থানীয় কাউন্সিলকে জানান যে আপনি কারাগারে আছেন। আপনাকে হয়ত কাউন্সিল ট্যাক্স দিতে হবে না, বা আপনার পরিবারকে কম কাউন্সিল ট্যাক্স দিতে হবে।

✓ আপনি কারাগারে গিয়ে প্রথমে কাউন্সিল ট্যাক্সের বিষয়ে একটি লিফলেট সংগ্রহ করবেন। এই লিফলেটের সাথে কিছু ফর্ম থাকবে। আপনার স্থানীয় কাউন্সিলকে যোগাযোগ করতে এই ফর্মগুলি ভরুন।

5. পানি (জল), গ্যাস, বিদ্যুত ও টেলিফোন ইত্যাদির বিলগুলি

আপনি কারাগারে থাকার সময়ে এগুলির বিষয়ে কোন সাহায্য পেতে **পারবেন না**।

কী করতে হবে

✓ আপনি কোম্পানিগুলিকে লিখে জানাতে পারেন যে আপনি কারাগারে আছেন। চিঠি লিখতে সাহায্যের জন্য কর্মীদের বলুন।

✓ আপনি তাদের প্রশ্ন করতে পারেন যে কারাগার থেকে বেরিয়ে আপনি বিলগুলি দিতে পারেন কি না। অথবা আপনি গ্যাস, পানি (জল) বা বিদ্যুতের লাইন কেটে দিতে বলতে পারেন।

6. ন্যাশনাল ইন্সিওরেন্স (জাতীয় বিমা)

যদি কারাগারে আসার আগে আপনি ন্যাশনাল ইন্সিওরেন্স-এর অর্থ মেটাতেন

- আপনি কারাগারে থাকাকালীন কোন ন্যাশনাল ইন্সিওরেন্স পাবেন **না**।
- কিন্তু আপনি যদি 16 থেকে 18 বছর বয়সী হন তাহলে আপনি ট্যাক্স ক্রেডিট পাবেন।
- 60 থেকে 65 বছর বয়সী হলেও আপনি ট্যাক্স ক্রেডিট পাবেন।

ন্যাশনাল ইন্সিওরেন্স-এর যে অর্থ আপনি পরিশোধ করেন

কারাগারে থাকার সময়

আপনি এই অর্থগুলি মেটাতে **পারেন না**

- ক্লাস 1 ও ক্লাস 2 নামে পরিচিত দুই ধরনের ন্যাশনাল ইন্সিওরেন্স (যা চাকরি করার বিষয়ে সংশ্লিষ্ট)।
- কিন্তু আপনি **হয়ত** তা মেটাতে পারেন যদি আপনি কারাগারে থাকার সময় কোন বিশেষ প্রকল্পে রত থাকেন। উদাহরণস্বরূপ, যেখানে আপনাকে কমিউনিটিতে কাজ করার জন্য অর্থ দেওয়া হয়।

আপনি অর্থ মেটাতে **পারেন**

- ক্লাস 3 নামে পরিচিত এক ধরনের ন্যাশনাল ইন্সিওরেন্স-এর।
- যদি আপনি এই ধরনের ন্যাশনাল ইন্সিওরেন্স-এর অর্থ মেটানো বন্ধ করেন তাহলে আপনার পেনশন বা বিরিভমেন্ট বেনিফিট (ঘনিষ্ট কারোর মৃত্যুর জন্য ভাতা) প্রভাবিত হতে পারে। এটি নির্ভর করে কিছু বিষয়ের উপর, যেমন আপনার দণ্ডের মেয়াদ কতদিনের ।

আরো জানতে আপনার জবসেন্টার প্লাস অফিসের সাথে যোগাযোগ করুন বা এখানে লিখুন

এইচ.এম রেভেনিউ এণ্ড কাস্টমস
ন্যাশনাল ইন্সিওরেন্স কন্ট্রিবিউশনস অফিস
বেন্টন পার্ক ভিউ
নিউকাসল অন টাইন
NE98 1ZZ

টেলিফোন 0845 302 1479

7. আপনার স্টেট পেনশন (সরকারী অবসর ভাতা)

আপনি আপনার স্টেট পেনশন **পাবেন না**

- যদি আপনার দণ্ডাদেশ হয়ে থাকে।
- যখন আপনি আটক আছেন বা বিচারের জন্য অপেক্ষা করছেন।

আপনি আপনার পেনশন **পাবেন**

- যদি আপনাকে দণ্ড না দিয়ে মুক্ত করে দেওয়া হয়। মুক্ত হওয়ার সময় আপনি অর্থটি পাবেন ।

যদি আপনার কোন পার্টনার (সহভাগী) থাকে

- আপনার সহভাগী আপনি কারাগারে থাকাকালীন তার পেনশন পাবেন যদি না তিনি **ডিপেণ্ডেন্ট'স ইনক্রিজ** (নির্ভরশীল ব্যক্তির জন্য বৃদ্ধি) বলে পরিচিত কিছু পান ।

- যদি তিনি নিশ্চিত না হন তাহলে তাঁকে তাঁর জবসেন্টার প্লাস অফিস থেকে যাচাই করে নেওয়া উচিত ।

আরো তথ্যের জন্য পেনশন সার্ভিসকে এই ঠিকানায় লিখুন

ন্যাশনাল পেনশন সেন্টার
টাইনভিউ পার্ক
হুইটলি রোড
বেন্টন
নিউকাসল অন টাইন
NE98 1BA

টেলিফোন 0845 6060 265

৪. ইনকাম ট্যাক্স (আয় কর)

- কারাগারে থাকার সময়ে ট্যাক্স-বিষয়ক কোন কিছুর বিষয়ে খবর রাখা গুরুত্বপূর্ণ।
- সিটিজেন'স অ্যাডভাইস ব্যুরোর মত কোন সংস্থা আপনার কারাগারে আসতে পারেন এবং আপনার ট্যাক্সের বিষয়গুলি সমাধানে সাহায্য করতে পারেন।

কী করতে হবে

✓ আপনার সাহায্য প্রয়োজন হলে ট্যাক্স অফিসে যোগাযোগ করতে হবে। যদি পারেন তাহলে তাদের আপনার ন্যাশনাল ইন্সিওরেন্স নম্বর ও রেফারেন্স নম্বর জানান।

✓ যদি আপনি নিশ্চিত না হন যে কোন ট্যাক্স অফিসটি আপনার তাহলে স্থানীয় ট্যাক্স অফিসকে জিজ্ঞাসা করুন।

✓ যদি আপনাকে ট্যাক্সের ফর্ম পাঠানো হয় তাহলে আপনাকে তা-ও ভরতে হবে। অথবা যদি আপনার এমন কোন আয় থাকে যা আপনার তাদের জানানো প্রয়োজন।

✓ কেউ আপনার হয়ে ট্যাক্স অফিসে যোগাযোগ করতে পারেন। কিন্তু আপনাকে লিখে জানাতে হবে যে তাঁরা তা করলে আপনার আপত্তি নেই।

✓ যদি আপনার নিয়োগকর্তা আপনি কারাগারে থাকার সময় আপনার চাকরি বজায় রাখেন তাহলে তাঁদের তা লিখে জানাতে বলুন যাতে আপনার কাছে তার একটি রেকর্ড (নজির) থাকে।

✓ আপনার **ব্যক্তিগত ভাতাগুলি** (পার্সোনাল অ্যালাওয়েন্স) আপনি কারাগারে থাকাকালীন পেতে পারেন। আপনার পার্সোনাল অ্যালাওয়েন্স হল যে পরিমাণ বাৎসরিক আয়ের উপর আপনাকে আয়কর দিতে হয় না।

আপনি আপনার ট্যাক্স অফিসে যোগাযোগ করে জানতে পারেন

✓ যদি আপনার স্ত্রী বা সহভাগী কাজ করেন তাহলে সন্তানদের ট্যাক্স ক্রেডিটের অর্থ তাঁদের নামে পরিবর্তন করতে পারবেন কি না।

✓ আপনার ব্যাংক বা বিল্ডিং সোসাইটির সুদ থেকে কাটা ট্যাক্স আপনি ফেরত পেতে পারেন কি না। এর জন্য আপনাকে একটি ফর্ম ভরতে হবে।

✓ যদি আপনার চাকরি বজায় থাকে ও P45 নামে একটি দলিল থাকে তাহলে আপনি 5 এপ্রিল থেকে জমা দেওয়া আয়কর ফেরত পেতে পারেন কি না।

✓ অথবা আপনি যদি নিজের জন্য কাজ করেন (স্বনিয়োজিত) তাহলে আপনি পরামর্শ পেতে পারেন কি না।

কারাগারে যে সব ব্যক্তিরা আপনাকে সাহায্য করতে পারেন

- কারাগারে থাকাকালীন কোন সমস্যা হলে আপনি কারাগারের কর্মীদের সাথে কথা বলতে পারেন৷
- কিন্তু অন্যান্য ব্যক্তিরাও আছেন যাঁরা আপনাকে সাহায্য করতে পারেন৷
- কারাগারের কর্মীদের আপনাকে বলা উচিত যে আর কে কে আপনাকে সাহায্য করতে পারেন৷ আপনার কারাগারের উইং-এও এবিষয়ে তথ্য থাকবে ।

এখানে সেই সব ব্যক্তিদের একটি তালিকা দেওয়া হল যাঁরা কারাগারে আপনাকে সাহায্য করতে পারেন৷ পরের পাতায় আরো ব্যক্তিদের নাম আছে ।

যদি আপনি খুব বিপর্যস্ত বা চিন্তিত বোধ করেন বা কারোর সাথে কথা বলতে চান তাহলে আপনি এঁর সাথে কথা বলতে পারেন

✓ **একজন ধর্মযাজক বা ধর্মের বিষয়ে জড়িত আর কেউ ।**

✓ **দি সামারিটানস ।** যদি আপনি সামারিটান-দের সাথে কথা বলতে চান তাহলে কারাগারের কর্মীদের জানান । যদি আপনি খুব বিপর্যস্ত বা চিন্তিত বোধ করেন বা যদি মনে হয় আপনি নিজের ক্ষতি করতে বা আত্মহত্যা করতে পারেন তাহলে সামারিটান-রা হলেন সেই ব্যক্তিরা যাঁদের সাথে আপনি একান্তে কথা বলতে পারেন । সামারিটানরা দিনে 24 ঘন্টা প্রস্তুত থাকেন । আপনি একজন সামারিটানের সাথে সাক্ষাত করতে পারেন, ফোনে একান্তে কথা বলতে পারেন (আপনাকে স্থানীয় নম্বরটি চেয়ে নিতে হবে) বা তাঁদের এখানে লিখতে পারেন

ক্রিস
পিও বক্স 9090
স্টার্লিং
FK8 2SA

✓ **অন্য কয়েদিরা যাঁদের লিসনার (শ্রোতা) বা বাডি (বন্ধু) বলা হয় ।** আপনি খুব বিপর্যস্ত বা চিন্তিত বোধ করলে আপনার কথা শুনতে ও সহায়তা করতে লিসনার নামের **কয়েদিদের** প্রশিক্ষণ দেওয়া হয়েছে । আপনি তাঁদের যা বলবেন তাঁরা কারাগারের কর্মীদের তা বলবেন **না,** যদি না তাঁরা চিন্তিত হন যে আপনি নিজের বা অন্য কারোর ক্ষতি করবেন । কোন কোন কারাগারে বাডি-রাও থাকেন৷ যদি আপনার কারোর সাথে কথা বলতে ইচ্ছা হয় তাহলে বাডি কয়েদিরা আপনার কথা শোনার জন্য উপস্থিত আছেন । প্রয়োজন বোধ করলে আপনি তাঁদের যা বলেছেন তা বাডিরা কারাগারের কর্মীদের বলতে পারেন ।

✓ **কারাগারের আধিকারিক দর্শনার্থী ।** যেসব কয়েদিদের সাথে বেশি সংখ্যায় লোকজন দেখা করতে আসেন না বা যাঁরা কারাগারের বাইরের কারো সাথে কথা বলতে চান এই স্থানীয় ব্যক্তিরা তাঁদের সাথে দেখা করেন । অফিসিয়াল প্রিজন ভিজিট লিএজঁ অফিসার নামে পরিচিত কারোর সাথে কথা বলে এই ব্যক্তিদের কোন একজনকে আপনার সাথে দেখা করাতে বলুন৷

যদি কেউ আপনাকে আঘাত করছেন বা আপনার সাথে হিংসাত্মক ব্যবহার করছেন

✓ অবিলম্বে কারাগারের যে কোন কর্মীর সাথে কথা বলুন। তাঁরা আপনাকে সাহায্য করতে পারেন।

অন্যান্য বিষয়ে সাহায্য

✓ **অন্যান্য সংস্থারাও** কয়েদিদের সাহায্য করে। উদাহরণস্বরূপ, অর্থ ও আইনের মত বিষয়ে সিটিজেনস অ্যাডভাইস ব্যুরো সাহায্য করে। অ্যালকহলিক বা নারকোটিক অ্যানোনিমাস ড্রাগ বা মদ্যপানজনিত সমস্যায় সাহায্য করে। আপনার কারাগারে কি কি সাহায্য পেতে পারেন তা আপনার কারাগারের কর্মীদের জিজ্ঞাসা করুন।

দি নিউ ব্রিজ ফাউণ্ডেশন। এই সংস্থাটি কারাগারে এসে লোকজনের সাথে দেখা করে ও কারাগারের পরের জীবনের জন্য তৈরী করে কয়েদিদের সাহায্য করে। যদি আপনি চান যে একজন স্বেচ্ছাসেবী আপনার কারাগারে এসে দেখা করে কারাগারের কর্মীদের সাথে কথা বলুন। অথবা আপনি এখানে নিউ ব্রিজ ফাউণ্ডেশনের সাথে দেখা করতে পারেন

দি নিউ ব্রিজ ফাউণ্ডেশন
27এ মেডওয়ে স্ট্রিট
লণ্ডন
SW1P 2BD
টেলিফোন 0207 976 0779

কারাগারের সমস্যা নিয়ে কার সাথে কথা বলবেন

✓ **দি ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড।** কারাগারগুলি যাতে সুষ্ঠু ও ন্যায়নিষ্ঠভাবে পরিচালনা করা হয় তা নিশ্চিত করতে এই ব্যক্তিরা কারাগারগুলি পরীক্ষা করেন। তাঁরা কারাগারের হয়ে কাজ করেন না। তাঁরা স্থানীয় এলাকার স্বেচ্ছাসেবী মানুষ। যদি আপনি কারাগারের জীবন সম্বন্ধে কোন অভিযোগ করেন তাহলে আপনি ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড-এর কারোর সাথে দেখা করতে পারেন বা পরের বার কারাগারে এলে সমগ্র বোর্ডের সাথেও দেখা করতে পারেন। আপনাকে এর জন্য একটি বিশেষ ফর্ম ভরতে হবে। ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড-এর ফর্ম ও লিফলেট আপনার কারাগারের উইং-এ পাবেন।

✓ এছাড়া আপনি কারাগারের কর্মী বা প্রিজনস অ্যাণ্ড প্রোবেশন ওমবাডসম্যান নামে পরিচিত একজনের কাছে অভিযোগ করতে পারেন। **আরো তথ্যের জন্য পৃষ্ঠা 115 দেখুন।**

পরিবার ও বন্ধুদের সাথে সম্পর্ক রাখা

আপনার পরিবার ও বন্ধুদের সাথে যোগাযোগ রাখতে আপনাকে সাহায্য করা আপনার কারাগারের পক্ষে আবশ্যিক।

কারাগারে আপনি

- চিঠি লিখতে পারেন
- টেলিফোন কল করতে পারেন
- লোকজনদের আপনাকে দেখতে আসতে বলতে পারেন।

যদি আপনার এই বিষয়গুলিতে সাহায্যের প্রয়োজন হয় তাহলে কোন প্রিজন অফিসারকে আপনাকে সাহায্য করতে বলুন।

পরিবার ও বন্ধুদের দেখা করতে আসা

মুখ্য বিষয়গুলি (পরের পাতায় আরো কয়েকটি আছে)

✓ সাধারণত: কারাগারে কেউ আপনার সাথে দেখা করতে আসার আগে **ভিজিটিং অর্ডার** নামে একটি ফর্ম আপনাকে ভরতে হবে (যদি না আপনি দোষী সাব্যস্ত না-হওয়া বা সিভিল কয়েদী হন)

✓ কারাগারের একটি হলঘরে দেখা করা যায়। কারাগারের কর্মীরা আপনাকে বলে দেবেন যে হলের কোন অংশে আপনাকে বসতে হবে।

✓ কারাগারের গভর্নর দেখতে আসার দিন ও সময় ঠিক করেন। সাধারণত: জনসাধারণের ছুটির দিনে দেখা করতে আসা **যায় না** (যেমন ক্রিসমাস ও ইস্টার)।

✓ কারাগারের কর্মীদের সিদ্ধান্ত নিতে হবে যে শিশুরা আপনার সাথে দেখা করতে আসতে পারে কি না। এটি নির্ভর করে আপনি কী অপরাধ করেছেন এবং কারাগারে আপনার আচরণের মত বিষয়গুলির উপর। যদি তা হয়, কারাগারের কর্মীরা আপনাকে তা জানাবেন।

- ✓ সাধারণত প্রত্যেকবার 3 জন পর্যন্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি যেকোন সংখ্যক শিশুদের সাথে নিয়ে আপনাকে দেখতে আসতে পারেন। তাঁদের সকলকে একই সময়ে দেখা করতে হবে। এবং তাঁদের সকলের নাম ভিজিটিং অর্ডারে থাকতে হবে।

- ✓ শিশুদের সাথে সাধারণত: কোন প্রাপ্তবয়স্ককে থাকতে হবে। কিন্তু কোন কোন কারাগারে 16 থেকে 18 বছর বয়সীরা নিজেরাই দেখা করতে পারে।

- ✓ কে আপনার সাথে দেখা করতে আসছেন তা জেনে নেওয়া ভাল। যদি একই দিনে আরেকটি দল দেখা করতে আসেন তাহলে তাঁদের হয়ত আপনার সাথে দেখা করতে দেওয়া হবে না।

- ✓ **প্রিজন সার্ভিস অর্ডার** 4410-এ আরো তথ্য আছে। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

দণ্ডিত না হওয়া আর সিভিল কয়েদিদের জন্য

- ✓ সাধারণত: আপনার সাথে দেখা করার সময় ঠিক করতে আপনার পরিবারকে কারাগারে ফোন করতে হবে। আপনাকে ভিজিটিং অর্ডারের ফর্ম ভরতে হবে **না**।

- ✓ আপনাকে সাধারণত: সপ্তাহে 3 বার দেখতে আসার অনুমতি দেওয়া হবে। প্রতিবার 1 ঘন্টা করে দেখা করা যাবে। এই সাক্ষাতগুলির 1টি সপ্তাহান্তে হতে পারে।

- ✓ কোন কোন কারাগারে আরো অল্প সময়ের জন্য আরো বেশি দিন সাক্ষাত করা যায়।

- ✓ আপনি আরো বেশি সংখ্যক বা বেশি সময়ের জন্য সাক্ষাতের সুযোগ পেতে পারেন। এগুলি নির্ভর করে আপনার আচরণ ও কোন কারাগারে আপনি আছেন সেরকম কিছু বিষয়ের উপর। **পৃষ্ঠা 64 দেখুন।**

- ✓ সাধারণত: 3 জন পর্যন্ত প্রাপ্তবয়স্ক যে কোন সংখ্যক শিশুদের সাথে নিয়ে প্রত্যেকবার আসতে পারেন।
- ✓
- ✓ যদি টিনেজাররা (13 থেকে 19 বছর বয়সী) আপনাকে দেখতে আসেন তাহলে কারাগারের কর্মীদের থেকে যাচাই করে নিন। কোন কোন কারাগার টিনেজারদের প্রাপ্তবয়স্ক হিসাবে বিবেচনা করে।

- ✓ আপনি হয়ত আপনার পরিবারের কারোর সাথে গিয়ে দেখা করতে পারেন যিনি অন্য কোন কারাগারে দোষী সাব্যস্ত না হওয়া কয়েদি হিসাবে আছেন। এটা সাধারণত: তখনই ঘটতে পারে যদি আপনাদের দুজনেরই আরো এক মাসের জন্য কারাগারে থাকার সম্ভাবনা আছে। যদি আপনি তা করতে চান তাহলে কারাগারের কর্মীদের বলুন।

অন্য সব কয়েদিদের জন্য

✓ প্রতি 4 সপ্তাহে কমপক্ষে 2 বার আপনার সাথে কেউ দেখা করতে আসতে পারেন। এই সাক্ষাত 1 ঘন্টা পর্যন্ত করা যাবে।
✓ কারাগারে আপনার আচরণের ভিত্তিতে আপনি আরো কয়েকবার সাক্ষাতের সুযোগ পেতে পারেন। **পৃষ্ঠা 64 দেখুন।**

দেখতে আসার ব্যবস্থা কি করে করতে হবে

1. **ভিজিটিং অর্ডার** নামে একটি ফর্ম ভর্তি করুন। প্রতি 2 সপ্তাহে আপনি একটি নতুন ভিজিটিং অর্ডার পাবেন।

2. যে যে ব্যক্তি আপনার সাথে দেখা করবেন বলে আপনি চান তাঁদের সকলের নাম ফর্মটিতে লিখুন। কোন শিশু আপনার সাথে দেখা করে বলে আপনার ইচ্ছা থাকলে তাদেরও নাম লিখুন।

3. ভিজিটিং অর্ডারটি আপনি যাঁদের সাথে দেখা করতে চান তাঁদের একজনের কাছে পাঠান।

4. আপনার সাথে দেখা করতে আসার সময় সেই ব্যক্তিদের ফর্মটি সাথে আনতে হবে।

সাক্ষাত করতে আসা সম্বন্ধে অন্য তথ্য

অন্য কোন কারাগারে আপনার পরিবারের কারোর সাথে দেখা করা

আপনার কোন ঘনিষ্ঠ আত্মীয় অন্য কোন কারাগারে থাকলে আপনি তার সাথে দেখা করতে যেতে পারেন। এটি করতে আপনি 3 মাসে একবার আবেদন করতে পারেন। আপনাদের দুজনকেই এর জন্য ভিজিটিং অর্ডার ফর্মটি ভর্তি করতে হবে। এই সাক্ষাতটির ব্যবস্থা করতে একটু বেশি সময় লাগতে পারে।

যদি আপনাকে এমন কোন কারাগারে পাঠানো হয় যেটি আপনার পরিবার বা বন্ধুদের থেকে অনেক দূরে

- আপনি সাক্ষাতগুলি জমাতে পারেন। আপনি কমপক্ষে ৩টি থেকে ২৫টি পর্যন্ত সাক্ষাত জমাতে পারেন। এগুলিকে বলে **জমানো সাক্ষাত**। কারাগারের কর্মীদের জিজ্ঞাসা করুন যে কিভাবে তা করতে হয়। কারণ কারাগারগুলিতে ভীড় বেশি বলে আপনাকে হয়ত এর জন্য অপেক্ষা করতে হতে পারে।

- আপনি গভর্নরকে জিজ্ঞাসা করতে পারেন যে আপনাকে আপনার পরিবার বা বন্ধুদের কাছাকাছি কোন কারাগারে **অল্প সময়ের** জন্য পাঠানো যায় কি না। আপনার বর্তমান কারাগারে ৬ মাস থাকার পর আপনি তা করতে পারেন।

- আপনার নতুন কারাগারের দেখা করার নিয়মগুলি আপনাকে মেনে চলতে হবে।

- আপনি আপনার পুরানো কারাগারে ফিরে এলে আবার সাক্ষাতগুলি জমাতে শুরু করতে পারেন।

দর্শনার্থীদের যাতায়াতের খরচের বিষয়ে সাহায্য

- যে ব্যক্তিরা আপনার সাথে দেখা করতে আসেন তাঁরা আপনাকে দেখতে আসার জন্য তাঁদের যাতায়াতের খরচ মেটানোর জন্য কিছু অর্থ সাহায্য পেতে পারেন। তাঁদের ১৪ বছর বয়সী হতে হবে, কোন বেনিফিটের দাবীদার হতে হবে এবং এই সাহায্য পেতে হলে তাঁদের আয় খুব বেশি হওয়া চলবে না।

- অ্যাসিস্টেড প্রিজন ভিজিটস স্কিম (সহায়তাপূর্ণ কারাগার সাক্ষাত প্রকল্প) নামে একটি প্রকল্প থেকে অর্থ পেতে তাঁদের একটি **ফর্ম** ভর্তি করতে হবে।

- **প্রিজন সার্ভিস অর্ডার** ৪৪০৫-এ এবং যে হলঘরে লোকজন আপনার সাথে দেখা করতে আসেন সেখানে এ' বিষয়ে আরো তথ্য আছে।

- আপনি কারাগার, ভিজিটর সেন্টার (দর্শনার্থী কেন্দ্র) এবং যে হলে ব্যক্তিরা আপনার সাথে দেখা করতে আসে সেখান থেকে বা অ্যাসিস্টেড প্রিজন ভিজিটস ইউনিটকে এই ঠিকানায় যোগাযোগ করে ফর্মটি পেতে পারেন:

  অ্যাসিস্টেড প্রিজন ভিজিটস ইউনিট
  পিও বক্স 2152
  বার্মিংহ্যাম
  B15 1SD

টেলিফোন 0845 300 1423 বা 0121 626 2000
(সোমবার থেকে শুক্রবার 10:15-11:45 এবং 14:15-15:45)
টেক্সটফোন: 0845 304 0800 (একই সময়ে)

চিঠি

মুখ্য বিষয়গুলি

- ✓ **প্রিজন সার্ভিস অর্ডার** 4411 আপনাকে জানায় যে আপনার চিঠিতে কী কী থাকতে পারে আর কী কী পারে না। যদি আপনি প্রিজন অর্ডারটির অর্থ কী সে সম্পর্কে নিশ্চিত না হন তাহলে আপনার কারাগারের কর্মীদের আপনাকে সাহায্য করতে বলুন কারণ আপনার নিয়মগুলি জানা প্রয়োজন।
- ✓ আপনি প্রতি সপ্তাহে বিনামূল্যে একটি করে চিঠি পাঠাতে পারবেন। এর অর্থ হল আপনাকে ডাকটিকেটের জন্য অর্থ দিতে হবে না। যদি আপনি একজন দণ্ডিত না-হওয়া কয়েদি হন, আপনি প্রতি সপ্তাহে 2টি চিঠি বিনামূল্যে পাঠাতে পারবেন।
- ✓ আপনি কোন শাস্তি পেলেও এটির কোন পরিবর্তন হবে না।
- ✓ অন্য যে কোন চিঠি পাঠানোর জন্য আপনাকে অর্থ পরিশোধ করতে হবে।
- ✓ যদি কোন কারণে কোন ব্যক্তি আপনার সাথে দেখা করতে আসতে না পারেন তাহলে আপনি তাঁর আসার পরিবর্তে বিনামূল্যে একটি চিঠি পাঠাতে পারেন।
- ✓ আপনি বিনামূল্যে আরেকটি বাড়তি চিঠি পাঠাতে পারেন যদি কোন বিশেষ বা জরুরী বিষয়ে আপনার একটি চিঠি পাঠানোর প্রয়োজন থাকে। উদাহরণস্বরূপ, যদি আপনাকে দ্রুত অন্য কোন কারাগারে চলে যেতে হচ্ছে এবং আপনাকে আপনার পরিবারকে তা জানাতে হবে।
- ✓ আপনাকে যতগুলি ইচ্ছা চিঠি পাঠানো যেতে পারে।

আপনার চিঠিগুলি কতটা ব্যক্তিগত?

- যে চিঠিগুলি আপনি পাঠাবেন বা পাবেন সেগুলিকে কারাগারের কর্মীরা খুলে দেখবেন। অনুমতি নেই এমন কোন কিছু চিঠির সাথে পাঠানো হচ্ছে না তা' পরীক্ষা করার জন্য এটা করা হয়। এর ব্যতিক্রম হল উকিল, আদালত এবং আর কিছু গোপনীয় সংস্থাগুলি থেকে আসা চিঠি। **পৃষ্ঠা 47 দেখুন।**
- কারাগারের কর্মীরা বেশীরভাগ চিঠিই পড়েন **না**। তবে সময়ে সময়ে তাঁরা অল্প কিছু চিঠি পড়েন।

চিঠির বিষয়ে আরো কিছু

- কারাগারের কর্মীরা আপনার সবকটি চিঠি **হয়ত** পড়তে পারেন যদি
  - আপনি ক্যাটেগরি (শ্রেণী) A-র কয়েদি হন
  - তাঁরা মনে করেন যে আপনি কারাগার থেকে পালাতে পারেন
  - তাঁরা মনে করেন যে আপনি শিশুদের বিষয়ে বিপজ্জনক হতে পারেন (এটি অন্তত প্রত্যেক 6 মাসে যাচাই করা হবে)
  - আপনি কোন হয়রানির অপরাধের জন্য আটক আছেন বা দণ্ডিত হয়েছেন
  - আপনাকে নিয়ন্ত্রিত করার কোন আদেশ বা ইনজাংশন জারি করা হয়েছে (এটি প্রত্যেক 6 মাসে যাচাই করা হতে পারে)
  - যদি কোন কারণে কারাগারের কর্মীরা মনে করেন যে চিঠিতে যা আছে তা কারাগার বা অন্য কয়েদিদের পক্ষে বিপজ্জনক হতে পারে।

টেলিফোন কল

মুখ্য বিষয়গুলি (পরের পাতায় আরো কয়েকটি আছে)

✓ কারাগারের কর্মীরা আপনাকে একটি ফর্ম দেবেন যাতে যে যে টেলিফোন নম্বরে আপনি কল করতে চাইতে পারেন তার একটি তালিকা লিখবেন। উদাহরণস্বরূপ, আপনার পরিবারের সদস্য, বন্ধুরা ও আপনার উকিল।

✓ কারাগারের কর্মীদের তারপর বলতে হবে যে এই তালিকা ঠিক আছে কি না। কোন কোন ক্ষেত্রে, কারাগারের কর্মীরা আগে অনুমতি না দিলেও আপনি কোন একটি নম্বরে ফোন করতে পারবেন। এটা নির্ভর করবে আপনার নিরাপত্তা ক্যাটেগরি কী তার উপরে।

✓ কারাগারের কর্মীরা আপনাকে একটি নম্বর দেবেন যার নাম **PIN** নম্বর। **প্রত্যেকটি** ফোন কল করার আগে আপনাকে এই নম্বরটি টাইপ করতে হবে।

✓ আপনি ফোন ব্যবহারের কিছু নিয়ম মেনে চলার বিষয়ে রাজি আছেন বলে আপনাকে একটি কাগজ সই করতে হবে।

✓ আপনি আপনার কলের মূল্য **ক্রেডিট** কিনে মেটাতে পারেন৷ এখানেই আপনি প্রথমে অর্থ খরচ করবেন। প্রত্যেকবার আপনি কোন কল করলে কলের অর্থ এর থেকে কেটে নেওয়া হবে।

✓ আপনার ব্যক্তিগত নগদ বা রোজগার করা অর্থ দিয়ে কারাগারের দোকান থেকে ক্রেডিট কিনতে পারেন৷

✓ কারাগারে থাকাকালীন আপনার আচরণের উপর নির্ভর করে আপনি হয়ত আরো বেশি সময় টেলিফোন করতে পারবেন৷ **পৃষ্ঠা 64 দেখুন৷**

✓ যদি আপনার উকিলের সাথে জরুরীভাবে কথা বলার প্রয়োজন হয় তাহলে আপনি আরেকটি আরও একান্ত টেলিফোন ব্যবহার করতে চাইতে পারেন৷ অথবা যদি অন্য কোন গুরুত্বপূর্ণ কারণ থাকে৷ গভর্নর সিদ্ধান্ত নেবেন যে আপনি তা করতে পারবেন কি না।

প্রিজন সার্ভিস অর্ডার 4410**-এর অধ্যায়** 4**-এ** আরো তথ্য আছে। লাইব্রেরিতে এর একটি কপি আছে৷

যদি আপনার পরিবার বা বন্ধুরা অন্য কোন দেশে থাকেন

- অন্য কলগুলি করা ছাড়াও আপনি সাধারণত: তাঁদের কাছে বিনামূল্যে প্রতি মাসে 1টি কল করতে পারবেন। এই কলটি 5 মিনিট লম্বা হতে পারে। আপনি এই কল বিনামূল্যে করার সুযোগ পাবেন **না** যদি আপনার পরিবার বা বন্ধুরা গত মাসে আপনার সাথে দেখা করে গিয়েছেন৷
- বিদেশী নাগরিকেরা (যে ব্যক্তিদের ইউকে-র পাসপোর্ট নেই) বা যে কয়েদিদের অন্য কোন দেশে ঘনিষ্ঠ আত্মীয় আছে তাঁরা এই দেশের পরিবার বা বন্ধুদের সাথে কথা বলতে আরো বেশি ব্যক্তিগত অর্থ ব্যবহার করে পারেন৷

আপনার ফোন কলগুলি কতটা ব্যক্তিগত?

- যদি আপনি উচ্চ বা অসাধারণ ঝুঁকির ক্যাটেগরি A–র কয়েদি হন তাহলে কারাগারের কর্মীরা আপনার **সব** কল শুনতে পারেন৷
- যদি তা না হয়, কারাগারের কর্মীরা আপনার **কিছু** কল শুনতে পারেন৷
- কারাগারের কর্মীরা ফোন কলে দুদিকের লোকের কথাই শুনতে পারেন৷ তাঁরা ফোন কলটি টেপ করতেও পারেন যাতে তাঁদের কাছে একটি কপি থাকে।
- কারাগারের কর্মীরা আপনাকে জানাবেন যে এই কারাগারে তা ঘটতে পারে কি না৷
- যদি আপনি এমন কিছু বলেন যা আপনার বলার কথা নয়, কারাগারের কর্মীরা আপনার কল বন্ধ করে দিতে পারেন৷
- যদি আপনার কল আপনার উকিল বা কোন বেসরকারী সংস্থার সাথে হয় তাহলে কর্মীরা আপনার কল শুনবেন না।

বিবাহ (নিকাহ্) করা বা কোন সিভিল পার্টনারশিপে জড়িত হওয়া

- আপনি কারাগারে থাকাকালীন বিবাহ্ করতে বা কোন সিভিল পার্টনারশিপে জড়িত হবার জন্য আবেদন করতে পারেন।
- এটি করতে একটি অনুরোধ ফর্ম ভরুন বা গভর্নরকে লিখুন এবং তা পৌঁছে দিতে কারাগারের কর্মীদের দিন।
- গভর্নর সিদ্ধান্ত নেবেন যে এই বিবাহ্ বা সিভিল অনুষ্ঠান কারাগারে হবে, অথবা কাছাকাছি কোন রেজিস্টার অফিসে হবে।
- আপনাকে ও আপনার পার্টনারকে সমস্ত ব্যবস্থা করতে হবে । উদাহরণস্বরূপ, আপনাকে সঠিক ব্যক্তিদের যোগাযোগ করতে হবে, সঠিক ফর্মগুলি ভরতে হবে এবং সব খরচ মেটাতে হবে ।
- ধর্মযাজক আপনাকে কিছু কিছু ব্যবস্থা করতে সাহায্য করতে পারেন।

আরো তথ্য

- **প্রিজন সার্ভিস অর্ডার** 4450-এ বিবাহ্ করার বিষয়ে আরো তথ্য আছে।
- **প্রিজন সার্ভিস অর্ডার** 4445-এ সিভিল পার্টনার্শিপের বিষয়ে আরো তথ্য আছে।

আপনি এগুলির কপি লাইব্রেরিতে পেতে পারেন।

আপনার উকিল বা অন্য কোন অধিকারীর সাথে যোগাযোগ করা

আপনার উকিল, আদালত বা অন্য আধিকারিক সংস্থাকে উদ্দেশ্য করে লেখা বা তাদের থেকে আসা চিঠি

- কারাগারের কর্মীরা আইনী বিষয়ে আপনার উকিল বা আদালত থেকে কোন চিঠি খুলবেন **না** বা পড়বেন **না** যদিনা তা করার কোন যথেষ্ট ভাল কারণ থাকে। এটিকে বলে **রুল (নিয়ম)** 39-এর চিঠি।
- কারাগার, প্রোবেশন ওমবাডসম্যান, আপনার MP এবং সামারিটানদের মত কিছু অন্য সংস্থাগুলিকে লেখা চিঠিগুলির বিষয়েও নিয়ম একই। এই সংস্থাগুলির তালিকার জন্য **প্রিজন সার্ভিস অর্ডার** 4411 **দেখুন**। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

আপনার উকিল, আদালত বা অন্য আধিকারিক সংস্থাকে চিঠি পাঠাতে হলে

কারাগারের কর্মীদের পাঠানোর জন্য দেওয়ার আগে আপনার নাম ও ঠিকানা ছাড়াও এই তথ্যগুলিও আপনাকে খামের উপর লিখতে হবে

- আপনার উকিল বা আদালতের জন্য চিঠির খামের উপর **প্রিজন রুল** 39 লিখুন।
- অন্য আধিকারিক ব্যক্তিদের চিঠির খামের উপরে **কনফিডেনশিয়াল অ্যাক্সেস** (গোপনীয় প্রবেশাধিকার) কথাটি লিখুন।

আপনার উকিল, আদালত বা অন্য আধিকারিক সংস্থা থেকে চিঠি পেতে হলে

যে ব্যক্তি আপনাকে চিঠি পাঠাবেন তাঁকে খামের উপর এইগুলি লিখতে হবে

- আপনার নাম ও প্রিজন নম্বর
- তাঁদের ঠিকানা ও ফোন নম্বর
- প্রিজন রুল 39 বা **কনফিডেনশিয়াল অ্যাক্সেস**
- আপনার উকিলকে খামে স্বাক্ষর করতে হবে। তারপর তা অন্য একটি খামে ভরে তা গভর্নরের ঠিকানায় পাঠাতে হবে। বা তার বদলে তাঁরা চিঠিটির সাথে একটি ছোট নোট লিখতে পারেন।

- যদি চিঠিটি আইনবিষয়ক হয় তাহলে আপনাকে তার উপর শুধু **রুল** ৩৭ লিখতে হবে।
- যা পাঠানোর নিয়ম **নেই** এমন কিছু চিঠিতে ভরা আপনার উচিত নয়।
- কারাগারের কর্মীরা যদি মনে করেন যে কিছু গণ্ডগোল আছে তাহলে আপনার সামনেই চিঠিটি খুলতে পারেন। তাঁরা তা করতে পারেন কি না তা জানতে প্রথমে তাঁদের গভর্নর বা ডিরেক্টরের সাথে কথা বলতে হবে।

আপনার উকিল, আদালত বা অন্য আধিকারিক ব্যক্তির দেখা করতে আসা বা টেলিফোন কল

- আপনার উকিল ও অন্যান্য আধিকারিক পরিদর্শকরা (যেমন আইন সংক্রান্ত লোকজন) আপনার সাথে কারাগারে এসে দেখা করতে পারেন।
- যখন এই ব্যক্তিরা আপনার সাথে দেখা করবেন তখন একজন কারাগারের অফিসার উপস্থিত থাকবেন। কিন্তু তাঁরা দূরে থাকবেন যাতে আপনি কী বলছেন তা' তাঁরা শুনতে না পারেন।
- আপনার উকিল ও অন্যান্য আইনসংক্রান্ত ব্যক্তিদের আপনি যে ফোনকল করবেন তা কারাগারের কর্মীরা শুনবেন না।

সংবাদপত্র, টিভি, রেডিও বা ম্যাগাজিনগুলির সাথে যোগাযোগ

আপনি সংবাদপত্র, টিভি, রেডিও বা ম্যাগাজিনকে লিখতে পারেন যতক্ষণ না

- আপনি আপনার করা বা অন্য কারো করা কোন অপরাধের বিষয়ে লিখছেন (যদি না এটি অপরাধ, দণ্ডিত হওয়া, ন্যায়, দণ্ডাদেশ দেওয়া বা কারাগার পরিষেবার বিষয়ে গুরুতর কিছু জানায়)
- আপনি কোন কয়েদি বা কারাগারের কর্মীদের কোন সদস্যের বিষয়ে কিছু লেখেন, যেখানে পরিষ্কার বোঝা যায় তিনি কে। উদাহরণস্বরূপ, আপনি কোন ব্যক্তির নাম লিখতে পারবেন না।
- আপনি চিঠির বিষয়ে সকল নিয়মগুলি মেনে চলেন
- আপনি কিছু করার জন্য অর্থ **না** পান (যদি না আপনি দণ্ডিত না-হওয়া কয়েদি হন)।

আপনি সাংবাদিকদের থেকে কোন ফোন কল পেতে পারেন কি না, বা তাঁরা এসে আপনার সাথে দেখা করতে পারেন কি না, তা' আপনাকে গভর্নর বা ডিরেক্টরের থেকে জেনে নিতে হবে।

প্রিজন সার্ভিস অর্ডার 4470-এ আরো তথ্য আছে। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

কারাগার জীবন

আপনার প্রিজন (কারাগার) নম্বর

আপনি প্রথম কারাগারে এলে আপনাকে একটি প্রিজন নম্বর দেওয়া হবে। এই নম্বরটি আপনি অন্য কারাগারে স্থানান্তরিত হলেও একই থাকবে। এই নম্বরটি কর্মীদের আপনার ও আপনার জিনিসপত্রের হিসাব রাখতে সাহায্য করে।

আপনার কারাগারের রেকর্ড

আপনার কারাগারের রেকর্ড হল আপনার বিষয়ে **তথ্য** যা কারাগার কাগজে ও কম্পিউটারে সংরক্ষিত করে রাখে।

এতে অন্তর্গত হল এই ধরনের বিষয়, যেমন

- আপনার নাম ও জন্ম তারিখ
- যে সেলে আপনি আছেন
- আপনি কবে আদালতে গিয়েছিলেন সেই বিষয়ে তথ্য
- আপনি কারাগারে থাকাকালীন আপনার বিষয়ে কোন রায়
- আপনার স্বাস্থ্যের বিষয়ে তথ্য
- আপনার চাকরী বা শিক্ষার বিষয়ে তথ্য

প্রিজন সার্ভিস অর্ডার (কারাগার পরিষেবার অর্ডার=PSO) ও প্রিজন সার্ভিস ইনস্ট্রাকশনস (কারাগারের পরিষেবার নির্দেশাবলী=PSI)

এগুলি কারাগারের নিয়মাবলীর ও কিভাবে কারাগারগুলি কাজ করে তার ব্যাখ্যা করে।

আপনার বিষয়ে তথ্য দিয়ে কারাগারের কর্মীরা কী করেন

- ✓ কারাগারের কর্মীরা আপনার বিষয়ে তথ্য ব্যক্তিগত হিসাবে রাখবেন। কিন্তু তাদের এই তথ্য পুলিশ বা আদালতের মত অন্য কাউকে দেখাতে হতে পারে।

- ✓ কারাগারে আপনার বিষয়ে যে তথ্য রাখা হয় তা আপনি দেখতে চাইতে পারেন। যদি আপনি সকল তথ্য দেখতে চান আপনাকে £10 দিতে হবে।

- ✓ এটি করতে আপনাকে **সাবজেক্ট অ্যাক্সেস রিকোয়েস্ট ফর্ম** (বিষয় ব্যবহারের অনুরোধ ফর্ম) ভর্তি করতে হবে। কারাগারের একজন অফিসারের কাছে এটি চেয়ে নিন। বা তা চাইতে আপনি কাগজে একটি নোট লিখতে পারেন।

- ✓ ফর্ম বা নোটটি ডিসিপ্লিন/ কাস্টডি অফিস বা পার্সোনেল দপ্তরে পাঠান।

- ✓ আইন অনুযায়ী কারাগারকে কিছু কিছু তথ্য অবশ্যই আপনার থেকে গোপন রাখতে হবে। উদাহরণস্বরূপ, কোন অপরাধের রহস্যভেদ করার জন্য ব্যবহৃত হচ্ছে এমন কোন তথ্য তারা আপনাকে দিতে পারবে না।

- ✓ **প্রিজন সার্ভিস অর্ডার** ৭০২০-এ আরো তথ্য আছে। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

- ✓ কারাগার কিভাবে আপনার সম্পর্কে তথ্য ব্যবহার করেন তার বিষয়ে আরো জানতে আপনি এখানে লিখতে পারেন

দি ইনফরমেশন ম্যানেজার
এইচ এম প্রিসন সার্ভিস
রুম ৩৩০
বেল হাউস
জন আইস্লিপ স্ট্রিট
লণ্ডন
SW1P 4LH

আপনার নিরাপত্তা ক্যাটেগরি (শ্রেণী)

উপযোগী শব্দসমূহ

উন্মুক্ত কারাগার। এই কারাগারগুলিতে অন্য কারাগারগুলি থেকে ঘুরে বেড়ানোর ও কাজকর্ম করার জন্য আপনার বেশি স্বাধীনতা আছে। আপনার হয়ত নিজস্ব কুঠুরি এবং নিজের চাবি থাকবে। যদি কর্মীরা মনে করেন যে আপনাকে বিশ্বাস করা যায় তাহলে আপনাকে উন্মুক্ত কারাগারে রাখা হতে পারে।

বদ্ধ কারাগার। বেশিরভাগ কয়েদি বদ্ধ কারাগারে থাকেন। এই কারাগারগুলি নিরাপদ এবং এগুলি থেকে মানুষ পালাতে পারে না।

আপনার নিরাপত্তা ক্যাটেগরি (শ্রেণী) কী?

- আপনার নিরাপত্তার শ্রেণী নির্ভর করবে আপনি কি ধরনের কয়েদি তার উপরে।
- কারাগারের কর্মীরা কিছু কিছু জিনিস বিবেচনা করবেন, যেমন আপনি অন্যদের ক্ষতি করতে পারেন কি না, বা কারাগার থেকে পালাতে চেষ্টা করতে পারেন কি না, এবং আপনি পালালে কতটা বিপজ্জনক হবেন।
- কারাগারের কর্মীরা সিদ্ধান্ত নেবেন যে আপনি কোন নিরাপত্তা শ্রেণীতে থাকবেন ও তা' আপনাকে জানাবেন।
- যদি আপনি উচ্চ নিরাপত্তা শ্রেণীতে থাকেন (যেমন A বা B) আপনার কারাগারের অন্য কয়েদিদের তুলনায় কোন কিছু করার কম স্বাধীনতা থাকবে। কারাগারের কর্মীরা আপনার উপর বেশি খেয়াল রাখবেন যাতে আপনি পালাতে না পারেন।
- অল্পবয়সী অপরাধীদের প্রাপ্তবয়স্ক কয়েদিদের থেকে আলাদা নিরাপত্তার শ্রেণী থাকে।

প্রাপ্তবয়স্কদের নিরাপত্তার শ্রেণীগুলি এখানে দেওয়া হল

1. **শ্রেণী A** । এই ক্ষেত্রে কারাগারের কর্মীরা মনে করেন যে আপনি কারাগারের বাইরে কারোর ক্ষতি করবেন এবং/অথবা আপনি পালাতে চেষ্টা করবেন, তাই আপনার পালানো আটকাতে যা যা সম্ভব সবকিছু করা হবে ।

2. **শ্রেণী B** । এই ক্ষেত্রে কারাগারের কর্মীরা মনে করেন যে আপনার পালানোর কোন সুযোগ থাকা উচিত নয়।

3. **শ্রেণী C** । এই ক্ষেত্রে কারাগারের কর্মীরা মনে করেন যে আপনি পালাবেন না, কিন্তু আপনাকে এতটা বিশ্বাস করা যায় না যে আপনাকে উন্মুক্ত কারাগারে রাখা যেতে পারে ।

4. **শ্রেণী D** । এই ক্ষেত্রে কারাগারের কর্মীরা মনে করেন যে আপনাকে উন্মুক্ত কারাগারে রাখার মত বিশ্বাস করা যায়।

অল্পবয়স্ক অপরাধীদের নিরাপত্তার শ্রেণীগুলি এখানে দেওয়া হল

1. **শ্রেণী A** । এই ক্ষেত্রে কারাগারের কর্মীরা মনে করেন যে আপনি কারোর ক্ষতি করবেন এবং অল্পবয়স্ক অপরাধীদের সংস্থা আপনার পালানো থেকে আটকাতে যা যা সম্ভব সবকিছু করতে হবে ।

2. **নিয়ন্ত্রিত অবস্থা।** এই ক্ষেত্রে কারাগারের কর্মীরা মনে করেন যে আপনাকে অল্পবয়স্ক অপরাধীদের সংস্থার এক নিরাপদ অংশে রাখা উচিত ।

3. **বদ্ধ অবস্থা** এই ক্ষেত্রে কর্মীরা মনে করেন যে আপনাকে নিয়ে ঝুঁকি কম, কিন্তু এখনও আপনি কোন উন্মুক্ত অল্পবয়স্ক অপরাধীদের সংস্থায় রাখার মত নিরাপদ নন।

4. **উন্মুক্ত অবস্থা ।** এই ক্ষেত্রে কর্মীরা মনে করেন যে আপনাকে উন্মুক্ত অল্পবয়স্ক অপরাধীদের সংস্থায় রাখার মত বিশ্বাস করা যায়।

আপনার নিরাপত্তা শ্রেণী সঠিক কিনা তা নিশ্চিত করতে পরীক্ষা

কারাগারের কর্মীরা পরীক্ষা করতে থাকবেন যে আপনি সঠিক নিরাপত্তা শ্রেণীতে আছেন কি না। যদি তাঁরা মনে করেন যে আপনি আরো নিরাপদ বা বিপজ্জনক হয়ে উঠেছেন তাহলে তাঁরা আপনার নিরাপত্তা শ্রেণী বদলে দিতে পারেন।

- **যদি আপনার দণ্ডের মেয়াদ 1 থেকে 4 বছরের মধ্যে হয়**

কারাগারের কর্মীরা প্রতি 6 মাসে আপনার নিরাপত্তা শ্রেণীর দিকে নজর দেবেন।

- **যদি আপনার দণ্ডের মেয়াদ 4 বছরের বেশি হয়**

কারাগারের কর্মীরা প্রতি বছর আপনার নিরাপত্তা শ্রেণীর দিকে নজর দেবেন।

- **যদি আপনি শ্রেণী A কয়েদি হন**

প্রিজন সার্ভিস হেড অফিসে কাজ করা কর্মীরা আপনার নিরাপত্তা শ্রেণী পরীক্ষা করবেন ।

- **যদি আপনি শ্রেণী D কয়েদি হন**

কারাগারের কর্মীদের আপনার নিরাপত্তা শ্রেণীর দিকে নজর দেওয়ার বিশেষ প্রয়োজন হবে না।

আপনি যদি মনে করেন যে আপনার নিরাপত্তা শ্রেণী ভুল তাহলে সেই বিষয়ে আপনি অভিযোগ করতে পারেন। **পৃষ্ঠা** 110 দেখুন।

আপনার দণ্ড আপনি কোথায় ভোগ করবেন

- ✓ আপনাকে যে আদালত দণ্ডাদেশ দিয়েছে তার কাছাকাছি কোন স্থানীয় কারাগার বা অল্পবয়স্ক অপরাধীদের সংস্থায় আপনি আপনার দণ্ডভোগ শুরু করবেন।
- ✓ যদি আপনার দণ্ড অল্প সময়ের জন্য হয় তাহলে আপনি একই কারাগারে থাকতে পারেন।
- ✓ যদি আপনার দণ্ড আরো বেশি সময়ের জন্য হয় তাহলে আপনাকে কিছুদিনের মধ্যেই অন্য কারাগারে বদলি করা হবে।
- ✓ কোন কারাগারে আপনি থাকবেন তা আপনি বাছতে পারবেন **না** । কিন্তু আপনার পরিবার বা বন্ধুদের কাছাকাছি কোন কারাগারে যেতে চাইলে আপনি কারাগারের কর্মীদের অনুরোধ করতে পারেন। তারা **হয়ত** এবিষয়ে সাহায্য করতে পারেন।
- ✓ অন্য কারাগারে স্থানান্তরিত হতে অনেক সময় লাগতে পারে কারণ অনেক কয়েদি কারাগার বদল করতে চান।

বিভিন্ন ধরনের কারাগার

1. স্থানীয় কারাগার

- আপনি প্রথমে কোন স্থানীয় কারাগার বা অল্পবয়স্ক অপরাধীদের সংস্থায় যাবেন যদি আপনি
    - সবেমাত্র দণ্ডিত হয়েছেন বা আদালত থেকে দণ্ড পেয়েছেন
    - আটক আছেন ও আপনার বিচারের জন্য অপেক্ষা করছেন

- আপনাকে এখানে আপনার নিরাপত্তা শ্রেণী দেওয়া হবে ।

- আপনি হয় এখানে থাকবেন নয় অন্য কোন কারাগার বা অল্পবয়স্ক অপরাধীদের সংস্থায় চলে যাবেন। এটি নির্ভর করছে আপনার দণ্ডের মেয়াদ কতদিনের তার উপরে।

- স্থানীয় কারাগারগুলি সবকটিই বদ্ধ কারাগার।

2. প্রশিক্ষণ কারাগার

- আপনি স্থানীয় কারাগারে পৌঁছানোর পরেই আপনাকে প্রশিক্ষণ কারাগারে পাঠানো হতে পারে।

- প্রশিক্ষণ কারাগারগুলি বদ্ধ বা উন্মুক্ত কারাগার হতে পারে।

- এই কারাগারগুলিতে আপনি পাঠ্যক্রমে বা প্রশিক্ষণে অংশ নিতে পারেন যা মুক্ত হওয়ার পরে অন্য কোন অপরাধ করা থেকে আপনাকে বিরত থাকতে সাহায্য করতে পারে। আপনাকে প্রশিক্ষণ বা পাঠ্যক্রম পেতে কিছুদিন অপেক্ষা করতে হতে পারে।

3. অল্পবয়স্ক অপরাধীদের সংস্থা

- এগুলি হল 15 থেকে 21 বছর বয়সী অল্পবয়স্কদের জন্য যাঁরা কোন অপরাধ করেছেন।

4. কড়া নিরাপত্তার কারাগারগুলি

- এগুলি সেই কয়েদিদের জন্য যাঁদের শ্রেণী A বা B নিরাপত্তা ক্যাটেগরি।
- বর্তমানে ৪টি কড়া নিরাপত্তার কারাগার আছে। এগুলি হল: বেলমার্শ, ফ্রাঙ্কল্যাণ্ড, ফুল সাটন, লং লারটিন, ম্যানচেস্টার, ওয়েকফিল্ড, হোয়াইটমুর, ও উডহিল।

5. বেসরকারী সংস্থাগুলি পরিচালিত কারাগারগুলি (কখনও কখনও চুক্তিবদ্ধ কারাগার বলা হয়)

- এই কারাগারগুলি বেসরকারী সংস্থা দ্বারা পরিচালিত।
- অন্য কারাগারের কয়েদিদের মত এখানকার কয়েদিদের একই নিয়মাবলী মেনে চলতে হয় এবং একই অধিকার থাকে।
- কিছু কর্মচারী আলাদা হন। উদাহরণস্বরূপ, বেসরকারী কারাগারের পরিচালনা করেন ডিরেক্টর নামে পরিচিত একজন, গভর্নর নন।
- কারাগারের অফিসারদের প্রিজন কাস্টডি অফিসার বলা হয়।
- বর্তমানে 11টি বেসরকারী কারাগার আছে। এগুলি হল: অল্টকোর্স, অ্যাশফিল্ড, ব্রোঞ্জফিল্ড (মহিলা), ডনকাস্টার, ডাভগেট, ফরেস্ট ব্যাংক, লোডহ্যাম গ্রাঞ্জ, পার্ক, পিটারবরা (পুরুষ ও মহিলা), রাই হিল এবং দি ওল্ডস।

আপনি কারাগারে কী কী রাখতে পারেন বা পারেন না

মুখ্য বিষয়গুলি

✓ আপনি কারাগারে অনেক জিনিস রাখতে পারেন না।

✓ দর্শনার্থীরা যখন আপনার সঙ্গে দেখা করতে আসবেন তখন আপনি যা রাখতে পারবেন না এমন অতিরিক্ত জিনিস তাঁদের দিয়ে দেওয়া উচিত ।

✓ আপনার যদি কোন দামী বা মূল্যবান জিনিস থাকে, যদি তা আপনি বাইরে পাঠিয়ে দেন বা দর্শনার্থীদের দিয়ে দেন তাহলে ভালো হয় । এর কারণ হল যদি আপনার জিনিসগুলি হারিয়ে যায় বা ভেঙ্গে যায় তাহলে কারাগার কিছু করতে পারবে না, যদি না দেখানো যায় যে তা কারাগারের কর্মীরা তা' করেছেন।

✓ কোন কিছু যা আপনি রাখতে পারেন না বা দর্শনার্থীদের দিতে পারেন না সেগুলিকে একটি ব্যাগে মুখ আঁটা অবস্থায় কারাগারের ভিতরে বা বাইরে নিরাপদে রেখে দেওয়া হবে যতদিন না আপনি চলে যান।

✓ কারাগারের কর্মীরা আপনাকে একটি ফর্ম (সম্পত্তির কার্ড) স্বাক্ষর করতে বলবেন

- এটি জানাতে যে আপনি কারাগারে পৌছনোর পরে কারাগারের কর্মীরা ব্যাগগুলিতে কী রাখলেন এবং ব্যাগগুলি আপনার সামনেই বন্ধ করা হয়েছে
- এটি বলতে যে আপনি কোন নতুন কারাগারে পৌছানোর বা ছাড়ার সময় আপনার জিনিসগুলি সব ঠিক আছে
- এটি বলতে যে আপনাকে ছেড়ে দেওয়ার সময় আপনার জিনিসগুলি সব ঠিক আছে।

✓ যখন আপনাকে কারাগার থেকে ছেড়ে দেওয়া হবে তখন যে জিনিসগুলি আপনার রাখার অনুমতি নেই বা যা আইনবিরোধী সেগুলি ছাড়া আপনি আপনার সব জিনিস ফেরত পেয়ে যাবেন ।

আপনার কুঠুরিতে আপনি কি কি রাখতে পারেন

- 2টি বাক্সে ভরা যায় এমন জিনিস আপনি আপনার কুঠুরিতে রাখতে পারেন।

- এছাড়াও আপনার কাছে থাকতে পারে
  - একটি স্টিরিও বা এমন কিছু যেখানে গান বাজানো যেতে পারে
  - একটু বড় একটা কিছু। উদাহারণস্বরূপ, একটি গিটার
  - আইনবিষয়ক কাগজপত্র যা আপনার রাখার অনুমতি আছে।

- আপনার কাছে যে বেশি জিনিস বা ভুল জিনিস নেই তা' নিশ্চিত করতে কারাগারের কর্মীরা মাঝেমাঝেই পরীক্ষা করবেন।

- আপনাকে হয়ত আপনার সেল-এ কিছু কিছু জিনিস রাখার অধিকার অর্জন করতে হবে। **পৃষ্ঠা 64 দেখুন।**

আপনি কি কি জিনিস আপনার কুঠুরিতে রাখতে পারেন তার একটি তালিকা নীচে দেওয়া হল। এটি বিভিন্ন কারাগারে বিভিন্ন রকম হতে পারে এবং আপনার নিরাপত্তা শ্রেণী কী তার উপর নির্ভর করতে পারে।

আপনি এই জিনিসগুলি হয়ত রাখতে পারেন

✓ সংবাদপত্র, বই ও ম্যাগাজিন।

✓ গান বাজানোর কোন যন্ত্র এবং ইয়ারফোন।

✓ একটি কমপিউটার এবং তার আনুসঙ্গিক জিনিসগুলি যেমন, ফ্লপি ডিস্ক।

✓ ধূমপান করার জন্য যে যে জিনিসগুলি আপনার প্রয়োজন। **দণ্ডিত হওয়া** কয়েদিরা 62.5 গ্রাম পর্যন্ত খুচরো তামাক বা 40টি সিগারেট বা সিগার অথবা মিলে মিশে দুটিই রাখতে পারেন। **দণ্ডিত না হওয়া** কয়েদিরা 137.5 গ্রাম পর্যন্ত খুচরো তামাক বা 140টি সিগারেট রাখতে পারেন। আপনাকে শুধু আপনার কুঠুরিতেই ধূমপান করতে দেওয়া হবে।

✓ ইলেকট্রনিক গেম সহ খেলার জন্য কিছু গেম।

✓ কিছু শখের জিনিস। যেমন আর্ট বা লেখা।

আপনার সেলে আর যা যা জিনিস আপনি হয়ত রাখতে পারেন

- ✓ ।টি পাখির খাঁচা এবং একটি ছোট পাখি (যদি কারাগারটি খাঁচায় রাখা পাখির অনুমতি দেয় তবেই, বেশি কারাগার তা দেয় না)।
- ✓ একটি ঘড়ি ।
- ✓ একটি বৈদ্যুতিক দাড়ি কামানোর যন্ত্র ।
- ✓ যদি আপনার কোন প্রতিবন্ধকতা থাকে তাহলে যে জিনিসগুলি আপনাকে সাহায্য করতে পারে।
- ✓ ব্যাটারি ।
- ✓ প্রসাধন দ্রব্য (টুথব্রাশ, টুথপেস্ট ও ডিওডোরেন্ট ইত্যাদি)।
- ✓ একটি বিয়ের আংটি ও একটি সাধারণ আংটি ।
- ✓ একটি মেডেল বা লকেট ।
- ✓ বই এবং আপনার ধর্মবিষয়ক অন্যান্য বস্তু এবং ধূপ ।
- ✓ ফটো এবং ছবি (যদি তা কাঁচবিহীন ফ্রেমে রাখা হয়)।
- ✓ শুভেচ্ছার কার্ড (যেমন জন্মদিনের কার্ড, যদি সেগুলির উপর কোন প্যাডিং না থাকে)।
- ✓ একটি ক্যালেণ্ডার এবং একটি ডায়েরি বা পার্সোনাল অর্গানাইজার।
- ✓ একটি ঠিকানার বই ।
- ✓ ডাকটিকিট ও খাম ।
- ✓ ওষুধ (কর্মীরা জানাবেন তা আপনি আপনার কুঠুরিতে রাখতে পারবেন কি না)।

যদি আপনি অন্য কোন কারাগারে স্থানান্তরিত হন এবং আপনাকে সারারাত কোথাও থাকতে হয়

আপনি এই জিনিসগুলি নিতে পারবেন: সাবান, ফ্লানেল, চিরুনি, টুথব্রাশ, টুথপেস্ট, রেজর, দাড়ি কামানোর ক্রিম, শ্যাম্পু, ডিওডোরেন্ট, রেডিও, বই, কলম ও কাগজ৷ আপনার জিনিসপত্রের খেয়াল রাখা ও নিশ্চিত করা যে তা নিরাপদ আপনারই দায়িত্ব৷

আপনার অর্থ

মুখ্য বিষয়গুলি

- ✓ আপনার বন্ধু বা পরিবারের লোকজন কারাগারে থাকার সময় আপনাকে অর্থ পাঠাতে পারেন৷
- ✓ এই অর্থকে বলে **ব্যক্তিগত অর্থ**৷
- ✓ এই অর্থ আপনার কাছে সরাসরি আসতে পারে না । তা আপনার জন্য কারাগার রেখে দেবে৷
- ✓ আপনি অর্থ খরচ করতে পারেন৷ কতটা খরচ করতে পারবেন তা নির্ভর করবে কারাগারে আপনি কত ভালো আচরণ করেন তার উপর৷
- ✓ উদাহরণস্বরূপ, আপনি যদি একজন **দণ্ডিত কয়েদি** হন তাহলে আপনি প্রতি সপ্তাহে £4.00, £15.50 বা £25.50 খরচ করতে পারবেন৷ এটি নির্ভর করবে আপনি কত ভালো আচরণ করেন তার উপর ।
- ✓ আপনি যদি একজন **দণ্ডিত** কয়েদি না হন তাহলে আচরণের উপর নির্ভর করে আপনি প্রতি সপ্তাহে £22, £47.50 বা £51.00 খরচ করতে পারবেন ।
- ✓ এই বিষয়ে আরো তথ্য আপনি **পৃষ্ঠা 64-তে** জানতে পারেন৷
- ✓ গভর্নর কখনো কখনো আপনাকে আপনার নিজের অর্থ বেশি খরচ করতে দিতে পারেন৷ উদাহরণস্বরূপ, আপনার যদি কোন আইনসংক্রান্ত বিষয়ে অর্থ প্রয়োজন হয়, অথবা আপনি যদি একজন বিদেশী নাগরিক কয়েদী হন এবং অন্য দেশে আপনার পরিবারকে আপনার ফোন করার প্রয়োজন হয়৷

আপনার বন্ধু বা পরিবারের মানুষেরা কিভাবে আপনাকে কারাগারে অর্থ পাঠাতে পারেন

- তাঁদের চেক বা পোস্টাল অর্ডার পাঠানোর চেষ্টা করা উচিত। এগুলি **HM প্রিজন সার্ভিসের** নামে তৈরী করাতে হবে ও **গভর্নরকে** পাঠাতে হবে৷

- যদি তাঁদের নগদে অর্থ পাঠাতে হয় তাদের চিঠিটির সাথে একটি নোট লিখতে হবে যে খামে কতটা অর্থ আছে৷ ।

- এই জিনিসগুলি তাঁদের চিঠির খামের উপরে লিখতে হবে
  - তাঁদের নাম ও ঠিকানা
  - আপনার নাম ও প্রিজন নম্বর৷

কারাগারের দোকান – একে ক্যান্টিন-ও বলা হয়

- আপনি প্রতি সপ্তাহে এই দোকান থেকে তামাক, ব্যাটারি, মিষ্টি ও প্রসাধনের দ্রব্য (যেমন টুথব্রাশ ও ডিওডোরেন্ট) কিনতে পারেন ।

- প্রত্যেক কারাগারের দোকানে বিভিন্ন জিনিস থাকবে ।

- যদি আপনার বিশেষ কিছু লাগে, যেমন আপনার চুল বা ত্বকের জন্য কোন কিছু, তাহলে দোকানটিতে জিজ্ঞাসা করুন যে তাঁরা আপনার জন্য সেগুলি অর্ডার করতে পারবেন কি না ।

- আপনি হয়ত কিছু কিছু কোম্পানি থেকে ডাকযোগে জিনিসপত্র অর্ডার করতে পারবেন (যেক্ষেত্রে কোম্পানিগুলি আপনার কেনা দ্রব্য ডাকযোগে পাঠান ।) এই বিষয়ে আরো তথ্যের জন্য কারাগারের কর্মীদের কাছে খোঁজ নিন৷

ধূমপান

- কারাগারের বাড়িতে একমাত্র যে স্থানে আপনি ধূমপান করতে পারেন তা হল আপনার কুঠুরি৷ ধূমপান করার সময় আপনার কুঠুরির দরজা বন্ধ করে রাখতে হবে৷

- যদি আপনি ধূমপান না করেন তাহলে ধূমপান করেন এমন ব্যক্তির সাথে আপনাকে এক ঘরে থাকতে হবে না৷

ধূমপানের বিষয়ে আরো কিছু

আপনি একেবারেই ধূমপান করতে পারবেন না

- যেখানে 18 বছরের কম বয়সীরা আছেন
- কারাগার পরিষেবার গাড়িগুলিতে
- অনেকগুলি বিছানা থাকা কুঠুরিগুলিতে (ডর্মিটরি)
- কুঠুরিগুলি বা কারাগারের যেসব এলাকায় আপনি ধূমপান করতে পারবেন না বলে কারাগারের কর্মীরা বলেন ।

যদি আপনি ধূমপান করা বন্ধ করতে চান তাহলে স্বাস্থ্যসেবা কর্মীদের কাছে সাহায্য চান।

খাবার

- কারাগারের নানা রকম পরীক্ষা আছে যা নিশ্চিত করে যে তাঁরা আপনাকে যে খাবার দেন তা যথেষ্ট ভালো। উদাহরণস্বরূপ এমন খাবার যা স্বাস্থ্যকর, নিরাপদ এবং পরিমাণে যথেষ্ট ।

- যদি আপনার খাবারের বিষয়ে কোন সমস্যা থাকে তাহলে কেটারিং কর্মীদের (যাঁরা রান্নাঘরে কাজ করেন) সাথে কথা বলুন ।

- আহারের আগে আপনি একটি মেনু থেকে কি কি খাবার আপনি খেতে চান তা বেছে নিতে পারবেন ।

মেনুতে অন্তর্ভুক্ত হতে হবে

- মাছ বা মাংসের পদ
- নিরামিশ খাবার
- ভেগান খাবার
- হালাল খাবার
- কশার খাবার

- আপনি আলুর বদলে ভাত খেতে চাইতে পারেন।

- যদি আপনার স্বাস্থ্যের জন্য বিশেষ খাবার খেতে হয়, স্বাস্থ্যকর্মীরা সেই বিষয়ে আপনাকে জানাবেন।

- যখন কোন ধর্মীয় উৎসব বা অনুষ্ঠানের সময়ে কারাগার আপনার জন্য আপনার ধর্মবিশ্বাসের সঙ্গে জড়িত বিশেষ খাবারের ব্যবস্থা করতে পারেন।

পোশাক

দণ্ডিত হওয়া কয়েদি

- কারাগার থেকে আপনাকে যে পোশাক দেওয়া হবে আপনাকে সেই পোশাক পরতে হবে। এই পোশাকের অন্তর্গত হল অন্তর্বাস, মোজা ও জামা।

- কারাগারের কর্মীদের নিশ্চিত করতে হবে যে এই পোশাকগুলি পরিষ্কার, ভালো অবস্থায় আছে এবং তা আপনাকে গরম ও সুস্থ রাখে।

- কারাগারের কর্মীদের নিশ্চিত করতে হবে যে তাঁরা আপনাকে প্রায়শ:ই পরিষ্কার পোশাক দেবেন।

- যদি কারাগারে আপনার আচরণ ভালো হয় তাহলে কয়েকটি কারাগারে কখনো কখনো আপনি নিজের পোশাক পরতে পারেন। **পৃষ্ঠা 64 দেখুন**।

দণ্ডিত না হওয়া কয়েদি

- পোশাকগুলি কারাগারে পরার উপযোগী এবং পরিষ্কার পরিচ্ছন্ন হলে আপনি নিজের পোশাক পরতে পারেন যতক্ষণ তা

- কিন্তু আপনাকে কারাগারের দেওয়া পোশাক পরতে হতে পারে যদি

    - আপনি নিরাপত্তা শ্রেণী A –র কয়েদি হন৷

    - গভর্নর মনে করেন যে আপনি পালিয়ে যেতে পারেন৷ তাহলে আপনাকে এমন পোশাক পরতে হবে যাতে আপনি পালানোর চেষ্টা করলে কর্মীদের আপনাকে দেখতে সুবিধা হয়৷

    - আপনি আদালতে যাচ্ছেন৷ এটি যদি হয় তাহলে অন্য লোকেদের আপনাকে এই পোশাকে দেখতে পাওয়া আটকাতে কারাগারের কর্মীরা যতটা সম্ভব চেষ্টা করবেন৷

- আপনার পরিবার ও বন্ধুরা আপনার জন্য পোশাক আনতে পারেন ও কাচার জন্য আপনার পোশাক নিয়ে যেতে পারেন৷

- আপনাকে আপনার নিজের পোশাক পরতে হবে যখন
    - আপনি আদালতে থাকবেন
    - আপনি দণ্ডিত না হয়ে কারাগার ছেড়ে যাবেন।

- যদি পরার জন্য আপনার নিজের যথেষ্ট পোশাক না থাকে তাহলে কারাগারের কর্মীদের থেকে পোশাক চান৷

বেডিং – আপনার বিছানার চাদর এবং কম্বল

- বেডিং হতে হবে
    - পরিষ্কার ও ভালো অবস্থায়
    - গরম ।

- তোশক আর বেডিং সপ্তাহে অন্তত 1 ঘন্টা খোলা বাতাসে রাখতে হবে৷

- কারাগারে একটি লণ্ড্রি (যেখানে আপনি কাপড় কাচতে পারেন) আছে । সেখানে সপ্তাহে একবার আপনার পোশাক ও বেডিং দিতে পারা উচিত ।

স্নান, শাওয়ার আর পায়খানা

- আপনি যে কোন সময়ে পায়খানা এবং সিঙ্ক ব্যবহার করতে পারেন৷

- সপ্তাহে অন্তত 3 বার আপনার গরম স্নান বা শাওয়ার করতে পারা উচিত ।

- আপনার যদি নিজের কেনার মত যথেষ্ট অর্থ না থাকে কারাগারের কর্মীরা আপনাকে প্রসাধন সামগ্রী (টুথপেস্ট, টুথব্রাশ ও ডিওডোরেন্টের মত জিনিস) দিতে সমর্থ হতে পারেন ।

বাইরে খোলা বাতাসে সময় কাটানো

- সকল কয়েদিদের প্রতিদিন 30 মিনিট থেকে 1 ঘন্টা সময় বাইরে খোলা বাতাসে সময় কাটাতে পারা উচিত । কতক্ষণ সময়ের অনুমতি দেওয়া হবে তা প্রতি কারাগারের জন্য আলাদা ।

- কখনো কখনো তা নাও ঘটতে পারে । উদাহরণস্বরূপ, যখন আবহাওয়া খারাপ থাকবে বা আপনাকে ভিতরে রাখার অন্য কোন কারণ থাকলে৷

- আপনার হাঁটার মত কোন ব্যায়াম করতে পারা উচিত । কারাগারের কর্মীরা আপনাকে জানাবেন যে আপনি কারাগারে কি কি ব্যায়াম করতে পারেন৷

- অনেক কারাগারে যাতে আপনি PE (খেলাধুলার মত জিনিস) এবং অন্যান্য কিছু করতে পারেন এবং আপনার কুঠুরির বাইরে সময় কাটাতে পারেন তার জন্য আলাদা সময় থাকে ।

ইনসেনটিভ (প্রোৎসাহন) ও অর্জিত সুযোগসুবিধা (যাকে IEPও বলা হয়)

এটি সেই অতিরিক্ত বিষয়গুলি সম্পর্কে যেগুলি আপনি পেতে বা করতে পারেন যদি আপনি

- নিয়ম মেনে চলেন
- কাজে ও অন্য ক্রিয়াকলাপে ভালোভাবে অংশ নেন, যেমন আপনার দণ্ডের পরিকল্পনা
- যে যে অতিরিক্ত জিনিসগুলি আপনি পেতে বা করতে পারেন তা বিভিন্ন কারাগারে আলাদা।

উদাহরণস্বরূপ, আপনি যদি নিয়ম মেনে চলেন এবং কারাগারে নিজের জন্য ভালো কাজগুলি করেন তাহলে আপনি এই ধরনের জিনিসগুলি করতে পারবেন

- আপনার অর্থ আরো খরচ করতে পারবেন
- আপনার পরিবার ও বন্ধুরা আপনার সাথে আরো বেশি দেখা করতে আসতে পারবেন
- আরো অর্থ উপার্জন করতে পারবেন
- আপনার কুঠুরিতে টিভি রাখতে পারবেন
- আপনার নিজের পোশাক পরতে পারবেন
- আপনার কুঠুরির বাইরে আরো সময় কাটাতে পারবেন।

কিন্তু আপনি নিয়ম মেনে না চললে এই জিনিসগুলি আপনার থেকে কেড়ে নেওয়া হতে পারে।

এটি কিভাবে কাজ করে

কারাগারের কর্মীরা আপনাকে জানাবেন যে আপনার আচরণের ভিত্তিতে কতগুলি অতিরিক্ত জিনিস আপনি পেতে বা করতে পারবেন। IEP–র তিনটি স্তর আছে।

প্রাথমিক স্তর। আপনার প্রাথমিক স্তরে থাকার অর্থ হল যে আইন অনুসারে যা যা আপনার পাওয়ার কথা আপনি সেই জিনিসগুলি পাবেন, যেমন কিছু চিঠি আর সাক্ষাত। কোন কিছু অতিরিক্ত পেতে আপনাকে অনুমতি দেওয়া হবে না।

সাধারণ স্তর। এর অর্থ হল যে আপনাকে আরো বেশি চিঠি আর সাক্ষাতের অনুমতি দেওয়া হবে। আপনার কুঠুরিতে আপনি একটি টিভি রাখতে পারবেন এবং আপনার অর্থ আরো বেশি খরচ করতে পারবেন।

বর্ধিত স্তর। এর অর্থ হল যে আরো কিছু অতিরিক্ত সুবিধা আপনি পাবেন। উদাহরণস্বরূপ, আরো বেশি সাক্ষাতের, আপনার কুঠুরিতে একটি টিভি রাখার অথবা আপনার অর্থ আরো বেশি খরচ করতে পারার অনুমতি।

আপনার স্বাস্থ্য

মুখ্য বিষয়গুলি -পরের পাতায় আরো আছে।

আপনার শারীরিক স্বাস্থ্য

✓ কয়েদিরা কারাগারের বাইরের যে কোন ব্যক্তির মত একই স্বাস্থ্যসেবা পেতে পারেন।

✓ কারাগারে স্বাস্থ্যসেবার জন্য একটি এলাকা থাকবে। কারাগারে একটি হাসপাতালও থাকতে পারে।

✓ কারাগারে একটি স্বাস্থ্যসেবার দল থাকবে। এঁরা আপনাকে ডাক্তার, নার্স বা দাঁতের ডাক্তারদের মতো স্বাস্থ্যসেবা দেন।

✓ কারাগারে স্বাস্থ্যসেবার বিষয়ে আপনি অনেক তথ্য পেতে পারেন।

✓ সকল স্বাস্থ্যসেবার কর্মীরা কারাগারের বাইরের স্বাস্থ্যসেবার কর্মীদের মত একই উচ্চ মানে প্রশিক্ষিত।

✓ স্বাস্থ্যসেবার কর্মীদের জানান যদি

- আপনার ড্রাগস বা মদ্যপানের মত কোন বিষয় নিয়ে সমস্যা থাকে
- আপনার HIV বা AIDS থাকে
- আপনার কোন ওষুধ ব্যবহার করা প্রয়োজন।

আপনার মানসিক স্বাস্থ্য

কারাগারে অনেক ব্যক্তির মানসিক স্বাস্থ্যসম্বন্ধীয় প্রয়োজন থাকে। আপনাকে সাহায্য করার লোক আছে।

স্বাস্থ্যসেবার কর্মীদের জানান যদি

- ✓ আপনার কোন মনস্তত্ত্ববিদ বা কমিউনিটি মনস্তত্ত্ববিদ নার্স ছিলেন বা মানসিক অসুখের জন্য আপনি হাসপাতালে সময় কাটিয়েছেন।
- ✓ আপনি কমিউনিটিতে আপনার মানসিক স্বাস্থ্যের জন্য ওষুধ নিতেন।
- ✓ আপনি চিন্তিত বা বিপর্যস্ত বোধ করেন।
- ✓ আপনি হীন বা অবসাদগ্রস্ত বোধ করেন।
- ✓ আপনি উদ্বিগ্ন বা ভীত বোধ করেন।
- ✓ আপনার ঘুমোতে অসুবিধা হয় বা খুব ক্লান্ত বোধ করেন।
- ✓ আপনি মনে করেন লোকে আপনার বিষয়ে কথা বলছে।
- ✓ আপনি আপনার মাথার ভিতরে কথাবার্তা শুনতে পাচ্ছেন।
- ✓ আপনার খুব রাগ হয়।
- ✓ আপনি বিভ্রান্ত বোধ করেন বা ভুলে যান।
- ✓ আপনি একই বিষয়ে বার বার চিন্তা করেন।

কারাগারের স্বাস্থ্যসেবার কর্মী

যেসব স্বাস্থ্যসেবার কর্মী কারাগারে কাজ করেন তাঁদের কয়েকজন

- ডাক্তার
- নার্স
- দাঁতের ডাক্তার
- ফার্মাসিস্ট (এঁরা ওষুধ দেওয়ার জায়গায় কাজ করেন এবং ডাক্তারের নির্ধারিত করা ওষুধ আপনাকে দিতে পারেন)
- ড্রাগ ও মদ্যপানের সমস্যায় সাহায্যকারী কর্মীরা
- যে কর্মীরা আপনার মানসিক স্বাস্থ্যবিষয়ক সমস্যায় সাহায্য করেন। এই কর্মীরা মনস্তত্ত্ববিদ ও মনোরোগবিশেষজ্ঞ।
- যে কর্মীরা আপনার যৌন ও সাধারণ স্বাস্থ্যে সাহায্য করেন ।

ডাক্তার বা নার্সের সাথে দেখা করা

- যদি আপনি একজন ডাক্তার বা নার্সের সাথে দেখা করতে চান তাহলে আপনার উইং-এর একজন কারাগারের অফিসারকে জানান। ডাক্তারের সাথে দেখা করার প্রয়োজন আপনার না-ও হতে পারে। নার্স এবং ফার্মাসিষ্ট অনেক সমস্যার মোকাবিলা করতে পারেন। কিন্তু তা সত্ত্বেও যদি আপনার দুশ্চিন্তা থাকে তাহলে ডাক্তারের সাথে দেখা করুন।

- আপনার স্বাস্থ্যের সমস্যার বিষয়ে ডাক্তার, নার্স বা স্বাস্থ্যসেবার কর্মীরা আপনাকে যা বলেছেন সে বিষয়ে আপনি সন্তুষ্ট না হলে আপনি স্বাস্থ্যসেবার কর্মীদলের অন্য কারোর সাথে দেখা করতে চাইতে পারেন।

- যদি কারাগারের স্বাস্থ্যসেবা কর্মীরা আপনার স্বাস্থ্যবিষয়ক সমস্যার সমাধান করতে না পারেন, নিম্নলিখিতগুলির একটি ঘটতে পারে

    - কারাগার হয়ত একজন বিশেষজ্ঞ স্বাস্থ্যসেবাকর্মী কারাগারে এনে আপনাকে দেখার ব্যবস্থা করতে পারে
    - আপনাকে হয়ত আপনার প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য অন্য কোন কারাগারে স্থানান্তরিত করা হবে
    - আপনাকে হয়ত কারাগারের বাইরে কোন হাসপাতালে নিয়ে যাওয়া হবে। যদি তা হয়, তাহলেও কারাগার আপনার দায়িত্বে থাকবে।

চোখের বা দাঁতের ডাক্তারকে দেখানো

- কারাগারে জানান যে আপনাকে একজন চোখের বা দাঁতের ডাক্তারকে দেখানোর প্রয়োজন আছে।
- আপনার চিকিৎসা বিনামূল্যে হবে যদি না তা চিকিৎসাগত কারণ ছাড়া অন্য কারণে হয় ।
- যদি আপনার প্রয়োজন হয় তাহলে আপনার চোখের জন্য চশমা ও অন্য সামগ্রীগুলি বিনামূল্যে পাবেন।

ওষুধ

- আপনার সাথে কারাগারে নিয়ে আসা কোন ওষুধ আপনি কাছে রাখতে পারবেন **না**।
- যদি আপনি কোন ওষুধ ব্যবহার করেন তাহলে রিসেপশনের কর্মী, কোন ডাক্তার বা স্বাস্থ্যসেবার টিমের কোন সদস্যকে তা জানান।
- আপনার প্রয়োজনীয় ওষুধ কারাগারের কোন ডাক্তার নির্ধারণ করবেন। আপনি কারাগারের কেমিস্টের থেকে এই ওষুধ পেতে পারেন।
- এর পরে আপনার ওষুধ হয়ত আপনি কাছে রাখতে অনুমতি পাবেন। কারাগারের কর্মীরা সিদ্ধান্ত নেবেন আপনি তা করতে পারবেন কি না এবং আপনাকে তা জানাবেন।

আপনার স্বাস্থ্যের রেকর্ড (স্বাস্থ্যকর্মীরা আপনার স্বাস্থ্যের সমস্যা ও আপনি যে স্বাস্থ্যবিষয়ক পরিষেবা পান কাগজে ও কমপিউটারে তার রেকর্ড)

- আপনি যখন কারাগারে পৌঁছবেন কারাগার তখন আপনার নামে একটি নতুন স্বাস্থ্যের রেকর্ড শুরু করবে । সাধারণত: কারাগার তার কাছে কারাগারের বাইরের পুরোনো রেকর্ড রাখবেন **না** ।

- কারাগারের ডাক্তারেরা প্রয়োজন হলে আপনার পুরোনো রেকর্ড থেকে তথ্য সংগ্রহ করতে পারেন৷ কিন্তু প্রথমে আপনাকে তার জন্য রাজি হতে হবে৷

- আপনি চাইলে আপনার স্বাস্থ্যের রেকর্ড দেখতে চাইতে পারেন৷ সাধারণত: কারাগার আপনার স্বাস্থ্যের সম্বন্ধে যে তথ্য রাখেন তা আপনি দেখতে পারেন৷ কিন্তু এমন কোন তথ্য থাকতে পারে যা আপনি দেখতে নাও অনুমতি পেতে পারেন৷

- যদি আপনি আপনার স্বাস্থ্যের রেকর্ড দেখতে চান, তাহলে স্বাস্থ্যসেবা কর্মীদের কোন সদস্যকে জিজ্ঞাসা করুন৷ বা আপনার স্বাস্থ্যের রেকর্ড দেখতে একটি ফর্ম ভরুন৷

- যে তথ্য আপনি চেয়েছেন তা আপনাকে দিতে কারাগারের কর্মীদের 40 দিনের বেশি লাগার কথা নয়৷ যদি আপনার স্বাস্থ্যের রেকর্ড অন্য কোন কারাগারে থাকে , তা আপনার কারাগারে পাঠিয়ে দেওয়া হবে৷

- ডাক্তারেরা আদালত বা প্যারোল বোর্ডে আপনার স্বাস্থ্য সম্বন্ধে যে তথ্য দেন তা আপনি দেখতে **পারবেন,** যদি না কোন ডাক্তার বলেন আপনি তা দেখতে পারবেন না ।

HIV ও AIDS

- AIDS-এর কারণ **HIV** (হিউম্যান ইমিউনোডেফিসিয়েন্সি ভাইরাস) নামে এক ভাইরাস।
- AIDS হওয়ার আগে লোকের HIV হয়।
- AIDS পরে হয় যখন কোন ব্যক্তির শরীর নিজেকে অসুস্থ হওয়া থেকে আটকাতে পারে না।
- HIV হওয়া ব্যক্তিরা দেখতে সুস্থ ও ভালো বোধ করতে পারেন। কিন্তু তা সত্ত্বেও তাঁরা অন্য মানুষকে HIV সংক্রমিত করতে পারেন।

আপনার কিভাবে **HIV/ AIDS** হতে পারে

- আপনার HIV হতে পারে যদি HIV হওয়া কারোর রক্ত বা বীর্য আপনার দেহের মধ্যে প্রবেশ করে।
- HIV হওয়ার মুখ্য উপায় হল
  - কণ্ডোম ছাড়া যৌনসংসর্গ
  - ছুঁচ বা ওয়ার্কস ভাগাভাগি করে ব্যবহার করা (উদাহরণস্বরুপ. ড্রাগস নিতে, উলকি আঁকতে, কান বা শরীরের কোন অংশ ফুটো করতে)। ওয়ার্কস হল রাস্তার ড্রাগস দেহে প্রবেশ করানোর ছুঁচ ও সরঞ্জামের আরেকটি নাম।

দৈনিক কাজকর্ম করার সময়ে কারোর থেকে আপনার HIV সংক্রমণ হতে পারে **না**, যেমন

- তাদের সাথে কথা বলে
- তাদের সাথে হাত মিলিয়ে
- তাদের পাশ দিয়ে চলে যাবার সময় তাদের ছুঁয়ে
- একই প্লেট, ছুরি বা কাঁটাচামচ ব্যবহার করে
- একই টয়লেট ব্যবহার করে

সারানোর উপায় ও ওষুধ

- HIV বা AIDS সারানো যায় না। কিন্তু HIV নিয়ন্ত্রণে রাখতে বা আপনার যদি AIDS হয়ে থাকে তাহলে আপনার জন্য ওষুধ আছে।

আপনি কী করতে পারেন

HIV/ AIDS থেকে নিজেকে নিরাপদ রাখতে

✕ কণ্ডোম ছাড়া যৌনসংসর্গ করবেন **না**।

✕ **কোন কারণেই** অন্য কারোর সাথে একই ছুঁচ ব্যবহার করবেন **না**।

যদি আপনি HIV/ AIDS-এর বিষয়ে দুশ্চিন্তাগ্রস্ত হন

✓ আপনি একান্তে স্বাস্থ্যসেবার টিমের যে কোন ব্যক্তির সাথে কথা বলতে পারেন।

✓ অথবা আপনি কোন কাউন্সেলর বা কারাগারের কমিউনিকেবল ডিজিজ ম্যানেজমেন্ট টিমের কোন সদস্যের সাথে কথা বলতে চাইতে পারেন।

✓ আপনি কারাগারে HIV পরীক্ষা করাতে পারেন। এই পরীক্ষার ফল **গোপন** রাখা হবে।

✓ যদি যৌনসংসর্গ করার জন্য আপনার কণ্ডোম, ডেন্টাল ড্যাম (মুখ দিয়ে যৌনসংসর্গের জন্য) বা লুব্রিকেন্ট-এর প্রয়োজন হয় তাহলে স্বাস্থ্যসেবার টিমের কাছে এগুলি চেয়ে নিতে পারেন। স্বাস্থ্যসেবার টিম অবশ্যই এই জিনিসগুলি আপনাকে দেবেন যদি তাঁরা মনে করেন যে তা না হলে আপনার HIV হওয়ার ঝুঁকি আছে।

✓ যদি আপনি কোন কারণে অন্য কারোর সাথে একই ছুঁচ ব্যবহার করেন তাহলে স্বাস্থ্যসেবার টিমের কারোর সাথে কথা বলুন। তাঁরা হয়ত আপনাকে এমন কিছু দিতে পারেন যা ছুঁচ ও অন্য জিনিসগুলি (ওয়ার্ক্স) পরিষ্কার রাখতে পারে।

হেপাটাইটিস B ও হেপাটাইটিস C

- এগুলি হল এমন ভাইরাস যা অন্যদের থেকে আপনার মধ্যে সংক্রমিত হতে পারে। আপনি অন্য কারো রক্ত থেকে তা পেতে পারেন বা তাদের সঙ্গে যৌনসংসর্গের মাধ্যমে।

- হেপাটাইটিস B–এর জন্য আপনি একটি টিকা নিতে পারেন তবে হেপাটাইটিস C–র জন্য নয়। টিকা হল এমন এক বস্তু যা প্রথমেই আপনাকে ভাইরাস-এর আক্রমণ থেকে বাঁচাতে পারে।

- যদি আপনি হেপাটাইটিস B বা C–র বিষয়ে চিন্তিত থাকেন বা যদি আপনার আরো তথ্যের প্রয়োজন হয়, স্বাস্থ্যসেবার টিমের কোন ব্যক্তির সাথে কথা বলুন।

যৌন সংক্রামিত রোগ এবং সংক্রমণ – যে অসুখগুলি আপনি অন্যের সাথে যৌনসংসর্গের মাধ্যমে পেতে পারেন। একে STD (সেক্সুয়ালি ট্রান্সমিটেড ডিজিজেস) (যৌন সংক্রামিত রোগ = STD) –ও বলা হয়

- বেশ কয়েকটি বিভিন্ন যৌন সংক্রামিত রোগ ও সংক্রমণ আছে। কিছু উদাহরণ হল ক্লামিডিয়া ও যৌনাঙ্গের হার্পিস।

- যদি আপনি স্বাস্থ্যসেবার কর্মীদের অবিলম্বে দেখান, এগুলির বেশিরভাগ সারানো বা তার চিকিৎসা করা যেতে পারে।

- বেশির ভাগ কারাগারে বিশেষ স্বাস্থ্যসেবার কর্মীরা থাকেন যাঁদের কাছে যৌন সংসর্গ সম্পর্কিত যে কোন স্বাস্থ্যের সমস্যা নিয়ে আপনি যেতে পারেন। এছাড়া অনেক ডাক্তার এবং অন্য স্বাস্থ্যসেবার কর্মীরা কিন্তু যৌন সংক্রামিত রোগ ও সংক্রমণের চিকিৎসা করতে পারেন।

- যদি যৌন সংসর্গ করার মাধ্যমে আপনার কোন রোগ হয়েছে বলে মনে করেন ও চিন্তিত থাকেন তাহলে স্বাস্থ্যসেবার টিমের সাথে কথা বলুন । আপনি তাদের সাথে একান্তেও কথা বলতে পারেন।

ড্রাগ (মাদক) ও মদের সমস্যা

মুখ্য বিষয়গুলি

- ✓ আপনার যদি মদ্যপান বা ড্রাগ সম্পর্কিত কোন সমস্যা থাকে অবিলম্ব সাহায্যের জন্য স্বাস্থ্যসেবার টিমের কোন সদস্যের সাথে কথা বলুন৷
- ✓ তাঁরা নিশ্চিত করতে পারেন যে আপনি সঠিক ধরনের সাহায্য পান৷
- ✓ কারাগারে মদ্যপান বা ড্রাগ সেবন বন্ধ করতে আপনি অনেক ধরনের সাহায্য পেতে পারেন৷
- ✓ যদি অন্য কয়েদিরা আপনাকে মদ্যপান বা ড্রাগস ব্যবহার করানোর চেষ্টা করে বা এই বস্তুগুলি কারাগারে নিয়ে আসার চেষ্টা করেন আপনার পার্সোনাল অফিসার বা কারাগারের কর্মীদের অন্য কোন সদস্যকে তা জানান৷

ড্রাগের জন্য আপনাকে পরীক্ষা করা

আপনি ড্রাগস সেবন করেছেন কি না তা' দেখতে কারাগারের কর্মীরা আপনাকে পরীক্ষা করতে পারেন। এটি করতে তাঁরা আপনার মূত্রের একটি নমুনা নেবেন এবং তা পরীক্ষা করে দেখবেন যে এতে আপনার ড্রাগ নেওয়ার কোন লক্ষণ পাওয়া যায় কি না।

- কারাগারে থাকাকালীন আপনাকে ড্রাগসের জন্য পরীক্ষা করা হতে পারে যদি
    - কারাগারের কর্মীরা আপনার পরীক্ষা করার সিদ্ধান্ত নেয়৷ কারাগারের কর্মীরা এলোমেলোভাবে অল্প কয়েকজন কয়েদিদের প্রতি মাসে পরীক্ষা করার জন্য বাছাই করবেন
    - কারাগারের কর্মীরা মনে করেন যে আপনি ড্রাগ সেবন করেছেন
    - আপনি অতীতে অনেক ড্রাগ ব্যবহার করেছেন এবং পরীক্ষায় দেখা যায় যে আপনি কারাগারে থাকাকালীন ক্লাস A ড্রাগ ব্যবহার করেছেন৷ এটি হলে আপনাকে বার বার পরীক্ষা করা হতে পারে।

ড্রাগের পরীক্ষার বিষয়ে আরো

- কর্মীরা কিছু কিছু জিনিস আপনাকে দেওয়ার আগে নিশ্চিত হয়ে নিতে চান যে আপনি ড্রাগস সেবন করেন নি। উদাহরণস্বরূপ, আপনাকে অল্প সময়ের জন্য কারাগারের বাইরে ছেড়ে দেওয়ার আগে, বা আপনাকে কোন কাজ করতে দেওয়ার আগে যেমন কাজে অন্য মানুষ আপনাকে বিশ্বাস করা জড়িত থাকে।

- অন্য কারাগারে আপনাকে স্থানান্তরিত করার আগে বা যখন আপনি প্রথমে কারাগারে আসেন আপনার পরীক্ষা করা হতে পারে।

যখন আপনার ড্রাগের জন্য পরীক্ষা হবে তখন কি হবে?

1. কারাগারের কর্মীরা আপনাকে বলবেন কি ঘটবে এবং কেন আপনার ড্রাগসের জন্য পরীক্ষা করা হচ্ছে।

2. আপনাকে কারাগারের কর্মীদের আপনার মূত্রের একটি নমুনা পরীক্ষার জন্য দিতে হবে।

3. এটি আপনি একান্তে করতে পারেন, কিন্তু কারাগারের কর্মীদের এটি নিশ্চিত করতে হবে যে আপনি আপনার মূত্রের নমুনায় কোন পরিবর্তন করছেন না।

4. আপনার মূত্রের নমুনা গবেষণাগার নামে এক স্থানে পরীক্ষা করা হবে নিশ্চিত করতে যে তাতে কোন ড্রাগ নেই।

5. কারাগারের কর্মীরা পরীক্ষাটির ফলাফল যথাসম্ভব শীঘ্র আপনাকে দেবেন।

6. যদি ফলাফলটি জানায় যে আপনি ড্রাগ নিয়েছেন কারাগারের কর্মীরা তা স্বাস্থ্যসেবার টিমকে জানাবেন। এটি তা নিশ্চিত করতে যে আপনি কোন ওষুধ ব্যবহার করছেন না যা পরীক্ষাটির ফলাফলে পরিবর্তন করতে পারে। কারাগারের কর্মীরা তা স্বাস্থ্যসেবার টিমকে জানানোর আগে আপনাকে অনুমতি দিতে হবে।

7. যদি ফলাফলটি জানায় যে আপনি ড্রাগ নিয়েছেন, আপনাকে জানাতে হবে যে আপনি ড্রাগ সেবনের দোষে দোষী কি না। আপনাকে এই বিষয়ে কথা বলার জন্য একজন এডজুডিকেটরের (বিচারপূর্বক রায়দানকারী) কাছে যেতে হবে (এর বিষয়ে নিচে আরো তথ্য দেওয়া আছে)।

যদি আপনি বলেন যে আপনি দোষী নন

- প্রথম পরীক্ষাটির ফলাফলটি ঠিক না ভূল তা দেখার জন্য আপনার আরেকটি ড্রাগ পরীক্ষা করা হবে৷

- এই পরীক্ষাটির ফলাফলও যদি একই হয় আপনি নমুনাটি আবার পরীক্ষা করার জন্য কারাগারের বাইরে কোন গবেষণাগারে পাঠাতে পারেন৷

- কারাগারের পরীক্ষার ফলাফল যদি দেখায় যে আপনি ড্রাগ নিয়েছেন বা আপনি যদি অতিরিক্ত পরীক্ষাটির অর্থ মেটাতে চান, কারাগারের কর্মীরা আপনাকে কিছু দলিল দেবেন৷ এই দলিলগুলিকে বলে
  - আবশ্যক ড্রাগের জন্য পরীক্ষার বিষয়ের কয়েদিদের জন্য তথ্য৷
  - আবশ্যক ড্রাগসের জন্য পরীক্ষার নমুনার স্বাধীন বিশ্লেষণ করার বিষয়ে উকিল ও কয়েদিদের জন্য তথ্য৷

যদি আপনি স্বীকার করেন যে আপনি দোষী বা পরীক্ষাগুলি এরপরও দেখায় যে আপনি ড্রাগস সেবন করেছেন

1. যদি আপনি ড্রাগস সেবন করে থাকেন, এর অর্থ হল যে আপনি **প্রিজন রুল নম্বর** 51(9) বা **ইয়ং অফেণ্ডার রুল নম্বর** 55(10) ভেঙ্গেছেন৷

2. সাধারণত আপনাকে অপরাধে অভিযুক্ত করা হবে এবং বিচারপূর্বক রায়দানের জন্য যেতে হবে৷ বিচারপূর্বক রায়দান হল যেখানে আপনি এবং গভর্নর এবং কারাগারের বাইরে থেকে কোন বিচারক এই অপরাধের বিষয়ে কথা বলেন ও সিদ্ধান্ত নেন যে আপনি দোষী কি না৷

3. আপনি দোষী সাব্যস্ত হন তাহলে কারাগার সিদ্ধান্ত নেবে যে কী করা শ্রেয়: হবে৷ আপনার কোন শাস্তি হতে পারে বা আপনার কোন কোন সুযোগসুবিধা প্রত্যাহার করে নেওয়া হতে পারে৷ অথবা আপনার ড্রাগ সমস্যার জন্য আপনাকে সহায়তার জন্য পাঠানো হতে পারে৷ উদাহরণস্বরূপ, CARAT (কাউন্সেলিং, অ্যাসেসমেন্ট, রেফারাল, অ্যাডভাইস এণ্ড থরোকেয়ার) নামে পরিচিত একটি গোষ্ঠীর কাছে ।

কর্মীদের কাছে ড্রাগস পরীক্ষা করাতে চাওয়া (একে বলে ঐচ্ছিক ড্রাগ পরীক্ষা)

যদি আপনি চান আপনি ড্রাগ পরীক্ষা করাতে অনুরোধ করতে পারেন৷ আপনি তা করাতে বলতে পারেন কারণ আপনি ড্রাগ ব্যবহার বন্ধ করতে চান৷ যদি আপনি বলেন যে আপনি ড্রাগ ব্যবহার বন্ধ করতে চান, কারাগারের কর্মীরা আপনাকে যথাসম্ভব সাহায্য করবেন৷

আপনি 2টি কাজ করতে পারেন

1. কারাগারের একটি অংশে আপনি যেতে চান যেটাকে বলে **ঐচ্ছিক ড্রাগস পরীক্ষার ইউনিট**। এটি কারাগারের একটি নিরাপদ অংশ যেখানে আপনি থাকতে পারেন এবং ড্রাগ ব্যবহার বন্ধ করায় সাহায্য পেতে পারেন। আপনাকে একটি ফর্ম সই করতে হবে এটি জানিয়ে যে কারাগারের এই অংশে থাকার জন্য কিছু নিয়ম আপনি মেনে চলতে সম্মত। আপনাকে কিছু ড্রাগ পরীক্ষাও করাতে হতে পারে।

2. আপনি কারাগারের অন্য অংশে না গিয়েও ড্রাগ ব্যবহার বন্ধ করতে সাহায্য পেতে পারেন। আপনি ঐচ্ছিক ড্রাগ পরীক্ষা কর্মসূচী নামে এক উদ্যোগের অংশ হতে চাইতে পারেন। আপনাকে একটি ফর্ম সই করতে হবে এটি জানিয়ে যে এটির বিষয়ে কিছু নিয়ম আপনি মেনে চলতে সম্মত। আপনাকে কিছু ড্রাগ পরীক্ষাও করাতে হতে পারে।

- ✓ যদি আপনি ড্রাগস সেবন বন্ধ করতে চান আপনাকে একটি ফর্ম সই করতে হবে এটি জানিয়ে যে কিছু নিয়ম আপনি মেনে চলতে সম্মত৷
- ✓ এই ফর্মটি আপনাকে জানাবে যে যদি পরীক্ষাগুলির ফলাফল দেখায় যে আপনি এখনও ড্রাগ নিচ্ছেন তাহলে কী হবে৷
- ✓ যদি জানা যায় যে আপনি ড্রাগ সেবন করছেন, আপনাকে শাস্তি দেওয়া হবে না৷ কিন্তু কারাগারের কর্মীরা অন্য কিছু করতে পারেন যেমন কারাগারের ওই অংশ থেকে আপনাকে সরিয়ে নিয়ে যাওয়া।

- কোন কোন কারাগারে যদি আপনি ড্রাগ পরীক্ষা করাতে রাজি হন এবং এই পরীক্ষাগুলি দেখায় যে আপনি ড্রাগ সেবন করছেন না তাহলে আপনি অতিরিক্ত কিছু সুযোগ সুবিধা হিসাবে পেতে পারেন৷ যেমন আপনাকে দেখতে আসার জন্য অতিরিক্ত সাক্ষাতের অনুমতি দেওয়া হতে পারে বা আপনাকে আপনার অর্থ আরো পরিমাণে খরচ করার অনুমতি দেওয়া হতে পারে৷

- কারাগারের কর্মীদের এই বিষয়ে জিজ্ঞাসা করুন৷ আপনাকে একটি ফর্ম সই করতে হবে এটি জানিয়ে যে এটির বিষয়ে কিছু নিয়ম আপনি মেনে চলতে সম্মত এবং আপনি ড্রাগ সেবন করবেন না৷ এই ফর্মটি আপনাকে জানাবে যে আপনাকে কি কি করতে হবে এবং আপনি যদি ড্রাগ সেবন করছেন বলে জানা যায় তাহলে কি হবে৷

ড্রাগ ও মদ্যপানবিষয়ক সমস্যাগুলির জন্য আপনি যে সাহায্য পেতে পারেন

যেকোন কয়েদি ড্রাগ বা মদ্যপান করা বন্ধ করতে সাহায্য পেতে পারেন

আপনি এঁদের থেকে সাহায্য পেতে পারেন:

1. **হেলথকেয়ার টিম।** আপনাকে ড্রাগ সেবন বা মদ্যপান করা বন্ধ করতে সাহায্য করতে এঁরা অনেক কিছুই করতে পারেন।

2. আপনি সাহায্য পেতে পারেন আপনার নিজের কারাগারের উইং-এ থেকে বা ঐচ্ছিক ড্রাগ পরীক্ষার ইউনিট নামে কারাগারের আরেকটি অংশে চলে গিয়ে। **পৃষ্ঠা 76 দেখুন।**

3. **CARAT পরিষেবা** (কাউন্সেলিং, অ্যাসেসমেন্ট, রেফারাল, অ্যাডভাইস অ্যাণ্ড থরোকেয়ার)। এঁরা হলেন সেই ব্যক্তিরা যাঁরা কারাগারের বাইরের ব্যক্তি বা কারাগারের অফিসার হন। তাঁরা কয়েদিদের ড্রাগ ব্যবহার করা থেকে বিরত রাখতে সাহায্য করতে কাজ করেন। আপনি কারাগারে পৌঁছানোর পরেই CARAT–এর থেকে কারোর সাথে দেখা করতে পারেন। তাঁরা আপনার সাথে কাজ করে একটি পরিকল্পনা করবেন আপনাকে ড্রাগস ব্যবহার করা থেকে বিরত রাখতে সাহায্য করতে।

4. **ড্রাগ পুনর্বাসন কর্মসূচী।** CARAT-এর যে ব্যক্তির সাথে আপনি কাজ করছেন তিনি আপনাকে আর কি কি ধরনের সাহায্য পেতে পারেন সে সম্বন্ধে আপনাকে জানাবেন। আপনার CARAT কর্মীর প্রথমে আপনাকে বলা প্রয়োজন হবে যে আপনি এই ধরনের সাহায্য নিলে কোন সমস্যা নেই। এই সাহায্য পেতে আপনাকে অন্য কোন কারাগারে চলে যেতে হতে পারে।

এই ধরনের সাহায্যের সাথে সাথে আপনাকে ড্রাগ পরীক্ষাও করাতে হতে পারে। যদি এটি জানা যায় যে আপনি ড্রাগ ব্যবহার করছেন, আপনার এই সাহায্য করা বন্ধ করা হতে পারে।

- যে ব্যক্তি আপনাকে ড্রাগ ব্যবহার করার বিষয়ে সাহায্য করছেন তাঁর সাথে কথা বলতে চিন্তাগ্রস্ত হবেন না। তাঁরা আপনাকে জানাবেন কি কি তথ্য তারা গোপন রাখতে পারেন এবং কি কি তথ্য তাদের অন্য ব্যক্তিদের বলতে হবে।

- যদি আপনার পরিবারের কেউ ড্রাগ ব্যবহার করছেন বলে আপনি চিন্তিত হন, বা কিভাবে আপনার ড্রাগ সমস্যা তাদের প্রভাবিত করে , CARAT থেকে কারোর সাথে এর বিষয়ে কথা বলুন। CARAT-এর ব্যক্তি হয়ত আপনার পরিবার যাতে তথ্য বা সাহায্য পান সেই ব্যবস্থা করতে পারেন।

আপনার ধর্মবিশ্বাস

- আপনি কারাগারে আপনার ধর্মবিশ্বাস পালন করতে পারবেন।

- আপনি প্রথম যখন কারাগারে পৌঁছন তখন কারাগারের কর্মীদের বলতে পারেন যে আপনার ধর্ম কি। তারা তারপর আপনার ধর্ম পালন করতে যা যা প্রয়োজন তা পেতে সাহায্য করবেন।

- কারাগারকে নিশ্চিত করতে হবে যে আপনার ধর্ম পালন করার জন্য কোন স্থান থাকে। উদাহরণস্বরূপ, প্রার্থনা করতে বা ধার্মিক বৈঠকে যাওয়ার জন্য।

- প্রত্যেক কারাগারে একটি দল আছে যারা আপনাকে আপনার ধর্ম পালন করতে সাহায্য করবে। এটিকে বলে **চ্যাপলেনসি (যাজক) টিম**।

- যদি আপনার কোন ধার্মিক বিশ্বাস না থাকে তাহলেও আপনি কোন যাজকের সাথে দেখা করতে চাইতে পারেন। যাজকরা আছেন যে **কোন** কয়েদির কথা শুনতে যারা কারোর সাথে কথা বলতে চান। উদাহরণস্বরূপ, যদি তারা বিপর্যস্ত বা চিন্তিত বোধ করেন।

- কারাগার প্রার্থনা ও ধার্মিক পরিষেবার ছুটির দিন ও উৎসবের তারিখ ও সময়ের খেয়াল রাখবেন।

- আপনি সবসময় আপনার ধর্মবিশ্বাসের জন্য মুখ্য পরিষেবাতে যেতে পারেন। উদাহরণস্বরূপ, আপনাকে আলাদা রাখা হলে, আপনি পালানোর তালিকায় বা হাসপাতালে থাকলেও আপনি যেতে পারবেন। যদি আপনি তাহলেও এই পরিষেবায় যেতে চান পরিষেবাটির আগে কোন যাজককে জানান।

- যাজকদের কারোর সাথে বা **ডাইভার্সিটি অফিসার** নামে পরিচিত কারোর সাথে কথা বলুন যদি আপনার ধার্মিক প্রয়োজন কারাগারে মেটানো না যায়।

- **প্রিজন সার্ভিস অর্ডার** 4550-তে আরো তথ্য আছে। লাইব্রেরিতে এর একটি কপি আছে।

আপনার ধর্ম পালন করতে সাহায্য করার ব্যক্তিরা

- চ্যাপলেনসি (যাজক) দল বিভিন্ন ধর্মের ব্যক্তিদের একটি টিম যাঁরা আপনাকে আপনার ধর্মবিশ্বাস পালন করতে সাহায করেন।

- এই টিমটি বিভিন্ন কারাগারে আলাদা কিন্তু সাধারণত এতে যাজক থাকবেন যাঁরা এই ধর্ম বা বিশ্বাস থেকে হবেন

    - চার্চ অফ ইংল্যাণ্ড
    - রোমান ক্যাথলিক, মেথডিস্ট বা ফ্রি চার্চ
    - মুসলিম
    - বৌদ্ধ
    - ইহুদি
    - হিন্দু
    - শিখ

অন্য ধর্ম বা বিশ্বাস থেকে মানুষও প্রয়োজন হলে কারাগারে আসতে পারেন।

রাস্তাফারিয়ানিসম-কে কারাগারে ধর্ম হিসাবে স্বীকৃতি দেওয়া হয় না। কিন্তু আপনি রাস্তাফারিয়ান হলে যাজক দল আপনাকে সাহায্য করার চেষ্টা করবেন। আপনি শাকাহারী বা ভেগান খাবার খেতে পারবেন এবং বইয়ের মত অন্যান্য জিনিস আপনি পাবেন।

নিশ্চিত করা যে কারাগারের কর্মীরা আপনার ধর্মবিশ্বাস সম্বন্ধে জানেন

- আপনি যদি কোন ধর্মবিশ্বাস মেনে চলতে চান প্রথমবার কারাগারে পৌঁছে আপনাকে তা কারাগারের কর্মীদের অবশ্যই জানাতে হবে। এটির কারণ হল আপনার ধর্ম পালন করতে যা যা জিনিসের প্রয়োজন কারাগারের কর্মীরা তার ব্যবস্থা করতে পারবেন।

- যখন আপনি প্রথমবার কারাগারে পৌঁছবেন আপনার ধর্ম কি তা আপনাকে বলতে বলা হবে। আপনার ধর্ম কি তা আপনি কারাগারের কর্মীদের বলতে পারেন, বা আপনি তাদের জানাতে পারেন যে আপনার কোন ধর্ম নেই।

- এটিকে আপনার ধর্ম **রেজিস্টার** করা বলে ।

আপনার ধর্মবিশ্বাসের বিষয়ে আরো কিছু

- যদি আপনি ধার্মিক পরিষেবা বা ক্রিয়াকলাপে এর পরে অংশ নিতে চান, আপনি যে ধর্মবিশ্বাসে আপনি রেজিস্টার্ড সেই ধার্মিক পরিষেবাতে যেতে পারবেন।

- আপনি কারাগারে প্রথম আসার একটু পরেই একজন যাজক আপনার সাথে দেখা করবেন সুনিশ্চিত করতে যে আপনার জন্য সঠিক ধর্মবিশ্বাস রেজিস্টার করা হয়েছে এবং জানতে যে আপনার কোন ধর্মবিষয়ক প্রয়োজন আছে কি না।

যদি আপনি আপনার ধর্মবিশ্বাস পরিবর্তন করতে চান

- আপনি যে ধর্মে রেজিস্টার করেছেন তা থেকে আরেকটি ধর্মে পরিবর্তন করতে পারেন।
- আপনাকে একটি ফর্ম ভরে ও তা সই করে জানাতে হবে যে আপনি অরেকটি ধর্মে পরিবর্তন করতে চান।
- আপনার নতুন ধর্মের জন্য সঠিক যাজক খুঁজতে যাজক টিম আপনাকে সাহায্য করবেন।

যদি আপনি আপনার ধর্মবিশ্বাস পরিবর্তন না করে অন্য ধর্মের কোন যাজকের সাথে দেখা করতে চান

এটি আপনি করতে পারেন যতক্ষণ

- গভর্নর এবং যাজকরা আশ্বস্ত হন যে আপনি সত্য সত্যই অন্য ধর্মের বিষয়ে আরো জানতে চান বা তা পালন করতে চান।
- গভর্নর এবং যাজকরা মনে করেন যে আপনি তা ভালো কারণেই করছেন এবং কোন সমস্যার সৃষ্টি করার জন্য তা করছেন না।

ধার্মিক উপাসনা বা অন্যান্য ধর্মীয় ক্রিয়াকলাপে যাওয়া

- কারাগারকে ধার্মিক উপাসনার জন্য সপ্তাহে অন্তত 1 ঘণ্টার অনুমতি দিতে হবে।

- যাজক দল আপনাকে ধার্মিক উপাসনা, অধিবেশন বা ক্রিয়াকলাপের তারিখ ও সময় জানিয়ে দেবেন।

- আপনি যে ধর্মে বিশ্বাসী বলে রেজিস্টার করিয়েছেন তার প্রধান উপাসনায় যেতে পারবেন।

- পর্যাপ্ত জায়গা খালি থাকলে আপনি আপনার ধর্মের অন্যান্য গোষ্ঠী বা ক্রিয়াকলাপেও যোগ দিতে পারেন।

- আপনার কোন ধর্ম নেই এমন কথা কারাগারকে বলে থাকলেও আপনি কোনো ধার্মিক উপাসনায় যেতে পারেন।

- আপনি হয়তো অন্য ধর্মের অধিবেশনেও যেতে পারেন। এ বিষয়ে আগে আপনার যাজকের সঙ্গে কথা বলুন।

- কখনো কখনো কারাগারে অন্যান্য যা যা আপনি করেন যেমন দৈনিক ব্যায়াম বা অতিথিদের সঙ্গে দেখা করা আপনার ধর্মের গুরুত্বপূর্ণ অনুষ্ঠানগুলির সঙ্গে একই সময়ে ঘটে। এমন হলে কারাগারের কর্মীরা হয়তো আপনাকে আপনার ধার্মিক অনুষ্ঠানে যেতে সাহায্য করতে পারেন।

যাজক আপনার জন্য কী করতে পারেন

- যাজকরা হয়তো আপনাকে কারাগারের বাইরের জগতের সঙ্গে যোগাযোগ বজায় রাখতে সাহায্য করতে পারেন। যেমন, তাঁরা হয়তো আপনার গির্জা, মসজিদ, মন্দির বা গোষ্ঠী থেকে কোনো ধার্মিক ব্যক্তিকে আপনার সঙ্গে কারাগারে দেখা করানোর ব্যবস্থা করে দিতে পারেন।

- তাঁরা হয়তো আপনার পরিবারের সঙ্গে যোগাযোগ বজায় রাখতেও সাহায্য করতে পারেন। এর জন্য তাঁরা হয়তো আপনার পরিবার বা অন্যান্য লোক যেমন প্রোবেশন পরিষেবার সঙ্গে হাত মিলিয়ে কাজ করতে পারেন।

- যদি আপনি অন্য দেশ থেকে এসে থাকেন(বিদেশী নাগরিক কয়েদি) তাহলে যাজক হয়তো সেই দেশে আপনার আপনার পরিবারের সঙ্গে যোগাযোগ বজায় রাখতে সাহায্য করতে পারেন।

অন্যান্য সাহায্য। যেমন প্যারোল পাওয়া ইত্যাদি

- কারাগারে থাকাকালীন আপনার সম্বন্ধে যে সব রিপোর্ট তৈরি হয় তার জন্য আপনার সম্বন্ধে কিছু বলতে বা লিখতে আপনি আপনার যাজককে অনুরোধ করতে পারেন।

- কারাগারের কর্মীরা আপনার সম্বন্ধে রিপোর্ট লিখবেন যাতে আপনার আচরণ, এবং আপনি যা যা করেছেন যেমন কাজ বা শিক্ষা ইত্যাদি সম্বন্ধে তথ্য থাকবে। আপনার সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণের জন্য এই রিপোর্টগুলি কাজে লাগানো হবে। উদাহরণ স্বরূপ, আপনাকে প্যারোল দেওয়া যাবে কি না সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য প্যারোল বোর্ডের লোকেরা এই রিপোর্টগুলি দেখবেন।

কারাগারের নিয়মকানুন

মুখ্য বিষয়গুলি

- প্রত্যেকটি কারাগারেই কারাগারের নিয়ম প্রযোজ্য হবে তবে গভর্নরের কিছু স্থানীয় নিয়মও থাকতে পারে৷
- কারাগারের নিয়ম ভাঙলে তাকে বলা হয় **নিয়মলঙ্ঘন অপরাধ** ।
- আপনি নিয়মলঙ্ঘন অপরাধের জন্য অভিযুক্ত হতে পারেন ও আপনাকে শাস্তি দেওয়া হতে পারে৷
- **প্রিজন রুল নম্বর 51** এবং **ইয়ং অফেণ্ডার ইনস্টিটিউশন রুল নম্বর 55** তে নিয়মলঙ্ঘন অপরাধ সম্বন্ধে আলোচনা করা হয়েছে৷
- কারাগারের নিয়মগুলি বোঝা কঠিন হতে পারে৷ প্রিজন ডিসিপ্লিন ম্যানুয়াল নামক বইটিতে এগুলির বিষয়ে পড়ে দেখতে পারেন৷ একে **প্রিজন সার্ভিস অর্ডার 2000**ও বলা হয়৷ প্রতিটি উইং ও লাইব্রেরিতে বইটির একটি কপি থাকা উচিত ।

আপনি যদি পরবর্তী পৃষ্ঠার কোনো কিছু করে থাকেন, তার অর্থ আপনি কারাগারের নিয়ম ভেঙেছেন ও নিয়মলঙ্ঘন অপরাধ করেছেন৷

এমন আচরণ করা যা অন্যকে অসন্তুষ্ট, ভীত বা ব্যথিত করতে পারে

- যদি আপনি কাউকে অসন্তুষ্ট করেন বা আঘাত করেন অথবা কারো সঙ্গে মারামারিতে জড়িয়ে পড়েন।
- যদি আপনি কাউকে তার জাতির কারণে অসন্তুষ্ট করেন বা আঘাত করেন (জাতি হল কারো চামড়ার রঙ ও তাদের পশ্চাৎপট ও সংস্কৃতি জাতীয় ব্যাপার)।
- যদি আপনি এমন কিছু করেন বা বলেন যা অন্য কাউকে বিপর্যস্ত করতে, ভয় দেখাতে বা ভয় পাওয়াতে পারে। এবং যদি আপনি তা কারো জাতির কারণে করেন।
- কারো ইচ্ছার বিরুদ্ধে যদি আপনি তাকে অন্যদের থেকে দূরে রাখেন। যেমন, যদি আপনি তাদের কোথাও তালাবন্ধ করে রাখেন।
- যদি আপনি এমন আচরণ করেন যা অন্য কাউকে বিপদে ফেলতে পারে বা তাদের স্বাস্থ্যের ক্ষতি করতে পারে।
- কারাগারে বা অল্পবয়স্ক অপরাধী সংস্থায় কাজ করেন বা সেখানে দেখা করতে এসেছেন এমন কারো প্রতি যদি আপনি রূঢ়তা দেখান।

কারাগার কর্মীদের তাঁদের কাজ করতে বাধা দেওয়া

- কারাগারে কাজ করেন এমন কাউকে যদি কারাগারের মধ্যে যেখানে যাওয়া প্রয়োজন সেখানে যেতে বাধা দেন। যেমন আপনার কুঠুরিতে যাতে কেউ আসতে না পারে সেই জন্য ব্যারিকেড বানিয়ে।
- কারাগারে কাজ করেন এমন কাউকে যদি তাঁর কাজ করতে বাধা দেন।

কারাগার থেকে পলায়ন

- যদি আপনি কারাগার বা আটক থাকা অবস্থা থেকে পালান। যেমন, যদি আপনি কোনো রক্ষীর কাছ থেকে পালিয়ে যান।
- অল্প সময়ের জন্য কারাগার থেকে বাইরে যাবার অনুমতি পেয়ে যদি আপনি আর ফিরে না আসেন। একে বলা হয় ফেরার হওয়া।

ড্রাগ ও মদ

- যদি আপনার মূত্র পরীক্ষার আদেশ দেওয়া হয়ে থাকে এবং তাতে দেখা যায় যে আপনি এমন কোনো ড্রাগ নিয়েছেন যা নেবার আপনার অনুমতি নেই, এমন কি যদি আপনি অল্প সময়ের জন্য কারাগার থেকে বাইরে গিয়ে থাকেন তবুও।
- যদি আপনি মদ্যপান করেন বা আপনাকে মদ্যপানের ফলে মাতাল অবস্থায় পাওয়া যায়।

কারাগার বা অল্পবয়স্ক অপরাধী সংস্থার ক্ষতিসাধন

- যদি আপনি বাড়িটির কোনো অংশে বা তার ভিতরের কোনো কিছুতে আগুন লাগিয়ে দেন।
- যদি আপনি বাড়িটির কোনো অংশ বা তার ভিতরের আপনার নয় এমন কোনো কিছু নষ্ট বা ধ্বংস করেন।
- যদি আপনি দেওয়ালে এমন কিছু লাগান বা লেখেন বা আঁকেন যা কাউকে বিপর্যস্ত করতে, ভয় দেখাতে বা ভয় পাওয়াতে পারে।
- বা যদি আপনি এর কোনোটি কারো জাতিগত কারণে করেন।

আপনি যা রাখতে পারেন ও পারেন না

- যদি আপনার কাছে এমন কিছু থাকে যা আপনি রাখতে পারেন না। যেমন, মোবাইল ফোন, ছুরি বা ড্রাগ ।
- আপনার কাছে কোন বস্তু যতটা রাখার অনুমতি আছে তার থেকে যদি বেশি থাকে।
- আপনার সঙ্গে দেখা করতে আসা কারোর কাছ থেকে যদি আপনি এমন কিছু রাখেন যা আপনার কারাগারে রাখার অনুমতি নেই। যেমন, ড্রাগ।
- যা আপনার রাখার অনুমতি নেই এমন কিছু যদি আপনি কাউকে দেন বা বিক্রি করেন।
- যা কেবলমাত্র আপনিই রাখতে পারেন এমন কিছু যদি আপনি কাউকে দেন বা বিক্রি করেন।
- যদি আপনি কারো থেকে বা কারাগার থেকে আপনার নয় এমন কিছু নেন বা চুরি করেন।

কারাগারের এমন কোনো জায়গায় থাকা যেখানে আপনার থাকার কথা নয়

- যদি এমন কোনো জায়গা ছেড়ে যান যেখানে আপনার থাকার কথা।
- যদি এমন কোনো জায়গায় যান যেখানে আপনার যাওয়ার কথা **নয়**।

কারাগার কর্মীরা যা করতে বলেন তা না করা

- যদি আপনাকে কাজ করতে বলা হয় এবং আপনি তা ঠিক ভাবে বা একেবারেই করেন **না**।
- যদি আপনার মানা উচিত এমন কোনো আদেশ বা নিয়ম আপনি **না** মানেন।
- যদি আপনি কারাগারের কোনো নিয়ম ভাঙেন বা অন্য কাউকে তা ভাঙতে সাহায্য করেন।

অল্প সময়ের জন্য কারাগারের বাইরে গিয়ে নিয়ম ভাঙা

- যদি আপনি অল্প সময়ের জন্য কারাগার থেকে ছাড়া পেলে নিয়ম ভাঙেন। এটি **প্রিজন রুল নম্বর 9** বা **ইয়ং অফেণ্ডার ইনস্টিটিউশন রুল নম্বর 5** বিষয়ক।

কারাগারের আইন ভঙ্গ করা

কারাগারের নিয়ম ভাঙলে তাকে বলা হয় **নিয়মলঙ্ঘন অপরাধ**।

নিয়মলঙ্ঘন অপরাধ করলে কি হবে?

1. একজন কারাগারের অফিসার সঙ্গে সঙ্গে (বা 48 ঘণ্টার মধ্যে) আপনাকে জানাবেন যে আপনি কোনো নিয়মলঙ্ঘন অপরাধ করেছেন বলে তাঁরা মনে করেন কি না এবং অপরাধটি কী। তাঁরা আপনাকে অপরাধটি সম্পর্কে জানিয়ে একটি ফর্ম দেবেন।

2. আপনাকে একটি শুনানি (রায়দানও বলা হয়)- তে যেতে হবে । সেখানে যা ঘটেছে সে সম্বন্ধে আপনি ও কারাগারের কর্মীরা কথা বলবেন। শুনানিটি হয় গভর্নর বা নিরপেক্ষ রায়দাতা নামে পরিচিত কারাগারের বাইরের কারো দ্বারা পরিচালিত হবে।

3. শুনানিতে আপনাকে বলতে হবে আপনি নিয়মলঙ্ঘন অপরাধের জন্য দোষী কি না।

4. গভর্নর বা নিরপেক্ষ রায়দাতা স্থির করবেন আপনি নিয়মলঙ্ঘন অপরাধের জন্য দোষী কি না। আপনার ও যাঁরা ঘটনাটি সম্বন্ধে ওয়াকিবহাল তাদের কথা শোনার পর তাঁরা এই সিদ্ধান্ত নেবেন।

5. আপনি দণ্ডিত হলে আপনাকে শাস্তি দেওয়া হবে। **87 পৃষ্ঠায়** শাস্তির একটি তালিকা আছে। যদি আপনি দণ্ডিত না হন তা হলে আর কিছুই হবে না।

শাস্তি

মুখ্য বিষয়গুলি

প্রিসন রুল নম্বর 55 এবং **55A ইয়ং অফেণ্ডার ইনস্টিটিউশন রুল নম্বর 60** এবং **60A**তে আপনি যে সব শাস্তি পেতে পারেন সে সম্বন্ধে আলোচনা করা হয়েছে।

- ✓ আপনার শাস্তি নির্ভর করবে নিয়মলঙ্ঘন অপরাধটি কতটা গুরুতর তার উপরে ।
- ✓ কারাগার যদি নিয়মলঙ্ঘন অপরাধটিকে গুরুতর মনে করে তবে তারা পুলিশকেও জড়িত করতে পারে।
- ✓ যদি আপনি একটির বেশি নিয়মলঙ্ঘন অপরাধ করে থাকেন তবে আপনাকে প্রতিটির জন্য শাস্তি দেওয়া হতে পারে। শাস্তিগুলি হয়তো পর পর চলতে পারে।
- ✓ নিয়মলঙ্ঘন অপরাধটি যথেষ্ট গুরুতর হলে আপনাকে কারাগারে অতিরিক্ত সময় কাটাতে হতে পারে।
- ✓ কিন্তু, যদি আপনাকে অতিরিক্ত দিন দেওয়া হয়, তবে প্রতিটি অপরাধের জন্য দেওয়া অতিরিক্ত দিনের সংখ্যা 42এর বেশি হতে পারবে না।
- ✓ সতর্কীকরণ ছাড়া অন্য যে কোনো শাস্তি 6 মাস পর্যন্ত মুলতুবি থাকতে পারে। এই অর্থ এই সময়ের মধ্যে যদি আপনি আর একটি নিয়মলঙ্ঘন অপরাধ করেন তবে আপনার শাস্তি আরম্ভ হতে পারে।
- ✓ গভর্নর আপনাকে অতিরিক্ত দিন ছাড়া যে কোনো শাস্তি দিতে পারেন।
- ✓ নিরপেক্ষ রায়দাতাই (জেলা জজ) একমাত্র ব্যক্তি যিনি আপনাকে অতিরিক্ত দিন তথা অন্য শাস্তিগুলির মধ্যে যে কোনটি দিতে পারেন।

নিয়মলঙ্ঘন অপরাধের জন্য আপনার যা যা শাস্তি হতে পারে তার একটি তালিকা

- আপনাকে সতর্ক করা হতে পারে।
- আপনার বিশেষ সুবিধা (যেমন কুঠুরিতে টিভি রাখা) 42 দিন পর্যন্ত কেড়ে নেওয়া হতে পারে। বা অল্পবয়স্ক অপরাধীদের জন্য 21 দিন পর্যন্ত।
- আপনার রোজগার করা 84 দিনের টাকাপয়সা আটকে দেওয়া হতে পারে। বা অল্পবয়স্ক অপরাধীদের জন্য 43 দিনের। তবে আপনার পরিবারের সঙ্গে যোগাযোগ বজায় রাখার জন্য ডাকটিকিট কেনার ও ফোন করার মত যথেষ্ট টাকা আপনি পাবেন।
- 35 দিন পর্যন্ত আপনাকে অন্য কয়েদিদের থেকে আলাদা করে একা একটি কুঠুরিতে তালাবন্ধ করে রাখা হতে পারে। বা 18 বছরের বেশি বয়স্ক অল্পবয়স্ক অপরাধীদের জন্য 16 দিন পর্যন্ত। একে বলা হয় নির্জন কারাবাস। আপনি এর জন্য যথেষ্ট সুস্থ তা নিশ্চিত করার জন্য প্রথমে একজন ডাক্তার বা নার্স আপনাকে পরীক্ষা করবেন।
- 21 দিন পর্যন্ত অন্য কয়েদিদের সঙ্গে আপনার কাজ করা বন্ধ রাখা হতে পারে।
- যদি আপনি বিচারাধীন আটক থাকেন, তবে আপনার বিশেষ সুবিধাগুলি কেড়ে নেওয়া হতে পারে।
- কারাগারের শাখা বা বাস এলাকা থেকে আপনাকে 28 দিনের জন্য সরিয়ে নেওয়া হতে পারে। বা অল্পবয়স্ক অপরাধীদের জন্য তা 21 দিন পর্যন্ত।

এই শাস্তিগুলি **কেবলমাত্র অল্পবয়স্ক অপরাধীদের জন্য**

- 21 দিন পর্যন্ত আপনাকে কার্যকলাপে অংশ নিতে না দেওয়া হতে পারে।
- 21 দিন পর্যন্ত আপনাকে 2 ঘণ্টা বাড়তি কাজ করতে হতে পারে ।

অতিরিক্ত দিন

- নিয়মলঙ্ঘন অপরাধটি যথেষ্ট গুরুতর হলে আপনাকে অন্যান্য শাস্তির সঙ্গে কারাগারে অতিরিক্ত 42 দিন পর্যন্ত দেওয়া হতে পারে।
- অতিরিক্ত দিন আপনার দণ্ডাদেশের অংশ নয় কিন্তু অতিরিক্ত সময়টি আপনাকে কারাগারে কাটাতে হবে।
- কেবলমাত্র স্বাধীন রায়দাতাই (এঁরা জেলা জজ) আপনাকে অতিরিক্ত দিন দিতে পারেন।

অতিরিক্ত দিন সম্বন্ধে আরো তথ্য

- যদি আপনি বিচারাধীন হাজতে থাকেন, তবে দোষী সাব্যস্ত ও দণ্ডিত হলে তবেই আপনি আপনার অতিরিক্ত দিনের সাজা খাটবেন।
- যদি আপনি যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত বন্দী হন, জন সুরক্ষা স্বার্থে বন্দী হন, দেওয়ানি মামলার বন্দী হন বা অভিবাসনের মীমাংসা হওয়া পর্যন্ত আটক বিদেশী নাগরিক হন তবে আপনাকে অতিরিক্ত দিন দেওয়া হবে না।

কারাগার রায়দান-যাকে শুনানিও বলা হয়

মুখ্য বিষয়গুলি

- ✓ নিয়মলঙ্ঘন অপরাধটি সম্বন্ধে কথা বলার জন্য আপনাকে একটি কারাগার শুনানিতে যেতে হবে।
- ✓ শুনানিটি হয় একজন গভর্নর বা একজন কারাগারের বাইরের একজন জেলা জজ (স্বাধীন রায়দাতা নামে পরিচিত) দ্বারা পরিচালিত হবে।
- ✓ যেদিন কারাগার কর্মীরা আপনাকে জানাবেন আপনি কি নিয়মলঙ্ঘন অপরাধ করেছেন বলে তাঁরা মনে করেন সাধারণত তার পরের দিনই শুনানিটি হবে।
- ✓ শুনানির জন্য তৈরি হতে আপনি অন্তত 2 ঘণ্টা পাবেন।
- ✓ শুনানি না হওয়া পর্যন্ত আপনাকে হয়তো অন্যান্য কয়েদিদের থেকে আলাদা রাখা হতে পারে।
- ✓ যা ঘটেছিল বলে আপনি মনে করেন সে কথা বলার সুযোগ আপনি পাবেন।
- ✓ শুনানিতে এসে কথা বলার জন্য সাক্ষীও পেতে পারেন।
- ✓ আপনাকে সাহায্য করার জন্য আপনি হয়তো অন্য কাউকে পেতে পারেন। যেমন, একজন আইনজীবী বা McKenzie friend (ম্যাকেঞ্জি বন্ধু) নামে পরিচিত কেউ। 94 **পৃষ্ঠা দেখুন**।
- ✓ যা ঘটছে তা যদি আপনি বুঝতে না পারেন বা প্রশ্ন করার দরকার মনে করেন তাহলে কোনো কারাগার অফিসার বা আপনার আইনজীবীর সঙ্গে কথা বলুন।

শুনানিটির আগে কী হবে?

- আপনাকে **অন রিপোর্ট** করা হবে৷ এই সময় একজন কারাগার অফিসার আপনাকে জানাবেন আপনি কি নিয়মলঙ্ঘন অপরাধ করেছেন বলে তাঁরা মনে করেন৷

- একজন কারাগার অফিসারকে সঙ্গে সঙ্গে(বা 48 ঘণ্টার মধ্যে) আপনাকে জানাতে হবে আপনি কি নিয়মলঙ্ঘন অপরাধ করেছেন বলে তাঁরা মনে করেন৷

- শুনানি সাধারণতঃ এর পরের দিন হবে (যদি না রবিবার অথবা সরকারি ছুটির দিন পড়ে) ।

- শুনানির জন্য তৈরি হতে আপনি অন্তত 2 ঘণ্টা পাবেন৷

শুনানির আগে আপনাকে 2টি ফর্ম দেওয়া হবে

1. **ফর্ম** 1127**A**৷ যে নিয়মলঙ্ঘন অপরাধটি আপনি করেছেন বলে কারাগার অফিসার মনে করেন এটি আপনাকে তা জানাবে৷ ফর্মে যা লেখা আছে তা যদি আপনি বুঝতে না পারেন তবে তা **অবশ্যই জানাবেন**৷

2. **ফর্ম** 1127**C**৷ এটি আপনাকে জানাবে শুনানিতে কি হবে৷

   এই ফর্মটিতে আপনি

   - যা ঘটেছে বলে মনে করেন তার একটি বিবৃতি লিখতে পারেন৷ ফর্মের উল্টো পিঠে এটি লিখুন৷ দরকার হলে আরো কাগজ চেয়ে নিন৷

   - যে সব সাক্ষীকে আপনি শুনানিতে ডাকতে চান তাদের নাম লিখুন, যদি আপনার এই সময়ে জানা থাকে তাঁরা কারা । আপনি কাদের সাক্ষী হিসাবে চান তা ইচ্ছা করলে শুনানির সময়েও বলতে পারেন৷

শুনানি সম্বন্ধে আরো তথ্য

- আপনি শুনানিতে যাওয়ার মত সুস্থ আছেন তা নিশ্চিত করার জন্য শুনানির আগে একজন ডাক্তার বা নার্সকে দিয়ে আপনার স্বাস্থ্য পরীক্ষা করানো হতে পারে।

- শুনানি পর্যন্ত আপনাকে অন্য বন্দীদের কাছ থেকে আলাদা রাখা হতে পারে।

শুনানির আগে কী করতে হবে

✓ শুনানিতে যা বলতে চান সে সম্বন্ধে চিন্তা করুন।

✓ ভেবে দেখুন যা ঘটেছে তা অন্য কেউ দেখেছে কি না। তারা শুনানিতে আপনার হয়ে সাক্ষী দিতে পারে।

✓ শুনানির আগে প্রিজন ডিসিপ্লিন ম্যানুয়াল নামের বইটিতে একবার চোখ বুলিয়ে নেওয়া আপনার জন্য লাভদায়ক হতে পারে। এটিকে **PSO** 2000 ও বলা হয়। আপনার উইং-এ ও কারাগারের লাইব্রেরিতে এটির একটি করে কপি থাকা উচিত। লাইব্রেরিতে যেতে না পারলে একটি কপি দেখতে চান।

✓ শুনানির আগে প্রিজন ডিসিপ্লিন ম্যানুয়াল দেখার সুযোগ না পেলে শুনানির তারিখ পিছিয়ে দেবার অনুরোধ করতে পারেন।

✓ যদি আপনার পড়তে বা লিখতে অসুবিধা হয়, বা কোনো কিছু বুঝতে না পারেন তা হলে কোনো কারাগার অফিসার বা আপনার আইনজীবীর কাছে সাহায্য চান।

শুনানিতে কী হবে?

1. গভর্নর দেখবেন
   - আপনার কাছে ফর্ম 1127A এবং 1127C আছে কিনা
   - কেন আপনি শুনানিতে এসেছেন এবং কি ঘটবে তা আপনি বুঝছেন কি না
   - শুনানির জন্য তৈরি হতে আপনি পর্যাপ্ত সময় পেয়েছেন কি না। উদাহরণ স্বরূপ, আপনি কি বলতে চান সে সম্বন্ধে চিন্তা করতে
   - আপনি কোনো সাহায্য চান কি না, যেমন আইনি পরামর্শ বা একজন দোভাষী

2. কেউ একজন অভিযোগটি পড়ে শোনাবে। অভিযোগটি হল সেই নিয়মলঙ্ঘন অপরাধটি যা আপনি করেছেন বলে কারাগার কর্মীরা মনে করেন।

3. আপনাকে তারপর বলতে বলা হবে আপনি ঐ নিয়মলঙ্ঘন অপরাধটির জন্য **দোষী** না **নির্দোষ**।

যদি আপনি দোষ স্বীকার করেন

- যে কারাগার অফিসার আপনাকে অন রিপোর্ট করেছিলেন তিনি ঘটনাটির একটি বিবৃতি পড়ে শোনাবেন।

- আপনাকে তারপরে সে সম্বন্ধে আপনার মতামত জানাতে হবে। উদাহরণ স্বরূপ, আপনি প্রশ্ন করতে পারেন।

- মনে করুন কারাগার অফিসারের বিবৃতির সঙ্গে আপনি একমত নন। যদি আপনি কারাগার অফিসারের বিবৃতির সঙ্গে **একমত না হন** তা হলে আপনি সাক্ষী ডাকার অনুমতিও চাইতে পারেন।

- আপনি যা কিছুর সঙ্গে একমত নয় বলে জানান গভর্নরকে অবশ্যই সেগুলি খুঁটিয়ে দেখতে হবে।

- গভর্নর হয়তো স্থির করতে পারেন যে তথ্যগুলি সঠিক এবং আর কিছু দেখার নেই। যদি তা হয়, সেক্ষেত্রে তিনি আপনার কাছে জানতে চাইবেন আপনি **কঠোরতা হ্রাসের আবেদন** করতে চান কি না। এই সময়ে আপনি গভর্নরকে এমন কিছু বলতে পারেন যা আপনার নিয়মলঙ্ঘনের গুরুত্ব কম করে দেখাবে বলে মনে করেন।

- কারাগার কর্মীদের একজন তারপরে কারাগারে আসার পর থেকে আপনার আচরণ সংক্রান্ত তথ্য পড়ে শোনাবেন। এবং এর আগে যদি আপনার কোনো শুনানি হয়ে থাকে সে সম্বন্ধেও।

- আপনি তারপরে তাঁদের পড়ে শোনানো তথ্য সম্বন্ধে আপনার মতামত জানাতে পারেন।

- তারপরে গভর্নর আপনাকে জানাবেন আপনার শাস্তিটি কি হবে। আপনাকে একটি ফর্মের কপি দেওয়া হবে যাতে আপনার শাস্তিটি জানানো থাকবে। এই ফর্মটিকে বলা হয় **ফর্ম** 256D।

- যদি কোনো সময়ে গভর্নর মনে করেন যে আপনার নিয়মলঙ্ঘন অপরাধটি আপনার অতিরিক্ত দিন শাস্তি পাওয়ার মত গুরুতর, তাহলে আপনার মামলাটি দেখার জন্য তাঁরা একজন স্বাধীন রায়দাতাকে অনুরোধ করবেন।

- স্বাধীন রায়দাতার সঙ্গে দেখা করার জন্য আপনাকে ২৪ দিন পর্যন্ত অপেক্ষা করতে হতে পারে।

যদি আপনি দোষ অস্বীকার করেন, বা কী বলবেন সে সম্বন্ধে নিশ্চিত না হন

- যে কারাগার অফিসার আপনার নামে রিপোর্ট করেছিলেন তিনি একটি বিবৃতি পড়ে শোনাবেন যাতে তাঁরা যা ঘটেছিল বলে মনে করেন তা বলা আছে৷

- এটি সম্বন্ধে আপনি আপনার মতামত জানাতে পারেন বা যে কোনো প্রশ্ন করতে পারেন৷

- গভর্নর কারাগার অফিসারকে কিছু প্রশ্ন করবেন৷ তাঁরা কিছু সাক্ষীদেরও বক্তব্য শুনতে চাইতে পারেন৷

- আপনি ও গভর্নর সাক্ষীদের প্রশ্ন করতে পারবেন৷

- আপনার কাছে অভিযোগটি সম্বন্ধে (আপনি যা করেছেন বলে কারাগারের কর্মচারীরা মনে করেন) এবং সাক্ষীদের বক্তব্য সম্বন্ধে আপনার মতামত জানতে চাওয়া হবে৷

- আপনি চাইলে আপনার পক্ষ সমর্থনের জন্য সাক্ষীদের ডাকতে পারেন (যদি না গভর্নর মনে করেন তা না করার জন্য যথেষ্ট ভালো কারণ আছে)৷

- আপনি, কারাগার অফিসার ও গভর্নর সাক্ষীদের প্রশ্ন করতে পারবেন৷

- কেন আপনি নিজেকে দোষী মনে করেন না আপনি তার প্রধান কারণগুলি বলার সুযোগ পাবেন৷

- গভর্নর তারপরে আপনাকে তাঁর সিদ্ধান্ত জানাবেন৷ একে বলা হয় রায়৷ আপনাকে দণ্ডিত করার আগে আপনি যে নিয়মলঙ্ঘন অপরাধটি করেছেন সে বিষয়ে গভর্নরকে সম্পূর্ণ নিশ্চিত হতে হবে৷

- আপনি দণ্ডিত হলে, গভর্নর আপনাকে জানাবেন আপনার শাস্তিটি কি৷ গভর্নর আপনাকে একটি ফর্ম দেবেন যাতে আপনার শাস্তিটি জানানো থাকবে। এই ফর্মটিকে বলা হয় **ফর্ম** 256D৷

- যদি কোনো সময়ে গভর্নর মনে করেন যে আপনার নিয়মলঙ্ঘন অপরাধটি আপনার অতিরিক্ত দিন পাওয়ার মত গুরুতর, তাহলে আপনার মামলাটি দেখার জন্য তাঁরা একজন স্বাধীন রায়দাতাকে অনুরোধ করবেন।

শুনানিতে অন্য যা সাহায্য পেতে পারেন

আপনি হয়তো আপনার শুনানিতে এই ধরনের সাহায্য পেতে পারেন

- আইনি পরামর্শ
- আইনি প্রতিনিধিত্ব (শুনানিতে আপনার প্রতিনিধিত্ব করতে একজন উকিল আসেন)
- একজন বন্ধু বা পরামর্শদাতা আসেন(এই ব্যক্তিটিকে বলা হয় ম্যাকেঞ্জি বন্ধু)। এই ব্যক্তিটি আসতে পারেন ও আপনার হয়ে নোট নিতে পারেন এবং আপনাকে পরামর্শ দিতে পারেন। কিন্তু তাঁরা আপনার প্রতিনিধিত্ব করতে **পারেন না** এবং কেবলমাত্র গভর্নর অনুমতি দিলে তবেই কথা বলতে পারেন। যাজক, একজন কারাগার অফিসার, বা আরেকজন কয়েদির মত কেউ আপনার ম্যাকেঞ্জি বন্ধু হতে পারেন।

যদি শুনানিটি একজন গভর্নর দ্বারা পরিচালিত হয়

আপনি আইনি পরামর্শ পেতে **পারেন**। তা টেলিফোন, চিঠি বা আপনার উকিলের সঙ্গে সাক্ষাতের মাধ্যমে হতে পারে।

আপনি আইনি প্রতিনিধিত্ব পেতে **পারেন না** যদি না গভর্নর বলেন আপনি তা এইসব কারণগুলির জন্য পেতে পারেন যেমন

- নিয়মলঙ্ঘন অপরাধটির গুরুত্ব এবং আপনার সম্ভাব্য শাস্তি
- আইন সংক্রান্ত যে সব সম্ভাব্য প্রশ্ন উঠতে পারে
- যা ঘটছে আপনি তা কতটা বুঝতে পারছেন
- যে সব বিষয় মামলাটির গতি ধীর করে দিতে পারে বা সমস্যা সৃষ্টি করতে পারে। উদাহরণ স্বরূপ, আপনাকে অন্য কয়েদিদের থেকে আলাদা রাখার কারণে যদি আপনার নিজের পক্ষ সমর্থনের কৈফিয়ত তৈরি করতে সমস্যা হয়ে থাকে।

এই ধরনের শুনানিতে আপনি সাধারণত একজন McKenzie friend (ম্যাকেঞ্জি বন্ধু) বা পরামর্শদাতা পেতে **পারেন না**।

তবে কি ঘটছে তা বুঝতে না পারলে, মামলাটি খুব জটিল হলে, বা গভর্নর যদি অনুমতি দেওয়া উচিত মনে করেন তাহলে হয়তো আপনি একজন ম্যাকেঞ্জি বন্ধু বা পরামর্শদাতা পেতেও পারেন।

যদি শুনানিটি একজন নিরপেক্ষ রায়দাতা (একজন জেলা জজ) দ্বারা পরিচালিত হয়ে থাকে

- আপনি সব সময় আইনি প্রতিনিধিত্ব পেতে **পারেন** (একজন উকিল আপনার প্রতিনিধিত্ব করতে আসেন)।
- আপনার আইনি প্রতিনিধিত্ব পাওয়া নিয়ে কোনো সমস্যা হলে গভর্নর বা লিগাল সার্ভিসেস অফিসার আপনাকে সাহায্য করতে পারেন।

শুনানি বা শাস্তি সম্বন্ধে পুনর্বিচারের অনুরোধ

আপনি যা পারেন

- ✓ যদি মনে করেন শুনানিটি ভুল ভাবে পরিচালিত হয়েছে বা আপনাকে অত্যন্ত কঠোর শাস্তি দেওয়া হয়েছে তা হলে পুনর্বিচারের অনুরোধ করতে পারেন।
- ✓ গভর্নর যদি মনে করেন শুনানিটি ভুল ভাবে পরিচালিত হয়েছে তা হলে তিনি সে বিষয়ে কিছু করতে পারেন।
- ✓ আপনাকে যে অতিরিক্ত দিনগুলি দেওয়া হয়েছিল সেগুলি ফিরে পেতে আবেদন করতে পারেন।

শুনানিটি ভুলভাবে পরিচালিত হলে বা আপনাকে অত্যন্ত কঠোর শাস্তি দেওয়া হলে কি হবে?

1. যদি গভর্নর মনে করেন শুনানিটি ভুলভাবে পরিচালিত হয়েছে

যদি শুনানিটি একজন গভর্নর দ্বারা পরিচালিত হয়ে থাকে

- গভর্নর শুনানির ফলাফল বদলে দিতে পারেন। উদাহরণ স্বরূপ, আপনাকে যে দণ্ডিত করা হয়েছিল তা তাঁরা বদলে দিতে পারেন ও আপনাকে যে শাস্তি দেওয়া হয়েছিল তা বদলে দিতে পারেন।

যদি শুনানিটি একজন নিরপেক্ষ রায়দাতা (একজন জেলা জজ) দ্বারা পরিচালিত হয়ে থাকে

গভর্নর যা করতে পারেন

- উর্ধ্বতন জেলা জজকে মামলাটি দেখার জন্য ফিরিয়ে দিতে পারেন।

2. যদি আপনি মনে করেন শুনানিটি ভুল ভাবে পরিচালিত হয়েছে বা আপনাকে অত্যন্ত কঠোর শাস্তি দেওয়া হয়েছে।

যদি আপনার শুনানিটি একজন গভর্নর দ্বারা পরিচালিত হয়ে থাকে

- আপনার উইং-এর একজন কারাগার অফিসারের কাছে **ফর্ম ADJ1** নামের ফর্মটি চান।
- ফর্মটি ভর্তি করে শুনানির 6 সপ্তাহের মধ্যে গভর্নরের কাছে পাঠিয়ে দিন।
- এরিয়া ম্যানেজার নামে পরিচিত কোনো একজন আপনার মামলাটির বিষয়ে সিদ্ধান্ত নেবেন।
- এরিয়া ম্যানেজার যদি মনে করেন আপনার শুনানিটি ভুল ছিল, তাহলে তিনি আপনাকে দোষী সাব্যস্ত করার সিদ্ধান্ত বদলে দিতে পারেন বা আপনাকে যে শাস্তি দেওয়া হয়েছিল তা বদলে দিতে পারেন।

যদি আপনার শুনানিটি একজন নিরপেক্ষ রায়দাতা দ্বারা পরিচালিত হয়ে থাকে

- কেন আপনি আপনার শুনানির পুনর্বিচার চাইছেন **সাদা কাগজে** লিখে গভর্নরের কাছে পাঠান। **ফর্ম ADJ1 ভরবেন না**। শুনানির 14 দিনের মধ্যেই আপনাকে গভর্নরকে লিখতে হবে।
- আপনার কাগজটি দেখার জন্য উর্ধ্বতন জেলা জজ নামে পরিচিত একজন জজের কাছে পাঠানো হবে। ওই জজ হবেন ওয়েস্টমিনস্টার ম্যাজিস্ট্রেটস কোর্টের।
- উর্ধ্বতন জেলা জজ আপনার শাস্তি পালটানোর সিদ্ধান্ত নিতে পারেন। কিন্তু তাঁরা আপনাকে দোষী সাব্যস্ত করার সিদ্ধান্ত বদলে দিতে **পারেন না** ।

আপনি যদি তাও সন্তুষ্ট না হন

- **প্রিজনস অ্যাণ্ড প্রোবেশন ওমবাডসম্যান** নামে পরিচিত ব্যক্তিকে আপনার মামলাটি দেখার জন্য বলতে পারেন। ইনি কারাগারের হয়ে কাজ করেন না। এঁদের কাজ হল কারাগার জীবন সম্বন্ধে কয়েদিদের অভিযোগ খতিয়ে দেখা।
- আপনি ওমবাডসম্যানকে লিখতে পারেন বা তাঁদের আপনার মামলাটি দেখতে বলতে পারেন। অথবা আপনি আপনার উকিলকে আপনার হয়ে তা করার জন্য অনুরোধ করতে পারেন।
- ওমবাডসম্যান প্রথমে আপনার ও গভর্নরের মধ্যের পরিস্থিতির নিষ্পত্তি করার চেষ্টা করবেন।

ওমবাডসম্যান সম্বন্ধে আরো তথ্য

- যদি এতে কাজ না হয়, তা হলে কি ঘটা উচিত বলে ওমবাডসম্যান মনে করেন সেই সম্বন্ধে তিনি একটি প্রতিবেদন লিখবেন।

- আপনি আরেক বার শুনানির সুযোগ পাবেন **না**। তবে ওমবাডসম্যান সুপারিশ করতে পারেন যে আপনাকে যে দণ্ডিত করা হয়েছিল বা আপনাকে যে শাস্তি দেওয়া হয়েছিল কারাগার তা বদলে দিক।

  ওমবাডসম্যানের কাছে এই ঠিকানায় লিখুন

  প্রিজনস অ্যাণ্ড প্রোবেশন ওমবাডসম্যান
  অ্যাশলে হাউস
  2 মঙ্ক স্ট্রীট
  লণ্ডন
  SW1P 2BQ

বিচারবিভাগীয় পুনর্বিচার

- আপনি একজন জজকে আপনার মামলাটি দেখতে বলতে পারেন। তবে সেটা হয়তো হতে নাও দেওয়া হতে পারে। তাই সব থেকে ভালো হয় আগে যে সব ভাবে বলা হয়েছে সেই ভাবে একটি অভিযোগ করা।

- যদি আপনি একজন জজকে দিয়ে আপনার মামলাটি দেখাতে চান, তবে আপনার উকিলের কাছে এটি যাতে হয় তার অনুরোধ জানাতে বলে লিখুন।

অতিরিক্ত দিন ফিরে পাওয়া

- আপনাকে যে অতিরিক্ত দিন দেওয়া হয়েছিল তার কিছুটা ফিরে পাবার জন্য আপনি আবেদন করতে পারেন।

- সাধারণত আপনি দিনগুলির অর্ধেক পর্যন্ত ফিরে পাবার জন্য আবেদন করতে পারেন।

- আপনার সর্বশেষ নিয়মলঙ্ঘন অপরাধে দণ্ডিত হওয়ার **6 মাস** পরে আপনি অতিরিক্ত দিন ফিরে পাবার জন্য আবেদন করতে পারেন। বা অতিরিক্ত দিন ফিরে পাবার জন্য সর্বশেষ আবেদনের **6 মাস** পরে।

- আপনি অল্পবয়স্ক অপরাধী হলে **4 মাস** পরে আবেদন করতে পারেন।

অতিরিক্ত দিন ফিরে পাওয়ার জন্য কিভাবে আবেদন করতে হবে

- আপনার উইং-এর কোনো একজন কর্মীর সঙ্গে কথা বলুন। ওই কর্মী খোঁজ নিয়ে দেখবেন আপনি অতিরিক্ত দিনগুলি ফেরত পেতে পারেন কি না ।

- আপনাকে তারপরে কেন আপনি আপনার অতিরিক্ত দিনগুলি ফেরত পাওয়া উচিত মনে করেন সে সম্বন্ধে কিছু লিখে জানাতে বলা হবে৷

- আপনার উইং-এর কোনো একজন কর্মী তারপরে আপনার সম্বন্ধে একটি প্রতিবেদন লিখবেন ও সেটি গভর্নরের কাছে পাঠিয়ে দেবেন৷ আপনি যদি কোনো নিয়মলঙ্ঘন অপরাধ করে থাকেন সে সংক্রান্ত তথ্যও তাঁরা প্রতিবেদনটির সঙ্গে পাঠাবেন৷

- আপনি সম্ভবত সব কটি দিন ফেরত পাবেন না৷ কিন্তু আরো ফিরে পাবার জন্য পরে আবার আবেদন করতে পারবেন৷

কারাগার নিরাপদ রাখার জন্য পৃথকীকরণ, আপনার কুঠুরি তল্লাশি এবং অন্যান্য যা কিছু কারাগার কর্মীরা করতে পারেন

✓ কারাগারে যা ঘটে তার উপর নিয়ন্ত্রণ রাখার জন্য কারাগার কর্মীরা অন্যান্য কিছু করতে পারেন৷

✓ এই জিনিসগুলি শাস্তি হিসাবে ব্যবহার **করা যাবে না৷** কিন্তু অন্যদের আহত হওয়া আটকাতে এবং কারাগার নিরাপদ রাখতে যখন দরকার এগুলি ব্যবহার করা চলবে৷

✓ এই জিনিসগুলি প্রায় কাজে লাগানো হয়ই না৷

পৃথকীকরণ (প্রিজন সার্ভিস রুল 45 এ আরো তথ্যের জন্য দেখুন)

পৃথকীকরণ কী?

- পৃথকীকরণ মানে যখন আপনাকে অন্যান্য কয়েদিদের থেকে আলাদা করে রাখা হয়।
- আপনাকে পৃথকীকরণে রাখা হবে কি না সে সম্পর্কে গভর্নর সিদ্ধান্ত নেন।
- আপনাকে হয়তো পৃথকীকরণ কেন্দ্র নামে পরিচিত কারাগারের অন্য একটি অংশে রাখা হতে পারে। আপনাকে অন্য কয়েদিদের থেকে আলাদা করে রাখা হবে। আপনাকে হয়তো অন্য পৃথকীকরণে রাখা কয়েদিদের সঙ্গে রাখা হতে পারে।
- আপনি হয়তো কাজ করতে পারবেন না এবং আপনাকে হয়তো অন্য কয়েদিদের থেকে বেশি সময় পর্যন্ত কুঠুরিতে থাকতে হতে পারে।

কেন আপনাকে পৃথকীকরণে রাখা হবে?

- যদি আপনি বা কারাগার কর্মীরা মনে করেন আপনার বিপদের আশঙ্কা রয়েছে। যেমন, আপনি হয়তো অন্যান্য কয়েদিদের থেকে আলাদা থাকতে চাইতে পারেন যদি আপনি মনে করেন আপনি যে ধরনের অপরাধ করেছেন তার জন্য তাঁরা আপনাকে আঘাত করতে পারেন। যেমন, যদি আপনি কোনো যৌন অপরাধ করে থাকেন। আপনার উকিল বা পুলিশ হয়তো এ সম্বন্ধে আপনাকে পরামর্শ দিয়ে থাকতে পারেন।
- যদি আপনি এমন আচরণ করেন যা কারাগারের অন্যদের জন্য সমস্যা সৃষ্টি করতে পারে বলে কারাগার কর্মীরা মনে করেন।

কত দিনের জন্য আপনাকে পৃথকীকরণে রাখা হবে?

- গভর্নর প্রথমে আপনাকে 3 দিন পর্যন্ত পৃথকীকরণে রাখতে পারেন।
- তারপরে আপনাকে 1 মাস পর্যন্ত পৃথকীকরণে রাখা হতে পারে। এবং তার পর থেকে প্রতিবার 1 মাস পর্যন্ত।
- 21 বছরের কম বয়সী বন্দীদের সবথেকে বেশি হলে 14 দিন পর্যন্ত পৃথকীকরণে রাখা যেতে পারে।
- প্রথম 3 দিনের পর, গভর্নরকে অন্ততঃ প্রত্যেক 14 দিন অন্তর যাচাই করে দেখতে হবে আপনাকে পৃথকীকরণেই রাখা হবে কি না।

পৃথকীকরণে যেতে চাইলে যা যা বিবেচনা করতে হবে

- ✓ পৃথকীকরণে যাওয়া একটি অত্যন্ত গুরুতর ব্যাপার। পৃথকীকরণে যেতে চাওয়ার আগে খুব ভালো করে চিন্তা করুন।
- ✓ যদি গভর্নর উচিত মনে করেন তবেই আপনি পৃথকীকরণে যেতে পারবেন।
- ✓ যদি আপনি পৃথকীকরণে যান, তা হলে অন্য বন্দীরা আপনার সম্বন্ধে এমন কিছু ভাবতে আরম্ভ করতে পারে যার ফলে আপনার ঐ উইং-এ ফিরে আসা আরো কঠিন হয়ে পড়বে।

পৃথকীকরণে থাকাকালীন আপনি যা সাহায্য পেতে পারেন

পৃথকীকরণে থাকাকালীন আপনি যদি কোনো বিষয়ে উদ্বিগ্ন থাকেন, তা হলে কোনো কারাগার অফিসার বা গভর্নরের সঙ্গে কথা বলুন।

এই ব্যক্তিরা **প্রতিদিন** পৃথকীকরণ কেন্দ্রে আসেন
- একজন কারাগার অফিসার
- গভর্নর
- একজন ডাক্তার বা নার্স।

এই ব্যক্তিরাও পৃথকীকরণ কেন্দ্রে আসেন - তবে প্রতিদিন নয়
- যাজক
- ইণ্ডিপেণ্ডেণ্ট মনিটরিং বোর্ড থেকে কেউ (এঁরা কারাগারগুলি ভালোভাবে ও ন্যায্য ভাবে চালানো হচ্ছে কি না তা চেক করে দেখেন)।

বিশেষ বাসস্থান ও যান্ত্রিক প্রতিবন্ধক

এই সব জিনিস খুব বেশি ব্যবহার হয় না। তবে কারাগার কর্মীরা এগুলি ব্যবহার করতে পারেন যদি

- আপনি সহিংস আচরণ করতে থাকেন
- আপনি নিজেকে, অন্যদের বা কারাগারকে আহত করতে বা ক্ষতি করতে পারেন।

বিশেষ বাসস্থান হল একটি কুঠুরি যাতে আপনি সহিংস আচরণ করতে থাকলে কারাগার কর্মীরা আপনাকে তালাবন্ধ করে রাখতে পারেন। কুঠুরিতে কোনো আসবাব নাও থাকতে পারে। আপনি শান্ত না হওয়া পর্যন্ত আপনাকে কুঠুরিটিতে তালাবন্ধ করে রাখা হবে।

যান্ত্রিক প্রতিবন্ধক হল কিছু জিনিস যা আপনার শরীরে পরানো হয় যাতে আপনি নিজেকে বা অন্যদের আহত করতে না পারেন। বডি বেল্ট ধরনের যান্ত্রিক প্রতিবন্ধক ব্যবহার করা হয়। এটি একটি বেল্ট যা আপনার শরীরকে ঘিরে থাকে এবং এর সঙ্গে হাতকড়া লাগানো থাকে।

- যদি আপনাকে বিশেষ কুঠুরিতে তালাবন্ধ করে রেখে লাভ না হয়ে থাকে তাহলে আপনাকে বডি বেল্ট পরানো হবে।
- আপনার বয়স 17 বছরের বেশি হলে তবেই কেবল আপনাকে বডি বেল্ট পরানো যাবে।
- প্রতি 4 ঘণ্টা পর পর কারাগার কর্মচারীরা দেখবেন আপনি কেমন আছেন।
- ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড থেকে কেউ(যাঁরা কারাগারগুলি ভালোভাবে ও ন্যায্য ভাবে চালানো হচ্ছে কি না তা চেক করে দেখেন) আপনাকে 1 দিনের মধ্যে দেখতে আসবেন। যখন কারাগার কর্মচারীরা আপনি কেমন আছেন চেক করবেন তখনও যখন সম্ভব হবে এই ব্যক্তি উপস্থিত থাকবেন।

মুখ্য বিষয়গুলি

✓ কারাগার কর্মচারীরা আপনাকে বিশেষ কুঠুরিতে তালাবন্ধ করে রাখার আগে বা আপনাকে বডি বেল্ট পরানোর আগে অবশ্যই গভর্নরকে সম্মতি দিতে হবে।

✓ এটা যে ঘটেছে সে কথা কারাগার কর্মচারীদের অবশ্যই স্বাস্থ্যসেবার টীমকে জানাতে হবে।

✓ যত তাড়াতাড়ি সম্ভব একজন ডাক্তার বা নার্স আপনাকে পরীক্ষা করবেন।

✓ ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড থেকে কেউ(যাঁরা কারাগারগুলি ভালোভাবে ও ন্যায্য ভাবে চালানো হচ্ছে কি না তা চেক করে দেখেন) আপনাকে 1 দিনের মধ্যে দেখতে আসবেন।

✓ ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড এটাও নিশ্চিত করার জন্য চেক করবেন যে কারাগার কর্মচারীদের আপনাকে বিশেষ কুঠুরিতে তালাবন্ধ করে রাখা বা বডি বেল্ট পরানো ঠিক কাজ হয়েছিল।

✓ কর্মচারীরা প্রায়ই আপনি কেমন আছেন চেক করবেন। যেই মাত্র আপনার আচরণ আর বিপজ্জনক থাকবে না, কারাগার কর্মচারীরা আপনাকে বিশেষ কুঠুরি থেকে এবং/অথবা বডি বেল্ট থেকে বার করে আনবেন।

কারাগার বিদ্রোহ

যদি আপনি একটি গুরুতর কারাগারের গোলমালে অংশ নেন, তাহলে আপনাকে কারাগার বিদ্রোহের দায়ে অভিযুক্ত করা হতে পারে।

কারাগার বিদ্রোহ হল যখন আপনি ও অন্য কয়েদিরা কারাগারের দখল নেবার এবং গভর্নর ও অন্যান্য কারাগার কর্মচারীদের ক্ষমতায় থাকা ও কারাগার চালানো বন্ধ করার জন্য কার্যকলাপ করেন।

আপনাকে কারাগার বিদ্রোহের দায়ে অভিযুক্ত করা হতে পারে, যদি

- কর্মচারী বা কয়েদিরা আহত হন
- কারাগার ক্ষতিগ্রস্ত হয়
- গভর্নর আংশিক বা সম্পূর্ণ কারাগারের নিয়ন্ত্রণ হারান।

আপনাকে কারাগার বিদ্রোহের দায়ে অভিযুক্ত করা হলে আপনার

- 10 বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে
- জরিমানা হতে পারে যেখানে আপনাকে কিছু অর্থদণ্ড দিতে হবে
- বা এই দুটোই ।

যদি আপনার আশপাশের কয়েদিরা কারাগার বিদ্রোহ শুরু করে

- যোগ **দেবেন না**
- যেখানে ঘটনাটি ঘটছে সেই জায়গাটি ছেড়ে চলে যান
- না হলে, কারাগার কর্মচারীরা মনে করতে পারেন আপনি কারাগার বিদ্রোহে অংশ নিচ্ছিলেন এবং আপনাকে কারাগার বিদ্রোহের দায়ে অভিযুক্ত করতে পারেন।

আপনার কুঠুরি ও জিনিসপত্রের তল্লাশি

- কারাগার কর্মচারীরা কারাগারের নিরাপত্তা বজায় রাখার জন্য যে কোনো সময়ে আপনার কুঠুরি ও আপনার জিনিসপত্র তল্লাশি করতে পারেন।
- এটা কত ঘন ঘন ঘটবে তার কোনো নিয়ম নেই। যে কারাগারে আপনি আছেন বা আপনি কতটা নিরাপদ বলে কারাগার কর্মচারীরা মনে করেন তার উপরেই এটা নির্ভর করে।

আপনার কুঠুরি ও জিনিসপত্রের তল্লাশিতে কি হবে?

- আপনার কুঠুরি তল্লাশি করার আগে কুঠুরির ভিতরে আপনার একটি সম্পূর্ণ দেহ তল্লাশি করা হবে।
- যা কিছু আপনার নিজের কাছে রাখার অনুমতি নেই সেগুলি কারাগার কর্মচারীদের হাতে তুলে দিতে হবে।
- যতক্ষণ আপনার কুঠুরির তল্লাশি চলবে তখন আপনাকে কারাগারের অন্য একটা এলাকায় নিয়ে যাওয়া হবে ।
- কারাগার কর্মচারীরা আপনার কুঠুরি থেকে ভালো করে দেখার জন্য জিনিসপত্র বার করে নিয়ে যেতে পারেন। আপনার জিনিসপত্র আরো খুঁটিয়ে দেখার জন্য এক্স-রে যন্ত্র ব্যবহার করা হতে পারে।
- কর্মচারীরা হয়তো আপনার আইনি দলিলপত্র চেক করতে পারেন তবে তাঁরা সেগুলি পড়বেন না।

আপনার তল্লাশি

কারাগার কর্মচারীরা আপনার **2** ধরনের তল্লাশি করতে পারেন

1. গায়ে হাত বুলিয়ে তল্লাশি

এতে কারাগার কর্মচারীরা হয়তো

- আপনাকে জুতো খুলতে ও পকেট খালি করতে বলতে পারেন
- মুখ, নাক (নাকের ফুটো) ,কান ও চুলের মধ্যে দেখতে পারেন।

✓ কারাগার কর্মচারীরা যে কোনো সময়ে আপনাকে গায়ে হাত বুলিয়ে তল্লাশি করতে পারেন।

✓ মহিলা কর্মচারী সহ যে কোনো কারাগার কর্মচারী আপনাকে গায়ে হাত বুলিয়ে তল্লাশি করতে পারেন। যদি আপনি মনে করেন স্ত্রীলোকের আপনার গায়ে হাত বুলিয়ে তল্লাশি করা উচিত নয় তবে তা কারাগার কর্মচারীদের জানান। যেমন, ধর্মের কারণে।

✓ কারাগারের এক এলাকা থেকে আরেক এলাকায় যাওয়ার আগে ও পরে গায়ে হাত বুলিয়ে তল্লাশি করা হতে পারে।

2. সম্পূর্ণ দেহ তল্লাশি

এতে কারাগার কর্মচারীরা হয়তো

- আপনার জামাকাপড় তল্লাশি করতে পারেন।
- আপনার শরীর তল্লাশি করতে পারেন। কর্মচারীরা আপনাকে সামনে ঝুঁকতে বা উবু হয়ে বসতেও বলতে পারেন যাতে তাঁরা দেখতে পারেন যে আপনার পায়ু বা জনন অঞ্চলে কিছু লুকনো নেই। এর জন্য তাঁরা আপনাকে স্পর্শ করতে পারবেন না।
- তল্লাশি চলাকালীন সবসময়েই আপনার পরনে কিছু জামাকাপড় থাকবে। কারাগার কর্মচারীরা একেকবারে আপনার জামাকাপড়ের অর্ধেকটা পরীক্ষা করবেন এবং তাঁরা বাকি অর্ধেকটা পরীক্ষা করার আগে আপনি এই জামাকাপড়গুলি পরে নিতে পারেন।

সম্পূর্ণ দেহ তল্লাশি সম্বন্ধে আরো তথ্য

✓ যে কোনো কারাগার অফিসার, সিনিয়র অফিসার, প্রিন্সিপাল অফিসার বা গভর্নর আপনার সম্পূর্ণ দেহ তল্লাশি করতে পারেন।

✓ তল্লাশিটি সব সময়েই একজন পুরুষ কারাগার কর্মী দ্বারা হবে।

✓ সম্পূর্ণ দেহ তল্লাশি যে কোনো সময় করা যেতে পারে। উদাহরণ স্বরূপ

- যত বার আপনি কারাগারে আসবেন বা কারাগার ছেড়ে যাবেন
- আপনার কুঠুরি তল্লাশির ঠিক আগে
- আপনি পৃথকীকরণ কেন্দ্রে পোঁছলে
- বন্ধুবান্ধব, পরিবার বা আপনার আইনজীবীর সঙ্গে দেখা করার পর
- যদি আপনি উচ্চ নিরাপত্তার A শ্রেণীর বন্দী হন তবে প্রত্যেক সাক্ষাতের পর।

✓ সম্পূর্ণ দেহ তল্লাশি করার আগে কারাগার কর্মচারীদের অবশ্যই আপনাকে বুঝিয়ে বলতে হবে ঠিক ঠিক কি ঘটবে।

✓ সম্পূর্ণ দেহ তল্লাশি ভালো ও নিরাপদ ভাবে করতে হবে।

✓ তল্লাশি চলা কালীন শুধু মাত্র যে সব কারাগার কর্মচারীরা তল্লাশি চালাচ্ছেন তাঁরাই সাধারণভাবে উপস্থিত থাকবেন।

কারাগারে আপনার সঙ্গে কেমন আচরণ হওয়া উচিত

কারাগারে আপনার সঙ্গে সঠিক আচরণ হওয়া উচিত। তা যদি না হয় তবে আপনি সে ব্যপারে কিছু করার চেষ্টা করতে পারেন।

আপনাকে নিরাপদ রাখার জন্য যে সব আইন আছে, পরবর্তী পৃষ্ঠায় তার কয়েকটি সম্বন্ধে এবং আপনার সঙ্গে সঠিক আচরণ হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য কারাগারের যা করা উচিত সে সম্বন্ধে তথ্য রয়েছে।

মানবাধিকার আইন ১৯৯৪

- এই আইনটি মানবাধিকার সংক্রান্ত। প্রত্যেকেরই মানবিক অধিকার আছে যেমন বাঁচবার অধিকার বা ন্যায় বিচার পাওয়ার অধিকার।
- যদি মনে করেন আপনার মানবিক অধিকার আপনি পান নি সে ক্ষেত্রে আপনি আপনার মামলাটি আদালতে নিয়ে যেতে পারেন।
- মানবাধিকার আইন সম্বন্ধে আরো জানতে **গাইড টু হিউম্যান রাইটস এক্ট (মানবাধিকার আইন নির্দেশিকা)** নামে একটি পুস্তিকা ও **দি হিউম্যান রাইটস এক্ট (মানবাধিকার আইন)** নামে একটি তথ্য প্যাক দেখুন। দুটিই লাইব্রেরিতে পাওয়া যাবে।

হিংসাত্মক ব্যবহার ও নিপীড়ন

- প্রত্যেক কয়েদির নিজের নিরাপদ বোধ করার অধিকার আছে।
- যদি কেউ আপনার প্রতি সহিংস ব্যবহার করে বা আপনাকে নিপীড়ন করে তবে সঙ্গে সঙ্গে তা কারাগার কর্মচারীদের জানান। কারাগারের যে কোনো কর্মচারীকে জানাতে পারেন যেমন কারাগার অফিসারগণ, যাজক এবং শিক্ষা কর্মী।
- হিংসাত্মক ব্যবহার ও নিপীড়ন মানে কেউ যদি আপনাকে আঘাত করে বা শাসায়(যেমন তারা যদি বলে তারা আপনাকে আহত করবে বা আপনাকে কিছু একটা করবে)।
- আপনার সঙ্গে এরকম ঘটতে থাকলে কর্মচারীরা আপনাকে সাহায্য করবেন।

জাতি সাম্য – বিভিন্ন জাতির মানুষ

- একজন মানুষের জাতি নানারকম বিষয়ের একটা সংমিশ্রণ যেমন তাদের পশ্চাদপট, সংস্কৃতি ও তাদের চামড়ার রং ।
- আইন অনুসারে, কারাগারগুলিকে নিশ্চিত করতে হবে যে সব ভিন্ন ভিন্ন জাতির মানুষের সঙ্গে ভালো ও ন্যায্য আচরণ করা হচ্ছে। গভর্নর ও ঊর্ধ্বতন পরিচালকরা এটি নিশ্চিত করার দায়িত্বে থাকবেন।
- **প্রিজন সার্ভিস অর্ডার** ২৮০০-এ সব ভিন্ন ভিন্ন জাতির মানুষের সঙ্গে ভালো ও ন্যায্য আচরণ নিশ্চিত করার জন্য কারাগারগুলিকে কি করতে হবে সে বিষয়ে আলোচনা করা হয়েছে । কারাগারের লাইব্রেরিতে একটি কপি পাওয়া যাবে।
- সব ভিন্ন ভিন্ন জাতির মানুষের সঙ্গে ভালো ও ন্যায্য আচরণ নিশ্চিত করার জন্য কারাগারগুলির পরিকল্পনার একটি কপিও আপনি পড়ে দেখতে পারেন। একে বলা হয় **জাতি সাম্য অ্যাকশন প্ল্যান**।

আপনার সঙ্গে কেমন আচরণ হওয়া উচিত

কারাগারকে নিশ্চিত করতে হবে যে আপনি

- ভালো ও ন্যায্য আচরণ পাচ্ছেন
- আপনার ধর্মবিশ্বাস ও সংস্কৃতি সংক্রান্ত কাজগুলি করতে পারছেন। যেমন, আপনার ধর্ম সংক্রান্ত জামাকাপড় পরতে পারছেন, ধর্মগ্রন্থ রাখতে পারছেন ও ধার্মিক ঘটনাগুলির অনুসরণ করতে পারছেন
- আপনার ধর্মবিশ্বাস ও সংস্কৃতি সংক্রান্ত খাবার খেতে পারছেন
- এই পুস্তিকাটির মত তথ্য দরকার হলে অন্য ভাষাতে পাচ্ছেন বা দোভাষীর সাহায্য পাচ্ছেন

যদি আপনার জাতির কারণে আপনার সঙ্গে দুর্ব্যবহার হয়ে থাকে বা অন্য কারো সঙ্গে হতে দেখেন তাহলে কী করবেন

- ✓ কোনো কারাগার কর্মচারীর সঙ্গে কথা বলুন বা **COMP 1** নামে একটি ফর্ম বা **রেসিস্ট ইনসিডেন্ট রিপোর্টিং ফর্ম** নামে একটি ফর্ম ভরুন।

- ✓ যদি আপনি এগুলি করতে পারবেন বলে মনে না করেন, তাহলে আপনি গভর্নর, এরিয়া ম্যানেজার বা ইণ্ডিপেণ্ডেণ্ট মনিটরিং বোর্ডের কর্তৃপক্ষকে আরেকটু গোপনভাবে যা ঘটেছে তার দিকে দৃষ্টি দিতে অনুরোধ করতে পারেন।

- ✓ এর জন্য **COMP2 কনফিডেনশিয়াল অ্যাকসেস কমপ্লেইন্ট ফর্ম** নামে একটি ফর্ম ভরুন। ফর্মটি একটি মুখবন্ধ খামে ভরে দিতে পারেন যা গোপন রাখা হবে।

- ✓ এর পরেও যদি আপনি সন্তুষ্ট না হন তাহলে প্রিসনস অ্যাণ্ড প্রোবেশন অমবাডসম্যান নামে পরিচিত ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে পারেন।

- ✓ অথবা ইকোয়ালিটি অ্যাণ্ড হিউম্যান রাইটস কমিশন নামক সংস্থার সঙ্গে যোগাযোগ করতে পারেন। যে সব কয়েদিরা মনে করেন তাঁদের সঙ্গে জাতির কারণে দুর্ব্যবহার করা হয়েছে এঁরা তাদের পরামর্শ ও সহায়তা জোগান। এঁদের সঙ্গে এই ঠিকানায় যোগাযোগ করতে পারেন

  দি ইকোয়ালিটি অ্যাণ্ড হিউম্যান রাইটস কমিশন
  ৩ মোর লণ্ডন রিভারসাইড
  টুলি স্ট্রীট
  লণ্ডন SE1 2RG

  দূরভাষ 0203 117 0235

কারা আপনাকে এ জন্য সাহায্য করতে পারেন?

আপনি এঁদের কাছ থেকে সাহায্য পেতে পারেন

- ✓ যে কোনো কারাগার কর্মী
- ✓ জাতি সাম্য অফিসার (রেস ইকোয়ালিটি অফিসার) নামে পরিচিত কারাগার কর্মী
- ✓ রেস ইকোয়ালিটি অ্যাকশন টীম নামক কারাগার কর্মীদল
- ✓ কয়েদি প্রতিনিধিগণ। এই কয়েদিরা জাতিসংক্রান্ত অধিবেশনে যান ও অন্যান্য কয়েদিদের দৃষ্টিকোণ তুলে ধরেন
- ✓ অ্যান্টি বুলিইং কোঅর্ডিনেটর বা সেফার প্রিজনস কোঅর্ডিনেটর নামক অন্য কর্মীরা
- ✓ ইণ্ডিপেণ্ডেণ্ট মনিটরিং বোর্ড থেকে কেউ (যাঁরা কারাগারগুলি ভালোভাবে ও ন্যায্য ভাবে চালানো হচ্ছে কি না তা চেক করে দেখেন)

যদি আপনি **বিদেশী নাগরিক কয়েদি** হন (যার মানে আপনার কাছে ইউ.কে. পাসপোর্ট **নেই**) তাহলে

আপনি যেখান থেকে সাহায্য পেতে পারেন

- ✓ জাতি সাম্য অফিসার (রেস ইকোয়ালিটি অফিসার) নামে পরিচিত কারাগার কর্মী
- ✓ ফরেন ন্যাশনাল লিয়াসো অফিসার নামে পরিচিত কারাগার কর্মী
- ✓ আপনার দূতাবাস। সাহায্য চেয়ে তাঁদের কাছে লিখতে পারেন বা আপনার রেস ইকোয়ালিটি অফিসার বা ফরেন ন্যাশনাল লিএজঁ অফিসারকে আপনার হয়ে তা করার অনুরোধ করতে পারেন
- ✓ কারাগারের লাইব্রেরিতে কিছু ঠিকানা পাবেন যাদের আপনি লিখতে পারেন। **লণ্ডন ডিপ্লোম্যাটিক লিস্ট** নামের তালিকাটি চাইতে পারেন বা **প্রিজন সার্ভিস অর্ডার** 4630 দেখতে পারেন
- ✓ এই বইটির মত তথ্য অন্য ভাষাতেও পেতে পারেন।

প্রতিবন্ধী কয়েদি

প্রতিবন্ধী মানুষদের দুর্ব্যবহার থেকে বাঁচানোর জন্য ডিসএবিলিটি ডিসক্রিমিনেশন অ্যাক্ট নামে একটি আইন আছে।

কারাগারকে অবশ্যই এই আইন পালন করে চলতে হবে। যথাসাধ্য নিশ্চিত করতে হবে যাতে

- আপনি কারাগারের জীবনযাত্রায় অংশ নিতে পারেন
- আপনার সঙ্গে ভালো ও ন্যায্য আচরণ হচ্ছে।

প্রিজন সার্ভিস অর্ডার 2855 এ আরো তথ্য আছে। কারাগারের পাঠাগারে একটি কপি পাওয়া যাবে।

আপনি প্রতিবন্ধী কয়েদি হলে কে সাহায্য করতে পারে?

✓ আপনার পার্সোনাল অফিসার বা আপনার উইং-এর অফিসার। আপনার অক্ষমতা সংক্রান্ত যে কোনো কিছু বিষয়ে তাদের সঙ্গে কথা বলুন। যেমন, যদি আপনাকে অন্যভাবে তথ্য সরবরাহ করা প্রয়োজন হয়।

✓ ডিসএবিলিটি লিয়াসো অফিসার নামে একজন কারাগার কর্মী।

✓ স্বাস্থ্যসেবা টীমের কেউ।

✓ বা আপনি গভর্নরকেও লিখতে পারেন। (এটি করার জন্য সম্ভবতঃ আপনাকে নামে একটি ফর্ম ভরতে হবে)

✓ অথবা ইকোয়ালিটি অ্যাণ্ড হিউম্যান রাইটস কমিশন নামক সংস্থার সঙ্গে যোগাযোগ করতে পারেন। যে সব কয়েদিরা মনে করেন তাঁদের সঙ্গে তাঁদের অক্ষমতার কারণে দুর্ব্যবহার করা হয়েছে এঁরা তাদের পরামর্শ ও সহায়তা জোগান। এঁদের সঙ্গে এই ঠিকানায় যোগাযোগ করতে পারেন

দি ইকোয়ালিটি অ্যাণ্ড হিউম্যান রাইটস কমিশন
3 মোর লণ্ডন
রিভারসাইড
টুলি স্ট্রীট
লণ্ডন SE1 2RG

দূরভাষ 0203 117 0235

কোন অভিযোগ বা অনুরোধ কিভাবে করতে হবে

প্রিজন সার্ভিস অর্ডার 2510–এ আরও তথ্য পাবেন। লাইব্রেরি থেকে আপনি এর কপি পেতে পারেন।

অনুরোধ করা (এর অর্থ কোনও কিছু চাওয়া)

- আপনি কারাগার অফিসারের কাছ থেকে কোনও কিছু যে কোন সময় চাইতে পারেন।
- কোন কিছু চাইবার জন্য আপনাকে একটা ফর্ম ভর্তি করতে হতে পারে। যদি কারাগার কর্তৃপক্ষ সিদ্ধান্ত নেন যে আপনি যা চাইছেন তা পাবেন না, আপনাকে তার কারণ তাদের বলতে হবে।

কোন অভিযোগ কিভাবে করতে হয়

- আপনার যদি মনে হয় কারাগারে আপনার সঙ্গে খারাপ ব্যবহার করা হয়েছে, আপনি একটি অভিযোগ করতে পারেন।
- সমস্যাটি ঘটার 3 মাসের মধ্যে আপনাকে অভিযোগটি করতে হবে।

  অভিযোগ করার জন্য আপনি হয়

  - প্রথমে কারাগার কর্মীদের অভিযোগটি জানাতে পারেন
  - কারাগারের **বাইরের** ব্যক্তিদের অভিযোগটি জানাতে পারেন (যেমন আপনার MP)।
- প্রথমে কারাগারের লোকেদের সাথে সমস্যাটি মিটিয়ে ফেলার চেষ্টা করুন। কারাগারের বাইরের ব্যক্তিরা সাধারণত আশা করবেন যে আপনি প্রথমে কারাগার কর্তৃপক্ষের সাথে সমস্যাটি মেটাবার চেষ্টা করেছেন।

1. এই ধরনের জিনিসগুলির ব্যাপারে অভিযোগ করা

- রায়দান (শুনানি)।
- আপনাকে যে ধরনের নিরাপত্তা শ্রেণী প্রদান করা হয়েছে।
- আপনার মৃত্যু হতে পারে এমন ব্যাধি হয়েছে অথবা আপনার অন্য একটি অপরাধ করার সম্ভাবনা খুবই কম ইত্যাদি ধরনের কারণের জন্য আগেই আপনাকে কারাগার থেকে মুক্তি দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত। একে **করুণাপ্রদর্শনকর মুক্তি** বলা হয়।

- এই ধরণের অভিযোগকে **রিজার্ভড সাবজেক্টস (সংরক্ষিত বিষয়)** বলা হয়। এগুলির সিদ্ধান্ত কেবল এরিয়া ম্যানেজার অথবা কারাগারের বাইরের অন্য কর্মীরাই নিতে পারেন।
- **প্রিজন সার্ভিস অর্ডার** 2510 **অ্যানেক্সার H**-এ সংরক্ষিত বিষয়গুলির একটি তালিকা আছে। এটি আপনি লাইব্রেরিতে পাবেন।
- এইগুলির ব্যাপারে আপনি এরিয়া ম্যানেজার-এর কাছে লিখিত ভাবে কেবল অনুরোধ অথবা অভিযোগ করতে পারেন।
- আপনার চিঠি পাওয়ার 6 সপ্তাহের মধ্যে এরিয়া ম্যানেজার আপনাকে লিখে জানাবেন তারা কি সিদ্ধান্ত নিয়েছেন।
- আপনি যদি এতেও সন্তুষ্ট না হন, আপনি প্রিজন অ্যাণ্ড প্রোবেশন ওমবাডসম্যান-এর কাছে অথবা আপনার উকিলের কাছে অভিযোগ জানাতে পারেন। **পৃষ্ঠা** 115 **দেখুন।**

2. অন্যান্য বিষয়ে অভিযোগ করা

কিভাবে অভিযোগ করতে হয়

1. কর্মীদের একজন সদস্যের সাথে সমস্যাটি নিয়ে কথা বলুন। যদি আপনার পার্সোনাল অফিসার থাকেন, তার সাথে কথা বলুন। এতে সমস্যাটির সমাধান হতে পারে।
2. এতে যদি কাজ না হয়, ল্যান্ডিং অফিসার অথবা আপনার উইং-এর ম্যানেজার-এর সাথে কথা বলতে চান।

অভিযোগ করার বিষয়ে আরো কিছু

3. এতে যদি কাজ না হয়, আপনার অভিযোগ সম্বন্ধে লিখিত ভাবে দিন। এটা করতে আপনাকে **COMP 1** বলে একটা ফর্ম ভর্তি করতে হবে। আপনার সম্পূর্ণ করা ফর্মটি **কমপ্লেইন্টস বক্স-**এর মধ্যে ফেলে দিন। কোনও কর্মীদের সদস্যকে সরাসরি এটা দেবেন না।
4. কারাগার কর্মীরা আপনার অভিযোগ সম্বন্ধে কি বলেন উত্তরে সেটা লিখে ফর্মটি আপনার কাছে ফেরত আসবে। ৩টি কাজের দিনের মধ্যে আপানার উত্তর পাওয়া উচিত।
5. কারাগার আপনাকে যা উত্তর দিয়েছেন তাতে যদি আপনি সন্তুষ্ট **না** হন, আপনি **ফর্ম 1 A** ভর্তি করে আপনার অভিযোগটি আবার বিবেচনা করার জন্য বলতে পারেন।

আরো ব্যক্তিগতভাবে অভিযোগ করা

- আরও বেশী ব্যক্তিগত ভাবে অভিযোগ করতে হলে, আপনি **COMP2 কনফিডেনশিয়াল এক্সেস কমপ্লেইন্ট ফর্ম** নামের ফর্মটি ভর্তি করতে পারেন। আপনি কেন এই রকম আরও ব্যক্তিগতভাবে অভিযোগ করছেন সেটা ফর্মটিতে লিখুন।
- আপনি ফর্মটি একটা সীল করা খামে পুরে গভর্নর, ইণ্ডিপেণ্ডেন্ট মনিটারিং বোর্ড-এর চেয়ার অথবা এরিয়া ম্যানেজার কে পাঠিয়ে দিতে পারেন।
- আপনি এটা তখনই করবেন যদি আপনার অভিযোগ খুবই গুরুতর হয় অথবা কারাগার কর্মীদের সাথে আলোচনা করা অসুবিধাজনক হয়।
- আপনি ফর্মটি যার কাছে পাঠাবেন তিনিই অভিযোগটি সমাধানের শ্রেষ্ঠ পথ কী সেই ব্যাপারে সিদ্ধান্ত নেবেন। আপনি যার নামে অভিযোগ করছেন সেই ব্যক্তিসহ অন্যান্য ব্যক্তিদের সাথে তাদের কথা বলার প্রয়োজন হতে পারে।

কর্মীদের বিরুদ্ধে অভিযোগ করা

- আপনি যদি মনে করেন যে কারাগারের কোনও কর্মী কারাগারের নিয়ম ভঙ্গ করে আপনার সাথে খারাপ ব্যবহার করেছেন, আপনি গভর্নর অথবা এরিয়া ম্যানেজার-এর কাছে অভিযোগ করতে পারেন। বেসরকারী কারাগারে, প্রিজন কাস্টডি অফিসারদের বিরুদ্ধে অভিযোগের ব্যাপারে আপনাকে কন্ট্রোলার-এর কাছে অভিযোগ জানাতে হবে।

- **COMP1** নামক অভিযোগ ফর্মটি ভর্তি করুন অথবা আপনি **COMP 2** নামক ফর্মটি ভর্তি করতে হয়ত বেশি পছন্দ করবেন। আপনার মতামত অনুযায়ী কর্মীরা কি ভুল করেছেন সেটা বিস্তারিত ভাবে ফর্ম-এ লিখুন। যেমন, কি ঘটেছিলো, কোথায় ঘটেছিলো, কখন ঘটেছিলো এবং কোনও ব্যক্তি সেটা ঘটনা দেখেছিলো কি না সেটা লিখুন।

- একজন উচ্চতর কর্মীদের সদস্য অভিযোগটি দেখবেন। তাঁরা আপনার সাথে, যার বিরুদ্ধে অভিযোগ করেছেন তার সাথে ও কেউ যদি ঘটনাটি দেখে থাকেন তার সাথে কথা বলবেন।

আপনি যদি সত্যি বলে প্রমাণিত হন, গভর্নর তখন

- যে সদস্য কর্মীর বিরুদ্ধে আপনি অভিযোগ করেছেন তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন।

- প্রয়োজনে পুলিস ডাকবেন।

- কি সিদ্ধান্ত নেওয়া হয়েছে সেটা আপনাকে লিখে জানাবেন। এটা হতে সাধারণত 2 সপ্তাহ সময় লাগে। আপনি যদি কনফিডেনশিয়াল এক্সেস নামক পদ্ধতিতে আরো গোপনীয় ভাবে অভিযোগ করে থাকেন, এরিয়া ম্যানেজার আপনাকে লিখবেন।

অভিযোগ সম্বন্ধে আপনার মতামত পাল্টানো

- আপনি যদি মতামত পাল্টান, আপনি যে কোনও সময় অভিযোগটি তুলে নিতে পারেন।

- কোন সদস্য কর্মীকে বলুন। তাঁরা আপনাকে ফর্ম-এ লিখে দিতে বলবেন যে আপনি অভিযোগ তুলে নিচ্ছেন।

কারাগারের অন্যান্য যাদের সাথে আপনি কথা বলতে পারেন

- সদস্য কর্মীদের সাথে কথা বলার চেষ্টা ব্যর্থ হলে আপনি **ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড** নামক একটি গোষ্ঠীর সাথেও অভিযোগটি নিয়ে কথা বলতে পারেন। এই গোষ্ঠীটি কারাগার ভালো ও ন্যায্য ভাবে চলছে কি না সেটা অনুসন্ধান করেন।

- ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড এর লোকেরা স্থানীয় সম্প্রদায়ের স্বেচ্ছাসেবী। ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড এর একটি পুস্তিকা আছে যেটা আপনি দেখতে পারেন। এটা আপনার উইং-এ পাবেন।

- আপনার অভিযোগটি ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ডকে দেখতে হলে আপনাকে একটা ফর্ম ভর্তি করতে হবে। ফর্মটি আপনি আপনার কারাগারের উইং-এ পাবেন।

ইণ্ডিপেণ্ডেন্ট মনিটরিং বোর্ড এগুলি করতে **পারেন**

- আপনার অভিযোগ সম্পর্কে সিদ্ধান্তের ব্যাপারে গভর্নর-কে জবাবদিহি করতে বলতে পারেন।

- আর কি করা যেতে পারে সেই ব্যাপারে গভর্নর কে উপদেশ দিতে পারেন।

- যেসব তথ্যের প্রতি মনোযোগ দেওয়া হয়নি সেগুলি দৃষ্টিগোচর করতে পারেন।

তাঁরা **পারেন না**

- কারাগার কর্তৃপক্ষ যেই সিদ্ধান্ত নিয়েছেন সেটার পরিবর্তন করতে।

কারাগারের বাইরে যাদের কাছে আপনি আপনার অভিযোগ পাঠাতে পারেন – কারাগার কর্মীদের সাথে অভিযোগটি সমাধান করার চেষ্টা করার পরে

1. প্রিজন অ্যাণ্ড প্রোবেশন ওমবাডসম্যান

- কারাগার কর্তৃপক্ষের সাথে আপনার অভিযোগ সমাধান করার চেষ্টা করার পরও যদি আপনি সন্তুষ্ট না হন, আপনি প্রিজন অ্যাণ্ড প্রোবেশন ওমবাডসম্যান নামক ব্যক্তিকে লিখতে পারেন।

- ওমবাডসম্যানরা কারাগারের কর্মী নন। তাদের কাজ হল কয়েদিদের কারাগারের জীবনের বিষয়ে অভিযোগগুলি দেখা।

- ওমবাডসম্যান কেবল **আপনার** পাঠানো অভিযোগগুলিই দেখতে পারেন।

- কারাগার কর্মীদের কাছ থেকে আপনার অভিযোগের উত্তর পাওয়ার 1 মাসের মধ্যে আপনাকে ওমবাডসম্যানকে লিখতে হবে।

- ওমবাডসম্যানকে যখন লিখবেন, তখন যতখানি জানানো যায় লিখুন। তাঁরা সাধারণত আপনার কাছে এসে নিজেরা কথা বলবেন না, কাজেই আপনার চিঠিতে যতটা সম্ভব আপনাকে তাদের লিখে জানাতে হবে।

- ওমবাডসম্যান আপনার অভিযোগ দেখতে সাধারণত 12 সপ্তাহ বা তারও কম সময় নেন। কী সিদ্ধান্ত নেওয়া হল সেই সম্বন্ধে লিখিতভাবে আপনি কিছু পাবেন।

- যদি ওমবাডসম্যান মনে করেন যে আপনার সাথে সঠিক ব্যবহার করা হয়নি, তাঁরা গভর্নরকে তাদের সিদ্ধান্ত বদলাতে বলতে পারেন অথবা প্রিজন সার্ভিস প্রধানকে কোন পরিবর্তন করতে সুপারিশ করতে পারেন।

  ওমবাডসম্যান কে এই ঠিকানায় লিখুন

  প্রিজন অ্যাণ্ড প্রোবেশন ওমবাডসম্যান
  এশলে হাউস
  2, মঙ্ক স্ট্রিট
  লণ্ডন
  SW1P 2BQ

  ওমবাডসম্যান সম্বন্ধে এবং অভিযোগ কি ভাবে করতে হয় সেই সম্বন্ধে একটি পুস্তিকা আপনি দেখতে পারেন। এটা লাইব্রেরিতে আছে।

2. স্বাস্থ্য সম্বন্ধে অভিযোগ

- আপনার অভিযোগ যদি স্বাস্থ্য সম্বন্ধীয় হয়, আপনাকে প্রথমে কারাগারের স্বাস্থ্যপরিষেবা টিম-এর সাথে কথা বলতে হবে ।

- এতে যদি কাজ না হয়, আপনি আপনার প্রাইমারী কেয়ার ট্রাস্ট কে লিখে আপনার অভিযোগ সম্বন্ধে বলতে পারেন। প্রাইমারী কেয়ার ট্রাস্ট তাদের স্থানীয় এলাকায় ডাক্তার, দাঁতের ডাক্তার ও চোখের ডাক্তারের মত স্বাস্থ্য পরিষেবার কাজের জন্য দায়ী ।

- আপনি যদি এতেও সন্তুষ্ট না হন, আপনি হেলথকেয়ার কমিশন কে আপনার অভিযোগটি দেখতে বলতে পারেন । এই গোষ্ঠীটি কাজ করে স্বাস্থ্য পরিষেবা ভালো ভাবে কাজ করছে কি না সেটা সুনিশ্চিত করতে ।

  আপনার অভিযোগ সম্মন্ধে এদের লিখুন এই ঠিকানায়

  হেলথকেয়ার কমিশন
  ফ্রীপোস্ট ন্যাট 18958
  কমপ্লেন্ট ইনভেস্টিগেশন টীম
  ম্যানচেস্টার
  M1 9XZ

- আপনি যদি হেলথকেয়ার কমিশন-এর সিদ্ধান্তে খুশী না হন, আপনি পার্লামেন্টারী অ্যাণ্ড হেলথ সার্ভিস ওমবাডসম্যানকে লিখতে পারেন আপনার অভিযোগটি দেখার জন্য । ওমবাডসম্যানকে এই ঠিকানায় লিখুন

  পার্লামেন্টারী অ্যাণ্ড হেলথ সার্ভিস ওমবাডসম্যান
  মিলব্যাঙ্ক টাওয়ার
  মিলব্যাঙ্ক
  লন্ডন
  SW1P 4QP

- স্বাস্থ্য সম্বন্ধে অভিযোগ করতে যদি আপনার কোনও সাহায্যের প্রয়োজন হয়, ইণ্ডিপেণ্ডেন্ট কমপ্লেইন্টস অ্যাডভাইসারী সার্ভিস (ইণ্ডিপেণ্ডেন্ট কমপ্লেইন্টস অ্যাডভাইসারী সার্ভিস = ICAS) নামক সংস্থাটিকে সাহায্য করার জন্য বলুন ।

- আপনি ওদের যোগাযোগ করার তথ্য কারাগার কর্মীদের কাছে, কারাগার লাইব্রেরিতে অথবা NHS Direct (এন.এইচ.এস ডিরেক্ট) কে 0845 4647 এ ফোন করে পাবেন ।

3. আপনার MP

- আপনি আপনার স্থানীয় এলাকার **MP** কে লিখতে পারেন৷
- তাদের কে লেখা চিঠিতে আপনার বাড়ির ঠিকানা লেখা সুনিশ্চিত করবেন৷
- আপনি আপনার **MP** কে আপনার অভিযোগটি পার্লামেন্টারী অ্যাণ্ড হেলথ সার্ভিস ওমবাডসম্যানকে দেবার জন্য অনুরোধ করতে পারেন, যাতে তাঁরাও সেটা দেখতে পারেন৷

4. আপনার সলিসিটর (উকিল)

আপনার উকিল আইন সম্বন্ধীয় প্রশ্নগুলির ব্যাপারে সাহায্য করতে পারেন৷

5. চিফ অফিসার অফ পুলিস

যদি কোন অপরাধ সংঘটিত হয়েছে বলে আপনার মনে হয়, আপনি স্থানীয় পুলিস কে লিখতে পারেন৷ সঠিক ঠিকানায় চিঠিটি পাঠাবার জন্য কারাগারের পুলিস লিয়াসো অফিসার নামক ব্যক্তির থেকে জেনে নিন ।

6. আপনি রাণীকে, পার্লামেন্ট অথবা ইউরোপীয়ান পার্লামেন্ট-এ আপনার সদস্যকে আবেদন পাঠাতে পারেন ।

প্রিজন সার্ভিস অর্ডার 2510 তে এই বিষয় আরও তথ্য আছে । ওখানে একটি ফর্ম আছে যেটি আপনি আপনার আবেদন পাঠাবার জন্য কপি করতে পারেন ৷

7. ক্রিমিনাল ইনজুরিস কম্পেনসেশন অথরিটি

অন্য কোনও ব্যক্তি আপনার বিরুদ্ধে কোনও হিংসাত্মক অপরাধ করার ফলে আপনি যদি আহত হন, আপনি এই সংস্থাকে লিখতে লিখতে পারেন৷ যেইসব ব্যক্তি হিংসাত্মক অপরাধের জন্য অথবা অন্য কারণে আঘাত পান, তাঁরা তাদের ক্ষতিপূরণ (অর্থ) দেওয়ার কাজ করেন৷ আপনি তাদের এই ঠিকানায় লিখতে পারেন

CICA
টে হাউস
300 বাথ স্ট্রিট
গ্লাসগো
G2 4LN

অপরাধীদের ব্যবস্থাপনা, শাস্তির মেয়াদের পরিকল্পনা ও মুক্তির জন্য তৈরী হওয়া

অপরাধীদের ব্যবস্থাপনা

কারাগারে অথবা সম্প্রদায়ের তত্ত্বাবধানে আপনার সময় কাটানোর কিভাবে ব্যবস্থাপনা করা হয় এটি হল সেই বিষয় ।

আপনার ভবিষ্যতে অপরাধ করার সম্ভাবনা কমানো নিশ্চিত করার প্রচেষ্টার মাধ্যমে অপরাধীদের ব্যবস্থাপনা সম্পন্ন করা হয় ।

সব অপরাধীর ক্ষেত্রে এটি পর্যায়ক্রমে কার্যকর করা হচ্ছে ।

আপনার মূল্যায়ন ও দণ্ড পরিকল্পনা

কারাগার ও প্রোবেশন পরিষেবা অফেন্ডার অ্যাসেসমেন্ট সিস্টেম ব্যবহার করেন। একে সংক্ষেপে **OASys** বলা হয়।

আপনি কেন অপরাধ করেন এবং অপরাধ করা বন্ধ করতে আপনার কি প্রয়োজন সেটা জানতে এটা তাদের সাহায্য করে।

এটা এই বিষয় জানতেও ব্যবহার করা হয় যে আপনার নিজের বা অন্যের ক্ষতি করার সম্ভাবনা আছে কি না এবং আপনি যাতে সেটা না করেন তার জন্য আপনার সাথে কাজ করতে।

কারাগারে 12 মাস বা তার অধিককাল যাঁরা থাকেন তাদের প্রত্যেকের জন্য **OASys-**এর মাধ্যমে পরিকল্পনা তৈরী কর হয়।

আপনি মূল্যায়নে অংশগ্রহণ করতে পারেন এবং যা কিছু লেখা আছে সমস্ত আপনাকে দেখানো হবে।

ক্রিয়াকলাপ পরিকল্পনা করার জন্য মূল্যায়ন ব্যবহার করা হয়। এই ক্রিয়া পরিকল্পনাকে **দণ্ড পরিকল্পনা** বলা হয়।

যেমন ধরুন, দণ্ড পরিকল্পনা দেখাতে পারে আপনি মাঝে মাঝে যেরকম ব্যবহার করেন সেটা বদলাবার জন্য আপনি কি করবেন অথবা ড্রাগ বা মদ্যপানের সমস্যা আপনি কি ভাবে মোকাবিলা করবেন।

আপনার দণ্ড পরিকল্পনা আপনার দণ্ড চলাকালীন ও মুক্তি পাওয়ার পরের বেশীভাগ সিদ্ধান্ত ও পরিবর্তনের উপর প্রভাব ফেলে।

অফেণ্ডার ম্যানেজার ও অন্যান্য কর্মী

অফেণ্ডার ম্যানেজার প্রোবেশন পরিষেবার একজন ব্যক্তি৷ তাঁরা কমিউনিটির মধ্যে কাজ করেন এবং সাধারণত আপনি যতদিন কারাগারে অথবা কমিউনিটির তত্ত্বাবধানে আছেন ততদিন তাঁরা আপনার সাথে কাজ করেন৷

আপনার জীবনে পরিবর্তন আনতে এঁরা আপনাকে সাহায্য করেন যাতে ভবিষ্যতে অপরাধ করার সম্ভাবনা আপনার কম থাকে৷

আপনি যখন কারাগারে থাকবেন তখন আপনার একজন অফেণ্ডার সুপারভাইজার এবং একজন পার্সোনাল অফিসার থাকতে পারে৷

আপনার দণ্ড পরিকল্পনা মেনে চলার জন্য এঁরা আপনাকে সাহায্য করবেন৷

আপনার অফেণ্ডার সুপারভাইজার এবং/অথবা পার্সোনাল অফিসার আপনার অফেণ্ডার ম্যানেজারের সাথে কাজ করবেন। কোন কোন ক্ষেত্রে অফেণ্ডার সুপারভাইজার ও পার্সোনাল ম্যানেজার একই ব্যক্তি হন।

আপনার যদি **OASys** অথবা অপরাধীদের ব্যবস্থাপনা সম্বন্ধে কোনও প্রশ্ন থাকে, কারাগার কর্মীদের সাথে কথা বলুন।

মাল্টি-এজেন্সি পাবলিক প্রোটেকশন অ্যারেঞ্জমেন্টস (MAPPA)

এটা পুলিস, প্রোবেশন ও কারাগার পরিষেবা ব্যবহার করেন অন্যান্য পেশাজীবীদের সাথে কাজ করে হিংসাত্মক ও যৌন অপরাধকারীদের নিয়ন্ত্রণ করতে৷ এটা জনসাধারণকে ক্ষতির হাত থেকে রক্ষা করতে ব্যবহার করা হয়।

এটা যদি আপনার ক্ষেত্রে প্রয়োজ্য হয় **আপনাকে সেটা জানানো হবে**।

আপনার যদি MAPPA মূল্যায়ন করা হয়, সেটা একটি ঝুঁকির ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করতে ব্যবহৃত হবে৷ আপনি অন্য ব্যক্তিদের, যেমন বালক-বালিকাদের পক্ষে ঝুঁকিপূর্ণ কিনা মূল্যায়নটি কর্মীদের সেই সিদ্ধান্ত নিতেও সাহায্য করবে।

আপনার দণ্ড পরিকল্পনা

আপনার পরিকল্পনার মধ্যে কিছু উদ্দেশ্য থাকবে।

কিছু জিনিস আছে যা আপনি করতে চান বা বদলাতে চান।

যেমন, আপনার উদ্দেশ্য হতে পারে শিক্ষা, যেমন

- ✓ সাক্ষরতা – পড়া ও লেখা
- ✓ সংখ্যা – গণিত ও অর্থের ব্যবস্থাপনা করা
- ✓ কোনও নতুন বিষয় দক্ষতা অর্জন করা যাতে কারাগার ছাড়ার পর চাকরী পাওয়ার ব্যাপারে আপনি সুবিধা পান
- ✓ পরীক্ষা দেওয়া ও ডিগ্রি ইত্যাদি অর্জন করা

আপনার পরিকল্পনার অংশ হিসাবে আপনাকে হয়তো কোনও গোষ্ঠী বা পাঠ্যক্রমে যেতে হবে আপনি অপরাধ কেন করেছেন সেটা ভাবার জন্য এবং আপনার স্বভাব বদলাবার জন্য।

কিছু উদাহরণ

কিছু পাঠ্যক্রম আছে যাতে আপনি যেতে পারেন পরিস্থিতির পরিপেক্ষিতে চিন্তা করার জন্য এবং আপনার প্রতিক্রিয়া নিয়ন্ত্রণ করার জন্য। যেমন

- এনহান্সড থিঙ্কিং স্কিলস এণ্ড কগনিটিভ স্কিলস বুস্টার নামক পাঠ্যক্রম। কগনিটিভ-এর অর্থ হল আপনি যেভাবে চিন্তা করেন।
- আপনার অনুভূতি নিয়ন্ত্রণ করতে সাহায্য করার জন্য কন্ট্রোলিং অ্যাঙ্গার এণ্ড লার্নিং টু ম্যানেজ ইট (CALM) নামক পাঠ্যক্রম।
- সেক্স অফেণ্ডার ট্রিটমেন্ট প্রোগ্রামস (সাধারণত SOTP) বলা হয়।

কর্মসূচীগুলি সম্বন্ধে আরো কিছু

আপনার যদি হিংসাত্মক ব্যবহার করা নিয়ে সমস্যা হয়, আপনাকে সাহায্য করার জন্য কিছু কর্মসূচী আছে।

উদাহরণস্বরূপ

- আপনি যদি আপনার সহভাগীর সাথে অপব্যবহার করে থাকেন, দি হেলদি রিলেশনশিপ প্রোগ্রাম।
- আপনি যদি প্রায়ই হিংসাত্মক হয়ে পড়েন তাহলে দি কগনেটিভ সেলফ চেঞ্জ প্রোগ্রাম।
- যাঁরা হিংসাপ্রবণ এবং যাদের অন্য গোষ্ঠি দ্বারা কোনও সাহায্য করা যায় না এমন কিছু বিশেষ সমস্যা আছে তাদের জন্য Chromis Programme (ক্রোমিস কর্মসূচী) আছে।
- কারাগারের পর আপনাকে সমাজে স্থিত হতে সাহায্য করার জন্য কর্মসূচী।

শিক্ষা

প্রতিটি কারাগারে লাইব্রেরি ও শিক্ষা বিভাগ আছে।

লাইব্রেরিটি কারাগারের বাইরের পাবলিক লাইব্রেরির মত আপনাদের ব্যবহার করার জন্য।

- আপনি বই ধার নিতে ও অর্ডার দিতে পারেন।
- প্রতি সপ্তাহে অন্তত 20 মিনিট লাইব্রেরিতে যাওয়ার সুযোগ আপনার পাওয়া উচিত।
- বেশীভাগ লাইব্রেরিতে অন্য ভাষার বই আছে।
- **প্রিজন সার্ভিস অর্ডার** 6710 তে আরও তথ্য আছে।

জ্ঞানলাভ

কোন ক্লাস শুরু করার আগে আপনার একটি সাক্ষাতকার ও পরীক্ষা হয় এটা দেখার জন্য কি পড়া ও লেখার মত কাজের জন্য আপনার কি কি সাহায্য প্রয়োজন। সঠিক পাঠ্যক্রম বেছে নেওয়ার জন্য আপনাকে এটা সাহায্য করবে।

আপনি একটি সময়সূচী পাবেন ও শিক্ষা কর্মীদের সাথে আলোচনা করে একমত হওয়া আপনার জ্ঞানলাভের পরিকল্পনা পাবেন।

জ্ঞানলাভ সম্বন্ধে আরো কিছু

আপনি বিভিন্ন বিষয়ে ক্লাস করতে পারেন৷ যেমন

- লেখা ও পড়া
- গণিত
- অন্য ভাষাভাষী ব্যক্তিদের জন্য ইংরাজী পাঠ
- কলা
- বাণিজ্যিক বিষয় অধ্যয়ন।

আপনি যা পাঠ্যক্রম করুন সেটা আপনাকে এমন যোগ্যতা দেওয়া উচিত কারাগারের বাইরে যেটা স্বীকৃত, যেমন GCSE অথবা NVQ৷ আপনি যদি চান, কারাগার ছাড়ার পরেও আপনাকে শিক্ষা চালিয়ে যেতে এটা সাহায্য করবে।

আপনি দূর থেকে শিক্ষালাভের পাঠ্যক্রমের সাহায্যও পেতে পারেন, যেমন ওপেন ইউনিভার্সিটি (OU) পাঠ্যক্রম।

21 **বছরের উর্দ্ধের** কয়েদিদের প্রতি সপ্তাহে অন্তত এক ঘন্টা স্পোর্টস অথবা PE (শারীর শিক্ষা) অধিবেশনে যোগ দেওয়ার সুযোগ পাওয়া উচিত।

কর্ম ও প্রশিক্ষণ

প্রশিক্ষণ

কারাগার পরিষেবা, লার্নিং এন্ড স্কিলস কাউন্সিল এর সাথে কাজ করেন। আপনি কারাগারে থাকাকালীন ও মুক্তি পাওয়ার পর লার্নিং অ্যান্ড স্কিলস কাউন্সিল আপনাকে আরো কি সাহায্য করতে পারেন তা জানার জন্য শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করুন।

প্রশিক্ষণের অর্থ, আপনাকে চাকরী পেতে সাহায্যের জন্য দক্ষতা লাভের জন্য শিক্ষা দিয়ে সাহায্য করা। এটাকে **বৃত্তিমূলক প্রশিক্ষণ** বলা হয়।

বৃত্তিমূলক প্রশিক্ষণ অনেক সময় শিক্ষার ক্লাসগুলির সাথে যুক্ত থাকে৷ এই ভাবে, আপনি একটি প্রশিক্ষণ পাঠ্যক্রমে যেতে পারেন ও বৃত্তি লাভ করতে পারেন৷

উদাহরণস্বরূপ, আপনি একটি রঙ করা ও সাজানোর প্রশিক্ষণ পাঠ্যক্রমে যোগ দিতে পারেন৷ একই সঙ্গে আপনি গণিত ও পড়ার ক্লাসেও যোগ দিতে পারেন যাতে আপনি GCSE অথবা ন্যাশানাল ভোকেশনাল কোয়ালিফিকেশন (NVQ) অর্জন করতে পারেন৷

প্রত্যেকটি কারাগারে **ডায়রেক্টরি অফ এডুকেশন এন্ড ট্রেনিং** বলে একটি বই আছে যেটা আপনাকে বলে দেবে আপনার কারাগারে কি কি প্রশিক্ষণ পাঠ্যক্রম চালানো হয়।

কাজ

আপনি কারাগারে থাকার সময় কাজ একটি প্রধান জিনিস যা আপনি করবেন৷ যাতে কারাগার ছাড়ার পর আপনি চাকরী পেতে পারেন, তার সাহায্যের জন্য দক্ষতা ও যোগ্যতা অর্জন করতে কাজ করা একটি বিরাট অংশ নেবে।

আপনি কারাগারে আসার পর, মূল্যায়ন করে দেখা হবে কি ধরনের কাজ আপনার পক্ষে সব থেকে ভালো হবে।

কারাগারের কাজ সাধারণত শিল্পসংক্রান্ত ওয়ার্কশপ এবং/অথবা কৃষি (কৃষিকাজ, পশুপালন ইত্যাদি) এবং উদ্যানবিদ্যা (বাগান করা) ইউনিটগুলির মাধ্যমে হয়। আপনি নানা জিনিস তৈরী করবেন ও পরিষেবা চালাবেন যেগুলি কারাগারের জন্য প্রয়োজনীয় ও সম্প্রদায়ের মধ্যে বিক্রী করা যায়।

এইসব ইউনিটের কাজ আপনাকে এইসব কাজে দক্ষতা ও অভিজ্ঞতা দেওয়া উচিত :

- বস্ত্রশিল্প
- ইঞ্জিনিয়ারিং
- কাঠের কাজ
- ছবি আঁকা
- ডেটা এন্ট্রি
- প্লাস্টিক মোল্ডিং
- কম্পিউটারের সাহায্যে নকশা
- জমির রক্ষণাবেক্ষণ

কারাগারে কাজ করার জন্য আপনাকে অর্থ প্রদান করা হবে। আপনি যদি কাজ করতে রাজি থাকেন কিন্তু আপনার উপযুক্ত কোন কাজ আপনার কারাগারে না থাকে, তাহলেও আপনাকে অর্থ প্রদান করা হবে৷ সাধারণত এই অর্থের পরিমান আপনি কাজ করলে যা অর্থ পেতেন তার অর্ধেক হয়।

কমিউনিটির কাজ

কারাগারের কাছাকাছি স্থানীয় সম্প্রদায়ের মধ্যে কাজ করাকে বলা হয় **ওয়ার্কিং আউট**। কারাগার ছেড়ে যাবার আগে নিজের আত্মবিশ্বাস গড়ে তোলার জন্য আপনার এটা একটা সুযোগ। আপনার কমিউনিটির ও যেসব ব্যক্তিরা আপনার সাথে থাকেন ও কাজ করেন তাদের প্রতি আপনার দায়িত্ব বুঝতে পারার ব্যাপারেও এটা সাহায্য করে। **ওয়ার্কিং আউট** এ অন্তর্গত থাকবে এইসব কাজ

- পরিবেশমূলক প্রকল্পে
- বয়স্ক লোকেদের সাথে
- প্রতিবন্ধকতা থাকা মানুষের সাথে
- খেলাধূলার ক্রিয়াকলাপে

জব ক্লাব

কিছু কারাগার আপনি মুক্তি পাওয়ার পর আপনাকে চাকরী পেতে সাহায্য করতে তাদের নিজেদের জব ক্লাব চালান। ইন্টারভিউর জন্য প্রস্তুত করা ও কিভাবে চাকরী খুঁজতে হয় এইসব বিষয় জব ক্লাব আপনাকে সাহায্য করে।

কারাগার কর্মীদের কাছ থেকে জেনে নিন আপনার কারাগারে জব ক্লাব আছে কি না।

বেশীভাগ কারাগারেই কর্মীরা থাকেন যাঁরা আপনাকে পরামর্শ দিতে ও চাকরী পাওয়ার জন্য সাহায্য করতে প্রশিক্ষণপ্রাপ্ত হন।

স্বেচ্ছাসেবা করা

আপনি কারাগারে লিসনার (শ্রোতা) হিসাবে স্বেচ্ছাসেবা করতে পারেন।

অথবা আপনার কোন বিশেষ কাজ থাকতে পারে, যেমন বৈঠকে অন্য কয়েদিদের হয়ে কথা বলা বা চ্যাপেল বা লাইব্রেরিতে সাহায্য করা।

কারাগার ছেড়ে চলে যাওয়ার জন্য প্রস্তুত হওয়া

আপনি কারাগার ছেড়ে যাবার আগে আপনাকে জানতে হবে

- ✓ আপনি কোথায় থাকবেন।
- ✓ আপনার বেনিফিটগুলি কিভাবে ঠিকঠাক করে নেবেন।
- ✓ আপনাকে কোথাও থাকতে সাহায্য করার জন্য কি কি অনুদানের জন্য আপনি আবেদন করতে পারেন।
- ✓ আপনি কারাগারে আসার আগে যদি চাকরী করে থাকেন, আপনার ট্যাক্স ফর্ম পাঠানোর প্রয়োজন আছে কি না।
- ✓ আপনি যেই জামাকাপড় পরে কারাগারে এসেছিলেন সেগুলি এখনও আপনার মাপে হয় কি না।
- ✓ আপনার প্রোবেশন সার্ভিসের সাথে দেখা করার প্রয়োজন আছে কি না এবং আপনার লাইসেন্স আছে কি না।

আপনার সম্পত্তি

আপনি যখন কারাগার ছেড়ে যাবেন, আপনার সমস্ত ব্যক্তিগত সম্পত্তি, যেমন আপনি যে জামাকাপড় পরে কারাগারে এসেছিলেন, আপনাকে ফেরত দেওয়া হবে। বেশীভাগ কারাগার আপনি মুক্তি পাওয়ার কয়েকদিন আগে আপনার জামাকাপড় ঠিক মাপে আছে কি না দেখার জন্য সেগুলি পরে দেখার সুযোগ দেয়। যদি ঠিক মাপে না হয় অথবা সেগুলি পরার উপযুক্ত মরশুম তখন না থাকে, আপনি আপনার বন্ধুবান্ধবদের অথবা পরিবারকে আপনার জন্য জামাকাপড় নিয়ে আসার জন্য বলতে পারেন।

এটা যদি সম্ভব না হয় তাহলে প্রিজন সার্ভিস আপনাকে **লিবার্টি ক্লোদিং (মুক্তিলাভের কাপড়জামা)** দেবে। এই পোশাক আপনার মাপের হবে ও তখনকার মরশুমের উপযুক্ত হবে।

আপনার মুক্তির কয়েকদিন আগেই জামাকাপড়ের জন্য বলে রাখুন।

ট্র্যাভেল ওয়ারেন্ট

ইউ.কে. তে আপনার বাড়ি বা অন্য কোনও ঠিকানায় যাবার জন্য আপনি একটি ট্র্যাভেল ওয়ারেন্ট পাবেন। এটার সাহায্যে আপনি ট্রেন, বাস বা কোচ এ যাত্রা করতে পারবেন।

মুক্তির জন্য অনুদান

আপনি উপার্জন সহায়তা অথবা চাকরিপ্রার্থীর অনুদান না পাওয়া অবধি আপনার খরচ চালাবার জন্য এটা একটা অনুদান। এটা সামান্য কিছু অর্থ - £46 মত

আপনি মুক্তির জন্য অনুদান **পাবেন না** যদি আপনি

- ১৪ বছরের নীচে হন
- আপনি 14 দিন বা তারও কম সময় কারাবাস করেছেন
- কোনও জরিমানা না দেবার কারণে আপনি কারাবাস করেছেন
- যদি সিভিল কয়েদি হন
- আরও সাক্ষ্যপ্রমাণ সংগ্রহের জন্য আপনাকে পুলিসের হেফাজতে পাঠানো হয়েছে অথবা আপনি এই দেশ থেকে বহিষ্কারের অপেক্ষা করছেন
- সরাসরি হাসপাতালে যাচ্ছেন
- ইউ.কে.র বাইরে কোথাও থাকতে যাচ্ছেন
- উপার্জন সহায়তা পাওয়ার যোগ্য না হন
- 14 দিনের কম সময়ের মধ্যে আপনাকে ফিরিয়ে আনা হয়েছে।

আপনাকে কোথাও বসবাস করার ব্যাপারে সাহায্য করার জন্য বসবাসের ব্যবস্থা করতে পারেন এমন কোন ব্যক্তিকে (গৃহস্বামী) সরকার অন্য একটি ছোট অনুদান করতে পারেন।

এই অনুদানের ব্যবস্থা করা গভর্নর-এর উপর নির্ভর করে, এবং যে স্থানের জন্য তিনি অর্থ চাইছেন কারাগার কর্তৃপক্ষ পরীক্ষা করে দেখবেন সেটা উপযুক্ত কি না।

আবাসন

মুক্তি পাওয়ার পর আপনি যদি গৃহহীন হন, কিছু প্রতিষ্ঠান আছে যারা আপনার থাকার জায়গা খুঁজে দিতে সাহায্য করতে পারেন। বেশীর ভাগ থাকার জায়গাই হস্টেল অথবা একই বাড়িতে ভাগাভাগি করে থাকার মত হবে। আপনার যদি একজন অফেণ্ডার ম্যানেজার থাকেন তাহলে তিনিও এটা আপনার সাথে আলোচনা করবেন।

কারাগারের পুনর্বাসন ইউনিটকে সাহায্য করার জন্য বলুন।

কিছু কারাগার NACRO-র সহজেই প্রাপ্ত পরিষেবা তথ্য ডেটাবেস ব্যবহার করতে পারে। আপনার কারাগার এটা করতে পারে কি না জিজ্ঞাসা করুন। এটা হল কমপিউটার-এর থেকে তথ্য।

বাসস্থান সম্বন্ধে আরো কিছু

NACRO একটি দাতব্য প্রতিষ্ঠান যেটি কারাগারে যেসব ব্যক্তি ছিলেন তাদের নিয়ে কাজ করে।

আপনি এদের 0800 0181 259 নম্বরে যোগাযোগ করতে পারেন।

গৃহহীন ব্যক্তিদের শেল্টার নামক দাতব্য প্রতিষ্ঠান সাহায্য করে।

আপনি শেল্টার কে 0808 800 4444 নম্বরে যোগাযোগ করতে পারবেন।

অর্থ ও বেনিফিট

আপনি **জবসেন্টার প্লাস** এর মাধ্যমে বেনিফিট-এর জন্য আবেদন করতে পারেন।

কারাগার **ছাড়ার আগে** বেনিফিটগুলির জন্য আবেদন করতে সাহায্য করার জন্য আপনি আপনার কারাগারে কর্মরত জবসেন্টার প্লাস ও বেনিফিট সার্জারীকে বলতে পারেন।
কারাগার ছাড়ার আগে পরামর্শদাতার সাথে যদি আপনি দেখা না করতে পারেন, কারাগার ছাড়ার পর যত তাড়াতাড়ি সম্ভব ফোন করুন অথবা জবসেন্টার-এ যান।

- ওদের বলুন **ফ্রেশস্টার্ট স্কিম-**এর অধীনে আপনার একজন পরামর্শদাতার সাথে দেখা করা প্রয়োজন। যাঁরা কারাগারে থেকেছেন, এই স্কিমটি তাদের জন্য।
- কারাগার থেকে বেরোবার 7 **দিনের** মধ্যে আপনাকে এই ব্যাপারটা মিটিয়ে ফেলতে হবে। যাতে আপনি যেদিন থেকে কারাগার ছেড়েছেন সেই দিন থেকেই বেনিফিটস দাবি করতে পারেন, এই ব্যবস্থা তার জন্য।

আপনার সাক্ষাৎকারের জন্য যখন আপনি জবসেন্টার প্লাস এ যাবেন, আপনাকে এই জিনিসগুলি **সাথে নিয়ে যেতে হবে**

- পরিচয় নির্ণয় (ID) করার জন্য কোনও কিছু, যেমন, আপনার পাসপোর্ট, ড্রাইভিং লাইসেন্স, অথবা জন্মের সার্টিফিকেট।
- আপনার ন্যাশানাল ইন্সিওরেন্স নম্বর।
- কারাগার থেকে একটি আনুষ্ঠানিক চিঠি।

আপনি যদি আপনার বাড়ির দিকে না ফিরে যান, অথবা এই দলিলগুলি যদি আপনার বন্ধুবান্ধব বা পরিবারের কাছে থেকে থাকে, কি ভাবে সেগুলি হস্তগত করবেন সেটা নিশ্চিত করে নেবেন। এটা আপনি যাতে কারাগার ছাড়ার **আগেই** করে নিতে পারেন সেটা সুনিশ্চিত করবেন।

ইনকাম ট্যাক্স (আয়কর)

আপনার আগের চাকরীর **পি45** ফর্ম যদি আপনার কাছে না থাকে, কারাগার ছাড়ার আগে আপনাকে একটি ইনল্যাণ্ড রেভিনিউ ফর্ম **পি৪0-1** দেওয়া হবে।

এটা ভর্তি করে আপনাকে আপনার আগেকার চাকরী যে ট্যাক্স অফিস দেখাশুনা করত সেই অফিসে পাঠাতে হবে।

এটা আপনাকে ভর্তি করতে হবে চাকরিপ্রার্থীর ভাতা ও উপার্জন সহায়তার জন্য।

আপনি যদি স্বনিযুক্ত হতে যান, আপনার স্থানীয় ট্যাক্স অফিসে যোগাযোগ করুন।

অনুদান ও ঋণ

আপনি যদি উপার্জন সহায়তা অথবা উপার্জন ভিত্তিক চাকরিপ্রার্থীর ভাতা পেতে চলেছেন, আপনি **কমিউনিটি কেয়ার অনুদান** পেতে পারেন।

আপনার যদি কোন জামাকাপড় অথবা আসবাবপত্র না থাকে এই অনুদান আপনাকে সাহায্য করার জন্য। আপনি কতদিন কারাগারে ছিলেন সেটা তাঁরা বিবেচনা করবেন। আপনার জামাকাপড় চুরি গেছে কি না, হারিয়ে বা নষ্ট হযে গেছে কি না অথবা আপনার ওজন অনেক বেড়ে বা কমে গেছে যার জন্য সত্যিই আপনার জামাকাপড় মাপে হচ্ছে না, এসবও তাঁরা বিবেচনা করে দেখবেন।

আপনাকে এই অনুদানের অর্থ ফেরত দিতে হবে না।

অন্যান্য অনুদান

আপনি যদি কমিউনিটি কেয়ার অনুদান পেতে না পারেন, আপনি **ক্রাইসিস লোন** পেতে পারেন। আপনাকে এটা ফেরত দিতে হবে। যতদিন না আপনি এটা ফেরত দিচ্ছেন ততদিন আপনার বেনিফিটগুলি থেকে এটা কেটে নেওয়া হবে।

আপনার স্বাস্থ্য

আপনার স্বাস্থ্য বা চিকিৎসা সম্বন্ধে যদি আপনার কোন সমস্যা থাকে আপনি চলে যাবার আগে ডাক্তার বা নার্স এর সাথে দেখা করতে পারেন।

রাস্তার ড্রাগস ব্যবহার করা সবসময় বিপজ্জনক। কারাগারে যদি আপনি বেআইনী ড্রাগস ব্যবহার করে থাকেন, মনে রাখবেন সেগুলি সাধারণত বাইরের ওষুধের থেকে কম শক্তিশালী হবে। কারাগারের বাইরের ওষুধ আপনার মাত্রাধিক হয়ে যাওয়ার ঝুঁকি বাড়িয়ে দেবে।

আপনি যদি ড্রাগ সমস্যার চিকিৎসাধীন হয়ে থাকেন, আপনার চিকিৎসা চালাবার জন্য আপনাকে একটি কমিউনিটি ড্রাগ চিকিৎসা পরিষেবায় নির্দিষ্ট করে দেওয়া হবে।

মুক্তির সময়

মুক্তির দিন খুব সম্ভবত সকাল ৪.45 মিনিটের আগেই আপনাকে ছেড়ে দেওয়া হবে।

আপনার মুক্তির দিন যদি শনিবার অথবা রবিবার পড়ে তাহলে আপনাকে আগের শুক্রবার ছাড়া হবে।

আপনার মুক্তির দিন যদি ব্যাংক-এর ছুটির দিন হয়, ব্যাংক-এর ছুটির দিনের আগের দিন আপনাকে ছাড়া হবে। সেটা সাধারণত শুক্রবার হবে।

আপনাকে যদি প্যারোলে মুক্তি দেওয়া হয়, এবং সেই দিন যদি সপ্তাহান্তের কোন দিন হয়, আপনাকে সোমবার ছাড়া হবে। সেদিন যদি ব্যাংক-এর ছুটির দিন হয়, আপনি সম্ভবত ব্যাংক-এর ছুটির দিনের পরের দিন ছাড়া পাবেন। সেটা সাধারণত মঙ্গলবার হয়ে থাকে।

লাইসেন্স ও তত্ত্বাবধান

আপনার কারাবাস যদি 1 বছরের অধিক হয়ে থাকে, আপনাকে লাইসেন্স-এর অধীনে মুক্তি দেওয়া হবে। অল্পবয়স্ক অপরাধীরা **পৃষ্ঠা** 159 দেখুন, কারণ আপনি যদি 21 বছরের কম বয়সী হন তবেই লাইসেন্স পাবেন। আপনার লাইসেন্স যা করতে বলবে আপনি তাই করতে হবে, যেমন, একটি বিশেষ স্থানে থাকা ও আপনার অফেণ্ডার ম্যানেজার-এর সাথে দেখা করা।

গেটে গ্রেপ্তারি

আপনার যদি মুক্তি পাওয়ার পর গ্রেপ্তার হওয়ার সম্ভাবনা থাকে তাহলে ছাড়ার আগে গভর্নর আপনাকে সেটা জানাবেন, যদি না পুলিস বলে যে আপনাকে তা জানানো যাবে না। যদি গভর্নর আপনাকে এটা হবে বলে জানান তাহলে সেটা আপনি আপনার বন্ধুবান্ধব, পরিবার ও আপনার উকিলকে জানাতে পারেন ।

রিহ্যাবিলিটেশন অফ অফেন্ডারস অ্যাক্ট

এই আইনটি হল কিছুকাল পরে আপনার রেকর্ড থেকে অপরাধ সম্পর্কিত দণ্ডিতকরণের তথ্য স্পেন্ট (মুছে ফেলা) করার বিষয়ে।

নির্দিষ্ট এই সময়কাল কে বলা হয় **পুনর্বাসন কাল**।

- পুনর্বাসন কাল হল যেদিন থেকে আপনি দণ্ডিত হয়েছিলেন সেদিন থেকে একটি নির্দিষ্ট সময়কাল।
- এই সময়কাল কত সেটা নির্ভর করবে আপনাকে যেই দণ্ডাদেশ দেওয়া হয়েছে তার উপর, আপনার অপরাধ বা কতদিন আপনি কারাগারে আছেন তার উপর নয়।
- আপনি যখন চাকরীর জন্য আবেদন করবেন, ইন্সিওরেন্স নেবেন, অথবা ক্রিমিনাল বা সিভিল মামলায় জড়িয়ে পবেন, এই দণ্ডিতকরণের তথ্য মুছে যাওয়ার পর তার বিষয়ে উল্লেখ না করলেও চলবে।
- একবার দণ্ডিতকরণের তথ্য মুছে যাওয়ার পর সেটা মুছে যাওয়া অবস্থাতেই থাকে, যদিও পরে আপনি যদি অন্য অপরাধে দণ্ডিত হন।

2 ½ বছরের বেশী দণ্ডাদেশ কখনও মুছে ফেলা যায় না।

বিভিন্ন সময়কালের দণ্ডাদেশের জন্য পুনর্বাসন কাল কতখানি হতে পারে এই টেবিলগুলি সেটা দেখায়। এগুলি হচ্ছে কারাগারে গিয়ে দণ্ডাদেশ ভোগ করার জন্য।

দণ্ড	**18 বছর বয়সী বা তার উর্দ্ধের ব্যক্তিদের জন্য পুনর্বাসন কাল**	**18 বছরের কম বয়সীদের জন্য পুনর্বাসন কাল**
2 ½ বছরের বেশী	**এগুলি কখনো কাটানো হয় না**	**এগুলি কখনো কাটানো হয় না**
6 মাসের বেশী ও 2 ½ বছর অবধি	10 বছর	5 বছর
6 মাস বা তার কম	7 বছর	3 ½ বছর
জরিমানা, প্রোবেশন, কমিউনিটির সেবা, ক্ষতিপূরণ, কম্বিনেশন ও কার্ফিউ আদেশ	5 বছর	2 ½ বছর
সম্পূর্ণ মুক্তি	6 মাস	6 মাস

কিছু দণ্ডাদেশের জন্য পুনর্বাসন কাল কম বেশী হতে পারে

দণ্ডাদেশ	**18 বছর বয়সী বা তার উর্দ্ধের ব্যক্তিদের জন্য পুনর্বাসন কাল**	**18 বছরের কম বয়সীদের জন্য পুনর্বাসন কাল**
প্রোবেশন, তত্ত্বাবধান, সেবা আদেশ, শর্তাধীন মুক্তি বা বাইন্ড-ওভার	1 বছর অথবা আদেশকাল সম্পূর্ণ হওয়া, দুটির মধ্যে যেটি অধিক	1 বছর অথবা আদেশকাল সম্পূর্ণ হওয়া, দুটির মধ্যে যেটি অধিক
এটেণ্ডেন্স সেন্টার-এর আদেশ, হাসপাতালের আদেশ (রেস্ট্রিকশন আদেশ সহ বা ব্যাতিত)	আদেশকাল শেষ হওয়ার পর 5 বছর থেকে 2 বছর (যেটি অধিক)	আদেশকাল শেষ হওয়ার পর 1 বছর

মুছে ফেলা দণ্ডের কথা আপনাকে কখন উল্লেখ করতে হবে

যদি আপনি বিশেষ কিছু কার্যভার গ্রহণ করেন তাহলে মুছে ফেলা দণ্ডের কথা আপনাকে উল্লেখ **করতে হবে** ।

- উকিল
- ডাক্তার
- দাঁতের ডাক্তার
- হিসাব রক্ষক
- নার্স
- কেমিস্ট

শিশু ও 14 বছরের কম অল্পবয়সীদের সাথে কাজ করার জন্য যদি আপনি কোনও চাকরী অথবা স্বেচ্ছাসেবী হওয়ার আবেদন করেন আপনাকে মুছে ফেলা দণ্ডের **কথা অবশ্যই উল্লেখ করতে হবে ।**

আপনি যদি এই ধরনের কাজ করেন তাহলে আপনাকে মুছে ফেলা দণ্ডের কথা উল্লেখ **করতে হবে**

- আগ্নেয়াস্ত্রের ব্যবসায়ী
- ক্যাসিনো অপরেটর
- ইন্সিওরেন্স কোম্পানী ও ট্রাস্ট-এর ডাইরেক্টার ও ম্যানেজার
- নার্সিং হোম-এর ম্যানেজার
- কোনও সিভিল সার্ভিস-এর কাজ
- প্রতিরক্ষা ঠিকাদার

আপনি যদি এইসবের সার্টিফিকেট-এর জন্য আবেদন করেন তাহলে আপনাকে মুছে ফেলা দণ্ডের কথা উল্লেখ **করতে হবে**

- আগ্নেয়াস্ত্র
- শট গান
- বিস্ফোরক পদার্থ

আপনি যদি কোনও চাকরীর জন্য আবেদন করেন ও আবেদন পত্রে কোন **না** মুছে ফেলা দণ্ডকাল সম্বন্ধে আপনাকে জিজ্ঞাসা করা হয় তাহলে আপনার তা প্রকাশ করা উচিত ।

আপনি এটা যদি না করেন ও পরে ধরা পরে যান, আপনার নিয়োগকর্তাকে সেগুলি সম্বন্ধে না বলার জন্য আপনি চাকরী থেকে বরখাস্ত হতে পারেন।

আপনি যদি বিদেশে চলে য়েতে চান, সেই দেশে দণ্ডকাল কাটানোর ব্যাপারে কি নিয়ম আছে সেটা যাচাই করে নেবেন। এটা আপনি ওই দেশের দূতাবাস থেকে তা জেনে নিতে পারেন।

অপরাধের রেকর্ড

মুছে ফেলা বা না-মোছা সমস্ত অপরাধ আপনার অপরাধের রেকর্ড-এ থেকে যায়৷ এই রেকর্ড পুলিস ন্যাশনাল কম্পিউটার-এ থাকে।

আপনি যদি বহু বছর পুলিসের নজরে আর না আসেন, এই রেকর্ড সরিয়ে দেওয়া হতে পারে।

আপনি যদি বহু বছর পুলিসের নজরে নাও আসেন তাহলেও কিছু রেকর্ড কোনদিনই সরিয়ে দেওয়া হবে না। এটি নির্ভর করছে কী ধরনের অপরাধ আপনি করেছেন তার উপর।

অস্থায়ী লাইসেন্স-এ মুক্তি পাওয়া

অস্থায়ী লাইসেন্স-এ মুক্তির অর্থ অল্প সময়ের জন্য কারাগার ছেড়ে যেতে পারা ।

যেমন, আপনি অস্থায়ী লাইসেন্স-এ মুক্তির অনুমতি পেতে পারেন

- ✓ কারণ পিতা বা মাতা অথবা সহভাগী গুরুতর অসুস্থ
- ✓ আপনার দণ্ডের শেষ হওয়ার পর যাতে আপনি আপনার সমাজে বসবাস করা মানিয়ে নিতে পারেন

অস্থায়ী লাইসেন্স-এ মুক্তিকে সংক্ষেপে ROTL (অস্থায়ী লাইসেন্স-এ মুক্তি=ROTL) বলা হয়।

- ✗ সকলে ROTL মুক্তি পান না ।

প্রিজন সার্ভিস অর্ডার 6300 তে এই বিষয় আরও তথ্য আছে।

সকলে ROTL পেতে পারেন না। অস্থায়ী লাইসেন্স-এ যেইসব কয়েদি ছাড়া পেতে **পারেন না** তা হলেন

- ক্যাটাগরি A অথবা পলাতকের তালিকায় যাঁরা আছেন।
- দোষী সাব্যস্ত হয়েছেন বা হননি কিন্তু এখনো দণ্ডাদেশ পাননি।
- বিদেশী সরকারের হাতে অর্পন করার পদ্ধতি চলছে – অন্য কোনও দেশ তাকে চাইছেন কারণ অপরাধ সেই দেশে করা হয়ে থাকতে পারে।
- দণ্ডাদেশ প্রাপ্ত, কিন্তু আরও অভিযোগের বিরুদ্ধে সাক্ষ্যপ্রমাণের জন্য হেফাজতে আছেন অথবা অন্য ঘটনায় দণ্ডিতকরণের অপেক্ষায় আছেন।
- ক্যাটাগরি B কয়েদিরা পুনর্বাসন দিনে অথবা রাত্রে মুক্তি পেতে পারেন না কিন্তু যদি পরিবারের কোনও আপন জন মৃত্যু শয্যায় থাকেন তবে সেই কয়েদিকে যাওয়ার অনুমতি দেওয়া হতে পারে।
- আপনি যদি একটি দণ্ডাদেশ সম্পূর্ণ করার কালে একটি বাজেয়াপ্তকরণ অর্ডার পালন না করার জন্য আবার দণ্ডাদেশ পান, আপনি কেবল পরের দণ্ডাদেশ পালন করার কালেই ROTL-এর জন্য আবেদন করতে পারেন, প্রথমটির জন্য নয়।
- যাবজ্জীবন কারাদন্ড প্রাপ্ত কয়েদিরা সাধারণত অস্থায়ী লাইসেন্স-এ মুক্তি পেতে পারেন যদি তাঁরা খোলা অথবা আংশিক খোলা কারাগারে থাকেন।
- যাবজ্জীবন কারাদন্ড প্রাপ্ত কয়েদিরা বন্ধ অবস্থায় অস্থায়ী লাইসেন্স-এ মুক্তি তখনই পেতে পারেন যদি তাদের খোলা কারাগারে থাকার কথা কিন্তু চিকিৎসাগত কারণে সেটা করা সম্ভব হয়নি।

যদি গভর্নর মনে করেন যে আপনি কারাগার থেকে বাইরে যাওয়ার পক্ষে নিরাপদ, তাহলে 4টি প্রধান ধরনের লাইসেন্স আছে

বিশেষ উদ্দেশ্যের লাইসেন্স

এটা কয়েক ঘন্টার জন্য হয় এবং দেওয়া হয়

- পরিবারের কোনও নিকট সদস্য আত্মীয় মৃত্যুশয্যায় থাকলে তার সাথে দেখা করার জন্য
- পরিবারের নিকট কোন সদস্যের অন্ত্যেষ্টিক্রিয়ায় যাবার জন্য
- বিবাহ বা ধর্মীয় অনুষ্ঠানে
- চিকিৎসাগত কারণে - সাক্ষাৎ ও চিকিৎসার জন্য যতটা সময় হাসপাতালে থাকার প্রয়োজন হয়
- আদালত, ট্রাইবুনাল অথবা কোনও জিজ্ঞাসাবাদের জন্য

পুনর্বাসন দিনের মুক্তির লাইসেন্স

এটা দেওয়া হয় এইসব কারণে

- মুক্তি পাওয়ার প্রস্তুতির জন্য দণ্ডের অংশ হিসাবে কারাগারের বাইরের কমিউনিটি পরিষেবা কর্মসূচীগুলিতে অংশ নেওয়া বা অন্য কিছু করা
- আপনার পরিবারের সাথে যোগাযোগ রাখা
- জীবন ও কাজের দক্ষতার জন্য প্রশিক্ষণ ও শিক্ষা পাঠ্যক্রম

পুনর্বাসন রাত্রে মুক্তির লাইসেন্স

দিনে মুক্তির মত সব কারণেই এটা দেওয়া হয় আপনি কারাগার ছাড়ার পর যেখানে বসবাস করবেন সেখানে রাত কাটাবার জন্য।

সন্তানসেবা পুনর্বাসন লাইসেন্স

এটা কিছু কয়েদিদের জন্য যাঁরা 16 বছর বয়সী সন্তানের একমাত্র পিতা বা মাতা অথবা রক্ষক। এই ছুটি প্রতি দুই মাসে একবার নেওয়া যায় – অর্থাৎ বছরে ছয়বার।

হাজতবাস সমাপ্তিতে লাইসেন্স কর্মসূচী (ECL-ও বলা হয়)

এটি একটি অস্থায়ী কর্মসূচী যা 2007 সালে শুরু হয়েছিল।

- ✓ এটা সব কয়েদিদের জন্য যারা উপযুক্ত ও 4 সপ্তাহ বা তার বেশী কিন্তু 4 বছরের কম দণ্ডাদেশ প্রাপ্ত।
- ✓ হাজতবাস সমাপ্তিতে লাইসেন্স কর্মসূচীর অর্থ হল যে, আপনার স্থিরীকৃত মুক্তির দিনের 18 দিন আগে অবধি আপনাকে মুক্তি দেওয়া যেতে পারে।

  × কিছু ব্যক্তি ECL পেতে পারেন না।

প্রিসন সার্ভিস ইনস্ট্রাকশন 42/2007-এ আরো তথ্য আছে। এটা কারাগার লাইব্রেরিতে থাকবে।

ECL-এর অধীনে যদি আপনাকে মুক্তি দেওয়া হয় আপনার দণ্ডাদেশের নিয়ম আপনাকে মেনে চলতে হবে। আপনি যদি লাইসেন্স-এর শর্ত (নিয়ম) ভঙ্গ করেন, আপনাকে কারাগারে ফিরিয়ে আনা হবে।

এই কর্মসূচীতে মুক্তি পেলে আপনি কিছু অর্থ সাহায্য পেতে পারেন। আপনার স্থিরীকৃত মুক্তির দিন না আসা অবধি আপনি সুবিধা দাবি করতে পারেন না।

উদাহরণস্বরূপ, কর্মসূচীর অধীনে আপনি যদি 1 মার্চ মুক্তি পান, কিন্তু আপনার দণ্ডাদেশ 18 মার্চ শেষ হওয়ার কথা, আপনি 18 মার্চ অবধি সুবিধা দাবি করতে পারবেন না।

যেইসব কয়েদি ECL এর অধীনে মুক্তি **পাবেন না**

- রেজিস্টার্ড যৌন অপরাধী।
- গুরুতর হিংসাত্মক জন্য যেইসব কয়েদি কারাদণ্ড ভোগ করছেন।
- যেসব কয়েদি পূর্বে হাজত থেকে পলায়ন করেছিলেন।
- যেসব কয়েদি আগে যে কোনও অস্থায়ী মুক্তির শর্ত ভঙ্গ করেছিলেন।

যেসব কয়েদিদের ECL-এর অধীনে ছাড়া যাবে না তাদের সম্বন্ধে আরো তথ্য

- যেসব কয়েদিদের বসবাস করার জায়গার ব্যবস্থা করা নেই।
- যেসব কয়েদিদের দণ্ডাদেশ কাটাবার পর নির্বাসিত করা হবে।
- অন্য দেশে দণ্ডিত এই দেশে পালিয়ে আসা সেইসব কয়েদি যাদের সেই দেশে ফেরৎ পাঠানো হবে।
- আরো সাক্ষ্যপ্রমাণের অথবা অন্য কোন কারণে দণ্ডাদেশের অপেক্ষারত কয়েদিরা।
- বাড়িতে আটক থাকা কার্ফিউ অথবা অন্য লাইসেন্স থেকে ফিরিয়ে আনা কয়েদিরা।
- কোন চিকিৎসা কর্মসূচীতে অংশগ্রহণকারী কয়েদিরা যাদের মুক্তি পাওয়ার পরে সেই কর্মসূচী মেনে চলা দরকার, যদি না আপনার অফেণ্ডার ম্যানেজার তার অন্য কোন সুবিধাজনক সময় ব্যবস্থা করতে পারেন।

মুক্তি ও তত্ত্বাবধান

মুক্তি ও তত্ত্বাবধানের ব্যাপারে অনেক সংক্ষিপ্তকরণ জড়িত আছে

- SED – সেন্টেন্স এক্সপাইরী ডেট (দণ্ডাদেশের মেয়াদ শেষ হওয়ার তারিখ)
- LED – লাইসেন্স এক্সপাইরী ডেট (লাইসেন্স-এর মেয়াদ শেষ হওয়ার তারিখ)
- SLED – সেন্টেন্স এন্ড লাইসেন্স এক্সপাইরী ডেট (দণ্ডাদেশ ও লাইসেন্স-এর মেয়াদ শেষ হওয়ার তারিখ)
- ACR – অটোম্যাটিক কণ্ডিশনাল রিলিস (স্বয়ংক্রিয় শর্ত অনুসারে মুক্তি)
- ADA – অ্যাডিশনাল ডেস এডেড (যুক্ত করা অতিরিক্ত দিন)
- AP – অল পার্পাস লাইসেন্স (সর্ব উদ্দেশ্যের লাইসেন্স)
- HDC – হোম ডিটেনশন কার্ফিউ (বাড়িতে আটক কার্ফিউ)
- ARD – অটোম্যাটিক রিলিস ডেট (স্বয়ংক্রিয় মুক্তির তারিখ)
- NPD – নন-পারোল ডেট (নন-প্যারোল-এর তারিখ)
- CRD – কন্ডিশানাল রিলিস ডেট্ (শর্ত অনুসারে মুক্তির তারিখ)

তত্ত্বাবধান সহ অথবা ছাড়া আপনার মুক্তি পাওয়ার দিন, এবং ওই তত্ত্বাবধান কতদিন চলবে সব নির্ভর করছে দণ্ডাদেশের মেয়াদ ও আপনি কবে দণ্ডিত হয়েছেন তার উপর।

এটা বেশ জটিল ব্যাপার।

আপনার যদি কোনও প্রশ্ন থাকে কারাগারের কর্মী অথবা আপনার অফেণ্ডার ম্যানেজারকে জিজ্ঞাসা করা উচিত।

বাড়িতে আটক রাখার কার্ফিউ (HDC)

3 মাস থেকে 4 বছর অবধি দণ্ডাদেশ পালনরত কয়েদিদের বাড়িতে আটক রাখার কার্ফিউ-র অধীনে আগে মুক্তি দেওয়া যায়। এটাকে ট্যাগিং ও বলা হয়।

এর অর্থ, আপনাকে একটি ইলেক্ট্রনিক ট্যাগ দেওয়া হয় আপনার গতিবিধির উপর নিয়ন্ত্রণ রাখার জন্য ।

আপনি কোথায় যাবেন, কোন সময়ের মধ্যে বাড়ি ফিরবেন ইত্যাদি নিয়মগুলি আপনাকে মেনে চলতে হবে ।

HDC. সম্বন্ধে আরও তথ্য

আপনাকে যদি বাড়িতে আটকাবস্থায় কার্ফিউ তে ছাড়া হয়, কারাগার ছাড়ার পর আপনার বসবাস করার একটি স্থান **থাকতেই হবে**। আপনার যদি কোথাও যাবার না থাকে, আপনি **ক্লিয়ারস্প্রিংস অ্যাকোমোডেশন অ্যাণ্ড সাপোর্ট সার্ভিস** কে জিজ্ঞাসা করতে পারেন ওরা আপনাকে বসবাস করার জন্য কোনও জায়গা দিতে পারেন কি না।

এঁরা আপনাকে কোথাও একটা ছোট বাড়ি বা ফ্ল্যাট-এ থাকার জাযগা দিতে পারেন। এটা এমন জায়গায় হতে পারে যেখানে আপনাকে ৪ জন অবধি ব্যক্তির সাথে ভাগাভাগি করে থাকতে হতে পারে। আপনাকে নিজেই রান্না ও পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে এবং ভাড়া দিতে হবে।

আপনি যতদিন বাড়িতে আটকাবস্থায় কার্ফিউ তে থাকবেন, ক্লিয়ারস্প্রিংস্ আবাসন কেবল সেই সময়টুকুর জন্য।

আপনাকে আপনার দণ্ডাদেশের এক চতুর্থাংশ অথবা 30 দিন (দুটির মধ্যে যেটি বেশী) কারাগারে কাটাতে হবে।
আপনি HDC তে 135 দিন (সাড়ে 4 মাস) অবধি থাকতে পারেন।

আপনার পক্ষে HDC ঠিক হবে কি না সেটা কর্মীরা পরীক্ষা করে দেখবেন। এটা নির্ভর করবে আপনি কারাগার থেকে বেরিয়ে আসার পর অন্যদের পক্ষে নিরাপদ হবেন কি না, তার উপর।

HDC-তে মুক্তি নেওয়া আপনি **না** চাইতে পারেন।

আপনাকে যদি HDC-তে মুক্তি না দেওয়া হয় তাহলে আপনি তার বিরুদ্ধে আবেদন করতে পারেন। আবেদন করার জন্য অভিযোগ করার পদ্ধতি ব্যবহার করুন।

আপনি যদি আপনার নিয়ন্ত্রণের বাইরের কারণে কার্ফিউ ভঙ্গ করেন, যেমন, আপনার স্বীকৃত ঠিকানায় আর বসবাস না করতে পারা, আপনি আবার HDC-তে মুক্তি পাওয়ার জন্য আবেদন করতে পারেন।

HDC ভঙ্গ করার জন্য যদি আপনাকে কারাগারে ফেরত আনা হয়, ভবিষ্যতে আপনি আর HDC-তে মুক্তি নাও পেতে পারেন। এটা নির্ভর করবে আপনি ক্রিমিনাল জাস্টিস এক্ট 1991 অথবা 2003-এর আওতায় পরেন কি না তার উপর। আপনি যদি নিশ্চিত না হন, একজন কর্মীদের সদস্যের সাথে কথা বলুন।

HDC সম্বন্ধে আরও তথ্য

আপনাকে যদি কারাগারে পুনরায় ডেকে আনা হয় আপনি তার বিরুদ্ধে আবেদন করতে পারেন।

কিছু কয়েদিকে **কখনই** HDC-র অনুমতি দেওয়া হবে না। উদাহরণস্বরূপ

- যেসব কয়েদিদের সেক্স অফেণ্ডার রেজিস্টার সই করতে হয় ।
- হিংসাত্মক ও যৌন অপরাধী যাঁরা বর্তমানে বর্ধিত দণ্ডাদেশ পালন করছেন ।
- যেসব কয়েদিরা অস্থায়ী লাইসেন্স-এ মুক্তি পেয়ে ফেরৎ আসেন না ।
- হাসপাতালের অর্ডার, হাসপাতালের নির্দেশ অথবা স্থানান্তর নির্দেশের আওতার কয়েদিরা ।
- কার্ফিউ আদেশ পালন না করার জন্য যেইসব কয়েদি দণ্ডাদেশ পালন করছেন ।
- কিছু কয়েদি যাদের HDC কার্ফিউ শর্ত না মানার জন্য কারাগারে ফেরত আনা হয়েছে ।
- যেইসব কয়েদিদের ইউ.কে. থেকে নির্বাসিত করা হতে পারে ।
- কিছু কয়েদি যাদের, কোন এক সময়, কারাগারে ফেরত আনা হয়েছে তাদের দণ্ডাদেশের ‘ঝুঁকিপূর্ণ’ সময় কাটার আগেই কোনও অপরাধ করার জন্য ।
- সেইসব কয়েদি যাদের, দণ্ডাদেশ পাওয়ার মুহূর্তে, দণ্ডাদেশের মেয়াদের অর্ধেক সময়ের আগেই 14 দিনের কম অবশিষ্ট আছে।
- যেইসব কয়েদি জরিমানার অর্থ প্রদান করেননি অথবা কোর্ট যা করতে বলেছেন সেটা করেননি (আদালতের আদেশ অবমাননা)।

প্রিজন সার্ভিস অর্ডার 6700 তে আরও তথ্য আছে।

প্যারোল (শর্তাধীন মুক্তি)

যে সব বন্দী দীর্ঘতর কারাদণ্ড ভোগ করছেন-যেমন যাবজ্জীবন কারাদণ্ড বা জনসুরক্ষার কারণে অনির্দিষ্ট কারাদণ্ড-তাঁদের প্যারোল বিষয়ে পৃথক তথ্য আছে। এই তথ্যের জন্য কারাগার কর্মী বা আপনার অফেণ্ডার ম্যানেজারের সঙ্গে কথা বলুন।

- ✓ আপনার দণ্ডাদেশের মেয়াদ পূর্ণ হবার আগেই প্রোবেশন (পরিদর্শক) পরিষেবার তত্ত্বাবধানে কারাগার থেকে মুক্তিকে প্যারোল বা শর্তাধীন মুক্তি বলা হয়।
- ✓ সবচেয়ে তাড়াতাড়ি যে তারিখে আপনি মুক্তি পেতে পারেন তার 6 মাস আগে আপনি প্যারোলের জন্য আবেদন করতে পারেন(চাইতে পারেন)।
- ✓ প্যারোল সংক্রান্ত অধিকাংশ সিদ্ধান্তই প্যারোল বোর্ড নামক একটি স্বাধীন দল দ্বারা গৃহীত হয়ে থাকে।
- ✓ ইউকে-র নাগরিক বা বিদেশী নাগরিক বন্দীদের ক্ষেত্রে প্যারোলের পৃথক পৃথক নিয়ম প্রযোজ্য হয়।
- ✓ আপনার প্যারোল সংক্রান্ত তথ্যাদি জানার দরকার হলে কারাগারের প্যারোল ক্লার্ককে জিজ্ঞাসা করতে পারেন।

যে সব কয়েদি ইউকে-র নাগরিক তাঁদের প্যারোল

প্যারোল হল অনুমতিক্রমে আপনার কারাগার থেকে মুক্তি পাবার একটি উপায়। **পৃষ্ঠা 136 দেখুন।**

অধিকাংশ বন্দীর ক্ষেত্রে, **প্যারোল বোর্ড** নামে পরিচিত একটি গোষ্ঠী প্যারোলের বিষয়ে একমত হয়। এই বোর্ডটি কারাগার পরিষেবা বা ন্যায় মন্ত্রকের অংশ নয়। এঁরা সম্পূর্ণ স্বাধীন।

আপনাকে প্যারোলে মুক্তি দেওয়া যাবে কিনা তা স্থির করার জন্য বোর্ড যা যা দেখবে তা হল

- ✓ কারাগার কর্মীদের প্রতিবেদন।
- ✓ প্রোবেশন কর্মীদের প্রতিবেদন।
- ✓ আপনার আদত অপরাধের বিবরণী (কেন আপনাকে কারাগারে পাঠানো হয়েছিল)।
- ✓ কারাগারে আপনার আচরণ।
- ✓ আপনার বন্ধুবান্ধব ও পরিবারের সহায়তা ও বাসস্থান আছে কিনা।
- ✓ মুক্তির পরে আপনার পরিকল্পনা কি-যেমন, আপনার কি কোনো চাকরিবাকরি আছে?

ইউকে-র নাগরিকদের প্যারোল সম্পর্কে আরও তথ্য

আপনার দণ্ডভোগের অর্ধেক কাটার 6 মাস আগে আপনি প্যারোলের আবেদন করতে পারেন (চাইতে পারেন)। যে তারিখে আপনাকে প্যারোলে মুক্তি দেওয়া যাবে তাকে বলা হয় আপনার প্যারোল যোগ্যতা তারিখ বা প্যারোল এলিজিবিলিটি ডেট (প্যারোল যোগ্যতা তারিখ = PED) ।

আপনি না চাইলে প্যারোলের জন্য আবেদন না-ও করতে পারেন।

আপনার PEDর **4 মাস** আগে আপনার কাছে জানতে চাওয়া হবে যে প্যারোল বোর্ডে যে সব প্রতিবেদন পাঠানো হবে আপনি সেগুলি দেখতে চান কি না । এই প্রতিবেদনগুলিকে বলা হয় আপনার **প্যারোল ডসিয়ার**।

কেন আপনি প্যারোল চান এবং মুক্তি পেলে আপনি কি করবেন সে সম্বন্ধে লিখতে সাহায্য করার জন্য আপনি এই প্রতিবেদনগুলি ব্যবহার করতে পারেন।

আপনার PEDর 2 **মাস** আগে আপনির কেসটি নিয়ে আলোচনা করার জন্য প্যারোল বোর্ডের কয়েকজন ব্যক্তি মিলিত হবেন। এই ক্ষুদ্র গোষ্ঠীটিকে বলা হয় একটি প্যানেল।

মনস্থির করার আগে তাঁরা হয়তো আপনার সঙ্গে কথা বলতে চাইতে পারেন।

আপনাকে এই সাক্ষাতের তারিখ ও সময় জানিয়ে দেওয়া হবে। আপনার সঙ্গে একজন প্যানেল সদস্যর দেখা হবে।

এই সব সম্পন্ন হয়ে যেতে হবে যাতে আপনি আপনার প্যারোল যোগ্যতা তারিখের আগেই প্যারোল বোর্ডের কাছ থেকে সিদ্ধান্ত পেয়ে যান।

প্যারোল বোর্ড আপনার প্যারোলে মুক্তির ফলে জনসাধারণের ঝুঁকি ও আপনার লাভ সম্বন্ধে বিবেচনা করবে।

কী	**কখন**
প্যারোল চাওয়া	**আপনার প্যারোল যোগ্যতা তারিখের 6 মাস আগে**
প্যারোল যোগ্যতা তারিখ (PED)	**সব থেকে তাড়াতাড়ি যে তারিখে আপনাকে প্যারোলে মুক্তি দেওয়া যাবে**
আপনার প্যারোল ডসিয়ার দেখা ও কেন আপনি প্যারোল চান তা লেখা	আপনার PEDর **4 মাস আগে**
প্যারোল বোর্ড থেকে প্যানেলের মিলিত হওয়া	আপনার PEDর 2 **মাস আগে**
প্যানেলের কোনো একজনের সঙ্গে সাক্ষাৎকার	এই 2 মাসের মধ্যে কোনো এক সময়ে
প্যারোল বোর্ডের সিদ্ধান্ত জানতে পারা	আপনার **PED**র যথেষ্ট আগে যাতে আপনি আপনার প্যারোল গ্রহণের জন্য তৈরি হতে পারেন

আপনার প্যারোল সম্বন্ধে জানতে পারা

আপনার প্যারোল সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণের সঙ্গে সঙ্গেই প্যারোল বোর্ড তা আপনাকে ও কারাগারকে জানিয়ে দেবে৷

এর 2টি ব্যতিক্রম আছে

1. যদি আপনি 15 বছর বা তার বেশি সময়ের দণ্ডাদেশ ভোগ করতে থাকেন৷
2. যদি আপনি 1 অক্টোবর 1992র আগে দণ্ডিত হয়ে থাকেন৷

এই ক্ষেত্রে, প্যারোল বোর্ডকে তাদের মতামত সেক্রেটারি অফ স্টেটকে জানাতে হবে৷ সেক্রেটারি অফ স্টেট তারপরে আপনার প্যারোল সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করবেন৷

যদি আপনার প্যারোল নামঞ্জুর (না দেওয়া) হয়

প্যারোল বোর্ড দ্বারা আপনার প্যারোল নামঞ্জুর করার কারণগুলি লিখিতভাবে জানানো হবে ও কারাগারে পাঠিয়ে দেওয়া হবে৷ আপনি তার একটি নকল দেখতে পারবেন৷

কেবলমাত্র এই সিদ্ধান্তের সঙ্গে একমত না হওয়ার দরুণ আপনি এর বিরুদ্ধে আপিল করতে **পারেন না**৷

যদি আপনি মনে করেন আপনার আবেদন নিয়ে সঠিক ভাবে কাজ করা হয় নি তা হলে সেই সম্বন্ধে অভিযোগ করতে **পারেন**৷

অভিযোগ সম্বন্ধে 110 **পৃষ্ঠায়** জানতে পারবেন ।

উদাহরণ স্বরূপ, আপনি অভিযোগ করতে পারেন যদি আপনার মনে হয় যে

- আপনার প্যারোলের অনুরোধ সংক্রান্ত যাবতীয় তথ্য প্যারোল বোর্ডের কাছে পাঠানো হয় নি ।
- প্যারোলের অনুরোধ সংক্রান্ত পদ্ধতি (কিভাবে কাজগুলি করা হবে) সঠিকভাবে অনুসরণ করা হয় নি ।

যদি মনে করেন সিদ্ধান্তটি ভুল তবে আপনার নিজের আইনজীবীর সঙ্গে পরামর্শ করা উচিত ।

প্যারোল নামঞ্জুরি সম্বন্ধে আরো কিছু

আপনার প্যারোল নামঞ্জুর হলে আপনি হয়তো প্রতি বছর আপনার মামলাটি পর্যালোচনা করাতে পারবেন। এটি নির্ভর করবে আপনার নন-প্যারোল ডেট (NPD) পর্যন্ত দণ্ডভোগের মেয়াদের আর কত দিন বাকি আছে তার উপর।

আপনি হয়তো অগ্রিম বা বিশেষ পর্যালোচনাও পেতে পারেন। এর অর্থ আপনার প্যারোলের আবেদন আবার আরো তাড়াতাড়ি বিবেচনা করে দেখা হবে।

- অগ্রিম বা বিশেষ পর্যালোচনা খুব ঘন ঘন দেওয়া হয় না।
- এগুলি মূলতঃ আপনি কর্মনিয়োগ, ড্রাগের পুনর্বাসন ইত্যাদির পাঠ্যক্রমগুলিতে কেমন করছেন সে দিকে নজর দেবার জন্যই ব্যবহার করা হয়ে থাকে।
- যদি আপনার মেয়াদ পূর্ণ হওয়ার আগে আপনার প্যারোলের আবেদন পর্যালোচনা করার জন্য যথেষ্ট সময় না থেকে থাকে সেক্ষেত্রেও আপনাকে হয়তো বিশেষ পর্যালোচনা প্রদান করা হতে পারে।

প্যারোল ও বিদেশী নাগরিক কয়েদি

বিদেশী নাগরিক বন্দীদের জন্য প্যারোলের ক্ষেত্রে 2টি বড় পার্থক্য আছে

- যদি আপনি প্যারোলের যোগ্য হন তা হলে আপনাআপনিই সে জন্য বিবেচিত হবেন। এক্ষেত্রে আপনার কোনো মতামত নেই।
- আপনার প্যারোল সংক্রান্ত সিদ্ধান্ত কারাগারের গভর্নর কর্তৃক গৃহীত হবে যদি না আপনি যৌন বা হিংসাত্মক অপরাধের জন্য দণ্ডিত হয়ে থাকেন, যে ক্ষেত্রে ন্যায় মন্ত্রক সিদ্ধান্ত গ্রহণ করবে।

যদি আপনি বিদেশী নাগরিক বন্দী হয়ে থাকেন, তাহলে অগ্রিম অপসারণ প্রকল্প (আর্লি রিমুভাল স্কীম) অনুসারে আপনাকে দ্রুত আপনার দেশে ফিরিয়েও নিয়ে যাওয়া হতে পারে। 151 **পৃষ্ঠা দেখুন।**

অল্পবয়স্ক অপরাধী সংস্থা তত্ত্বাবধান – 159 পৃষ্ঠা দেখুন

যদি আপনার 12 মাসের কম মেয়াদের দণ্ডাদেশ হয়ে থাকে তাহলে মুক্তির পরে অন্ততঃ 3 মাস আপনি তত্ত্বাবধানের অধীনে থাকবেন, আপনার দণ্ডাদেশ যত অল্পই হোক না কেন।

- আপনাকে নিয়মিত আপনার প্রোবেশন অফেণ্ডার ম্যানেজারের সঙ্গে দেখা করতে হবে।
- আপনার 22 তম জন্মদিন বা 3 মাসের মধ্যে যেটি আগে হবে সেদিনই তত্ত্বাবধান শেষ হবে।
- তত্ত্বাবধানের শর্ত উল্লঙ্ঘন করলে আপনার জরিমানা হতে পারে বা আরো 30 দিন কারাবাসের আদেশ হতে পারে।

12 মাস পর্যন্ত প্রাপ্তবয়স্কদের দণ্ডাদেশ

আপনার মুক্তি নিঃশর্ত হবে (AUR)।
আপনি অফেণ্ডার ম্যানেজারের তত্ত্বাবধানে থাকবেন **না**।
আপনাকে নোটিশ নামে পরিচিত তথ্য জানানো হবে। নোটিশে অর্থ ব্যাখ্যা করা থাকবে ও আপনাকে তা স্বাক্ষর করতে হবে।

- **যদি আপনি 4 এপ্রিল 2005 এর আগে অপরাধ সংঘটিত করে থাকেন তাহলে 146 পৃষ্ঠায় আরম্ভ হওয়া বিভাগ দেখুন।**
- **যদি আপনি 4 এপ্রিল 2005-এ বা তার পরে অপরাধ সংঘটিত করে থাকেন তাহলে 148 পৃষ্ঠায় আরম্ভ হওয়া বিভাগ দেখুন।**

➢ 4 এপ্রিল 2005 এর আগের অপরাধ

মুখ্য বিষয়গুলি

দণ্ডভোগের মেয়াদ	মুক্তির ধরন
12 মাস থেকে 4 বছর	অটোমেটিক কণ্ডিশনাল রিলিজ (ARC) (স্বয়ংক্রিয়ভাবে শর্তাধীন মুক্তি)
4 বছর ও তার বেশি	দণ্ডাদেশ বা প্যারোলের মেয়াদ পূর্ণ
সম্প্রসারিত দণ্ডাদেশ	দণ্ডাদেশ বা প্যারোলের মেয়াদ পূর্ণ কিন্তু লাইসেন্স দীর্ঘায়িত হবে।

12 মাসের বেশি কিন্তু 4 বছরের কম (4 এপ্রিল 2005এর আগে)

- অনুমতিপত্র (লাইসেন্স) এবং তত্ত্বাবধান প্রায় আপনার দণ্ডাদেশের মেয়াদ ফুরোনো পর্যন্ত চলবে-তিন-চতুর্থাংশ কাল অবধি।
- যৌন অপরাধের জন্য দণ্ডিত কিছু অপরাধীকে তাঁদের দণ্ডাদেশের মেয়াদ পূর্ণ হওয়া পর্যন্ত তত্ত্বাবধানের অধীনে রাখা হয়।
- বিচারের রায়ে কোনো অতিরিক্ত দিন যোগ (অতিরিক্ত দিন যোগ =ADAs) হলে তাও এর সঙ্গে যোগ হবে। 89 **পৃষ্ঠা দেখুন।**
- লাইসেন্সের মেয়াদ ফুরনোর দিনটিকে বলা হয় লাইসেন্স এক্সপায়ারি ডেট বা অনুমতিপত্র সমাপ্তি তারিখ।
- লাইসেন্স অনুসরণ করে না চললে আপনাকে কারাগারে ফিরিয়ে দেওয়া হতে পারে।
- আপনার দণ্ডাদেশ সমাপ্তির তারিখের আগে আবার একটি অপরাধ করলে আদালত আপনাকে কারাগারে ফিরিয়ে দিতে পারে।

ঠিক আপনার মুক্তির আগে আপনাকে আপনার স্বয়ংক্রিয় শর্তাধীন মুক্তি লাইসেন্স (অটোমেটিক কণ্ডিশনাল রিলিজ লাইসেন্স) দেওয়া হবে।

এতে আপনার লাইসেন্সের শর্তগুলি ব্যাখ্যা করা থাকে এবং আপনার তত্ত্বাবধানকারী অফিসারের নাম ও ঠিকানা দেওয়া থাকে।

শর্তগুলি হবে

- নিয়মিত আপনার অফেণ্ডার ম্যানেজারের সঙ্গে দেখা করা ।
- একটি অনুমোদিত ঠিকানায় বসবাস করা।
- আপনার অফেণ্ডার ম্যানেজারের কাছ থেকে পরিদর্শন পাওয়া।
- কোন গণ্ডগোলে না জড়ানো।

লাইসেন্সের শর্ত উল্লঙ্ঘন করলে আপনাকে কারাগারে ফিরিয়ে নেওয়া হতে পারে ।

যে অপরাধের জন্য আপনার কারাদণ্ড হয়েছে যদি আপনি তা **1 জানুয়ারি** 1999 **এর আগে** করে থাকেন এবং যদি আপনি আপনার লাইসেন্সের উল্লঙ্ঘন করেন তা হলে আদালত সে ব্যাপারে ফয়সালা করবে।

যে অপরাধের জন্য আপনার কারাদণ্ড হয়েছে যদি আপনি তা **1 জানুয়ারি** 1999 **এর পরে** করে থাকেন এবং যদি আপনি আপনার লাইসেন্সের শর্ত উল্লঙ্ঘন করেন তা হলে আপনাকে ফিরিয়ে আনার জন্য পরিদর্শক পরিষেবাকে ন্যায় মন্ত্রকের কাছে আবেদন পেশ করতে হবে।

4 বছর ও তার বেশি (4 এপ্রিল 2005 এর আগে)

- যখন আপনাকে প্যারোলে বা আপনার নন প্যারোল তারিখে মুক্তি দেওয়া হয়, লাইসেন্স এবং তত্ত্বাবধান প্রায় আপনার দণ্ডাদেশের মেয়াদ ফুরোনো পর্যন্ত চলবে-তিন-চতুর্থাংশ কাল অবধি।

- কিছু যৌন অপরাধীর জন্য লাইসেন্স এবং তত্ত্বাবধান প্রায় আপনার দণ্ডাদেশের মেয়াদ ফুরোনো পর্যন্ত বজায় থাকে।

- আপনার দণ্ডাদেশ সমাপ্তি তারিখ পর্যন্ত আপনি ঝুঁকিতে থাকবেন।

সম্প্রসারিত দণ্ডাদেশ (4 এপ্রিল 2005 এর আগের অপরাধের জন্য)

একটি সম্প্রসারিত দণ্ডাদেশের দুটি ভাগ আছে

- কারাগারের সময়কাল।
- লাইসেন্সের সময়কাল।

উদাহরণ স্বরূপ

যদি আপনার দণ্ডাদেশ 4 বছরের হয়ে থাকে, যার 2 বছর কারাগারের ও 2 বছর লাইসেন্সের।

আপনি 2 বছরের অর্ধেক কারাগারে কাটাবেন – অর্থাৎ 1 বছর। তারপরে আপনাকে 6 মাস অনুমতিপত্রের অধীনে কাটাতে হবে, যা কারাগারে কাটানো ওই সময়সীমার জন্য স্বাভাবিক, এবং অতিরিক্ত 2 অনুমতিপত্রের অধীনে। আপনার দণ্ডাদেশ 4 বছরে শেষ হবে।

আপনার দণ্ডাদেশ 4 বছর বা তার বেশি হয়ে থাকলে অগ্রিম মুক্তির বিষয় প্যারোল বোর্ড দ্বারা নির্ধারিত হবে এবং তা আপনি দণ্ডাদেশের অর্ধেক ভোগ করার পরে যে কোনো সময় থেকে আরম্ভ হতে পারে।

যদি আপনি আপনার অনুমতিপত্রের শর্ত উল্লঙ্ঘন করেন তা হলে আপনার অফেণ্ডার ম্যানেজার আপনাকে ফিরিয়ে আনার জন্য আবেদন করতে পারেন।

➢ 4 এপ্রিল 2005এ বা তার পরে কৃত অপরাধ

12 মাস বা তার বেশি তবে 4 বছরের কম সাধারণ দণ্ডাদেশ (4 এপ্রিল 2005এ বা তার পরে কৃত অপরাধের জন্য)

আপনাকে একটি সার্বিক অনুমতিপত্রের (অল পারপাস লাইসেন্স) অধীনে মুক্তি দেওয়া হবে। আপনার দণ্ডাদেশের মেয়াদ ফুরনো পর্যন্ত আপনি অনুমতিপত্র ও তত্ত্বাবধানের অধীনে থাকবেন (SLED)।

ঠিক আপনার মুক্তির আগে আপনাকে আপনার অল পারপাস লাইসেন্স দেওয়া হবে। এতে আপনার লাইসেন্সের শর্তগুলি ব্যাখ্যা করা থাকে এবং আপনার তত্ত্বাবধানকারী অফিসারের নাম ও ঠিকানা দেওয়া থাকে।

12 মাস বা তার বেশি তবে 4 বছরের কম প্রামাণ্য দণ্ডাদেশের শর্তগুলি হবে

- নিয়মিত আপনার অফেণ্ডার ম্যানেজারের সঙ্গে দেখা করা ।
- একটি অনুমোদিত ঠিকানায় বসবাস করা।
- আপনার অফেণ্ডার ম্যানেজারের কাছ থেকে পরিদর্শন পাওয়া ।
- কোন গণ্ডগোলে না জড়ানো। ।

লাইসেন্সের শর্ত উল্লঙ্ঘন করলে আপনার জরিমানা হতে পারে বা আপনাকে কারাগারে ফিরিয়ে নেওয়া হতে পারে ।

সম্প্রসারিত দণ্ডাদেশ (4 এপ্রিল 2005এ বা তার পরে কৃত অপরাধের জন্য)

একটি সম্প্রসারিত দণ্ডাদেশের দুটি ভাগ আছে

- কারাগারের সময়কাল।
- লাইসেন্সের সময়কাল।

উদাহরণ স্বরূপ, আপনার দণ্ডাদেশ ৪ বছরের যার মধ্যে 3 বছর কারাগারের ও 5 বছর লাইসেন্সের। আপনার কারাগারের সময়ের ঠিক মাঝামাঝি বিন্দুতে (1 ½ বছর), প্যারোল বোর্ড স্থির করবে আপনাকে মুক্তি দেওয়া যাবে কি না।
যদি আপনাকে মুক্তি দেওয়া না হয়, আপনি যতদিন আদালত আপনাকে কারাবাস করার আদেশ দিয়েছে ততদিন কারাগারে থাকবেন।

আপনাকে মুক্তি দেওয়া হলে, বাকি সম্পূর্ণ দণ্ডাদেশের কাল পর্যন্ত আপনি অনুমতিপত্রের অধীনে থাকবেন।

লাইসেন্স প্রত্যাহার বা বাতিল হওয়া

যদি আপনাকে কারাগারে ফিরিয়ে আনা হয় সে ক্ষেত্রে আপনাকে **রিপ্রেজেন্টেশনস প্যাক** নামে একটি প্যাক পাঠানো হবে। এটি আপনাকে কারাগারে ফিরিয়ে ডাকার বিরুদ্ধে আপিল করতে সাহায্য করবে।

প্যারোল বোর্ড কারাগারে ফিরিয়ে ডাকার আদেশের দেখাশোনা করে। তাঁরা যখন আপনাকে কারাগারে ফিরিয়ে ডাকা হবে তার 28 দিনের মধ্যে আপনার মামলাটি বিবেচনা করবে। প্যারোল বোর্ড নির্ণয় করবে আপনাকে কারাগারে ফিরিয়ে ডাকা ঠিক হবে কি না।

আপিল করতে চাইলে তাড়াতাড়ি করুন। আপনি প্যারোল বোর্ডের কাছে চিঠি লিখতে পারেন এবং আপনাকে তাদের সঙ্গে গিয়ে কথা বলতেও বলা হতে পারে।

প্রত্যাহার সম্বন্ধে আরো তথ্য

যদি আপনাকে শর্তসাপেক্ষে কারাগার থেকে মুক্তি দেওয়া হয়ে থাকে, বা লাইসেন্সের অধীনে যাতে বলা থাকে আপনার কি করা উচিত, সে ক্ষেত্রে নিয়ম না মানলে আপনাকে কারাগারে ফিরিয়ে নেওয়া হতে পারে। আপনি পুনরায় অপরাধ করলে বা কোনো অন্য নিয়ম ভাঙলে তা হতে পারে। একে লাইসেন্সের লঙ্ঘনও বলা হয়।

আপনি যদি আপনার শর্ত বা লাইসেন্স অনুসরণ না করেন তা হলে যা হবে তা হল

- যে কোনো ধরনের লাইসেন্সের অধীনেই আপনি থাকুন না কেন তা তৎক্ষণাৎ বাতিল(রদ) করা হবে।
- পুলিসকে (স্থানীয় ও দেশীয় উভয়ই) জানানো হবে, এবং সেই সঙ্গে প্রোবেশন পরিষেবা ও সর্বশেষ যে কারাগারে আপনি ছিলেন তাদেরও।
- আপনাকে গ্রেফতার করে সবথেকে নিকটবর্তী কারাগারে ফিরিয়ে নিয়ে যাওয়া হবে।
- যে কারাগারে আপনাকে রাখা হয়েছে এবং সেই সঙ্গে প্রোবেশন পরিষেবা মুখ্যালয়কে আপনার কারাগারে প্রত্যাবর্তনের কথা জানিয়ে দেবে।
- আপনার কাছে একটি রিপ্রেজেন্টেশনস প্যাক পাঠানো হবে এবং আপনার কাছে জানতে চাওয়া হবে আপনি আপনাকে কারাগারে ফিরিয়ে নিয়ে আসার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে চান কি না।
- আপিল সমেত বা ব্যতীতই প্যারোল বোর্ড আপনার প্রত্যাবর্তনের ২৪ দিনের মধ্যে আপনার কেসটি বিবেচনা করবে। তাঁরা আপনাকে ফিরিয়ে নিয়ে আসার সিদ্ধান্ত নাকচ বা অনুমোদন করবে, আপনার পুনর্মুক্তির তারিখ স্থির করবে বা আপনার ফিরিয়ে নিয়ে আসার সিদ্ধান্ত আবার বিবেচনার জন্য ভবিষ্যতে একটি তারিখ ফেলবে ।
- এ বিষয়ে সাহায্য প্রয়োজন হলে একজন আইনজীবীর সঙ্গে কথা বলতে পারেন।

বিদেশী নাগরিক কয়েদি

বিদেশী নাগরিক কয়েদিদের জন্য অগ্রিম অপসারণ প্রকল্প (অগ্রিম অপসারণ প্রকল্প = ERS)

যে সব কয়েদিরা বিদেশী নাগরিক তাঁরা এই প্রকল্পের সাহায্যে দণ্ডাদেশের মেয়াদ শেষ হবার আগেই ইউকে ছেড়ে চলে যেতে পারেন।
আপনার বিষয়ে বর্ডার এণ্ড ইমিগ্রেশন এজেন্সিতে তথ্য পাঠানো হবে।
বর্ডার এণ্ড ইমিগ্রেশন এজেন্সি আপনাকে জানাবে আপনি ইউকে ছেড়ে যাচ্ছেন কি না এবং আপনার স্বদেশে ফিরে যাওয়ার ব্যাপারটি সামলাবে।

ফিরে যাওয়ার আগে ইউকেতে একটি ন্যূনতম কারাবাস সময় কাটাবেন।
ERS-এর দীর্ঘতম সময় হল 270 দিন পর্যন্ত। কিছু কিছু বন্দীকে ERS অনুমোদন করা হবে না। উদাহরণ

- যে সব কয়েদিকে যৌন অপরাধী খাতায় স্বাক্ষর করতে হয়।
- হিংসাত্মক ও যৌন অপরাধী যাঁরা বর্তমানে সম্প্রসারিত দণ্ডাদেশে রয়েছেন।
- যে সব কয়েদি মুক্তি বা অস্থায়ী লাইসেন্সের পরে না ফেরার জন্য দণ্ডাদেশ ভোগ করছেন।
- যে সব কয়েদি হাসপাতালের আদেশ, হাসপাতালের নির্দেশ বা স্থানান্তর নির্দেশের কারণে কারাগারে রয়েছেন।
- যে সব কয়েদিরা কার্ফিউ আদেশ না মানার জন্য দণ্ডাজ্ঞা ভোগ করছেন।
- যে সব কয়েদিকে কোনো সময়ে HDC কার্ফিউ শর্ত না মানার জন্য কারাগারে ফিরিয়ে ডেকে নেওয়া হয়েছে।
- যে সব কয়েদিদের তাঁদের বর্তমান দণ্ডাদেশকালে, HDCতে মুক্তি দেওয়া হয়েছে বা অগ্রিম সহানুভূতিশীল মুক্তি দেওয়া হয়েছে ও কারাগারে ফিরিয়ে ডেকে নেওয়া হয়েছে।
- যে সব কয়েদিকে কোনো সময়ে তাদের দণ্ডাদেশের ঝুঁকিপূর্ণ সময়কালের মধ্যে অপরাধ করার জন্য কারাগারে ফিরিয়ে ডেকে নেওয়া হয়েছে।
- যে সব কয়েদির, দণ্ডাদেশ ঘোষণাকালে, তাদের দণ্ডাদেশের মাঝামাঝি বিন্দুর থেকে 14 দিনেরও কম সময় বাকি আছে।
- যে সব কয়েদি জরিমানা মেটান নি বা আদালতের আদেশ পালন করেন নি(আদালত অবমাননা)।

যদি আপনাকে ERS দ্বারা অপসারিত না করা হয়, তা হলে আপনি আপনার দণ্ডাদেশ ভোগ করে যেতে থাকবেন।

ডিপোর্টেশন (বহিষ্কার)

বর্ডার এণ্ড ইমিগ্রেশন এজেন্সি আপনাকে জানাবে আপনার দণ্ডাদেশের মেয়াদ পূর্ণ হলে আপনাকে বহিষ্কৃত করা হবে কি না।

তাঁরা কারাগারকে একটি অভিবাসন আটক আদেশ (ইমিগ্রেশন ডিটেনশন অর্ডার) জারি (প্রেরণ) করবে।

আপনাকে ইউকে থেকে বহিষ্কৃত (দূর করা) পর্যন্ত হয় আপনি আপনার দণ্ডাদেশের মেয়াদ পূর্ণ হবার পরেও কারাগারেই থাকবেন অথবা আপনাকে একটি অভিবাসন আটক কেন্দ্রে (ইমিগ্রেশন ডিটেনশন সেণ্টার) পাঠানো হবে।

যদি আপনি বহিষ্কৃত হতে না চান সে ক্ষেত্রে আপিল করতে পারবেন কি না তা জানার জন্য আপনাকে একজন আইনজীবীর সঙ্গে কথা বলতে হবে।

প্রিজন সার্ভিস অর্ডার 4630 এ আপনি আরো তথ্য পাবেন।

রিপ্যাট্রিয়েশন (প্রত্যাবাসন)

কোনো কোনো দেশের সঙ্গে ইউকে-র প্রত্যাবাসন চুক্তি আছে। এর অর্থ কিছু কিছু কয়েদি তাঁদের স্বদেশে ফিরে গিয়ে কারাবাস করতে পারেন ।

আপনি প্রত্যাবাসিত হতে পারেন যদি

- আপনি যে দেশে যেতে চান সে দেশের নাগরিক হন।
- আপনার দণ্ডাদেশটি চূড়ান্ত হয় এবং কোনো আপিল অমীমাংসিত না থাকে।
- আপনার কৃত অপরাধটি অন্য দেশটিতেও কারাদণ্ড যোগ্য অপরাধ বলে গণ্য হয়।
- আপনার আবেদন করার সময়ে মুক্তি পর্যন্ত শাস্তির অন্ততঃ আরো 6 মাস কাটা বাকি থাকে ।

কারাগারের কর্মচারীরা দেখতে পারেন আপনার দেশের সঙ্গে ইউকে-র প্রত্যাবাসন চুক্তি আছে কি না।

আপনি প্রত্যাবাসিত হতে পারেন কি না তা জানার পদ্ধতি চালু করার জন্য আপনাকে কারাগারের অনুরোধ/অভিযোগ পদ্ধতি ব্যবহার করতে হবে।
ইউকে ও আপনার দেশকে প্রত্যাবাসনের জন্য একটি আধিকারিক অনুরোধ করতে হবে।

আপনার দেশের দূতাবাসের বৈধ কর্মীদেরও আপনি আপনার জন্য আবেদন করতে বলতে পারেন।

প্রিজন সার্ভিস অর্ডার 4630 এ আপনি দূতাবাসের একটি তালিকা পাবেন।

প্রত্যাবাসনের অনুরোধ বিষয় সিদ্ধান্ত নিতে অনেক সময় লাগতে পারে, কখনো কখনো 2 বছর পর্যন্ত।

ইউকে সাধারণত প্রত্যাবাসনের অনুরোধ কেবলমাত্র তখনই প্রত্যাখ্যান করবে যদি

- আপনি বিদেশে স্থানান্তরিত হলে কারাগারে কম সময় কাটাতে হয়।
- আপনার কোনো জরিমানা বা অন্য বিচারবিভাগীয় অর্থ মেটানোর আদেশ অনাদায়ী থেকে থাকে।

যদি আপনি প্রত্যাবাসিত হন, তা হলে ইউকে-তে প্রদত্ত দণ্ডাদেশ অনুসারে আপনার দণ্ডাদেশ ভোগের যে কদিন বাকি ছিল আপনাকে অবশ্যই ততদিন শাস্তি ভোগ করতে হবে।

দণ্ডাদেশ পর্যালোচনা, মুক্তি ও তত্ত্বাবধান বিষয়ে আপনি যে দেশে যাবেন তার নিয়ম অনুসরণ করবেন।

আপনার প্রত্যাবাসন চুক্তি স্বাক্ষর করার আগে কোনো রকম পরিবর্তন সম্বন্ধে আপনাকে জানানো হবে।

কারাগার লাইব্রেরিতে **'রিপ্যাট্রিয়েশন অফ প্রিসনার্স এক্ট 1984 - বিদেশী কয়েদিদের জন্য তথ্য'** থেকে আপনি আরো জানতে পারবেন।

এই তথ্যটি ড্যানিশ, ডাচ, ইংরাজি, ফিনিশ, ফরাসি, জার্মান, গ্রিক, ইতালীয়, পোর্তুগিজ়, স্পেনীয়, সুইডিশ ও তুর্কি ভাষায় উপলব্ধ ।

স্কটল্যাণ্ড, উত্তর আয়ার্ল্যাণ্ড, চ্যানেল দ্বীপপুঞ্জ বা আইল অফ ম্যানের কারাগারগুলিতে বদলি

ইংল্যাণ্ড বা ওয়েলসের কারাগারগুলি থেকে এই দেশগুলির কারাগারে স্থানান্তরকে বলা হয় **অন্য বিচারক্ষেত্রে বদলি**।

আপনি স্থায়ী বদলির অনুরোধ করতে পারেন যাতে আপনার পরিবার ও বন্ধুরা আপনার সঙ্গে দেখা করতে পারেন ।
উভয় দেশের কারাগার পরিষেবাকে বদলিতে সম্মত হতে হবে।

বদলি 2 ধরনের হয়ে থাকে

- সীমাবদ্ধ নয় – আপনি যে এলাকায় যাবেন তারাই সম্পূর্ণভাবে আপনার দণ্ডাদেশ পরিচালনা করবে এবং মুক্তি ও মুক্তির পরে তত্ত্বাবধানের বিষয়ে আপনি তাদের নিয়মকানুন অনুসরণ করবেন।
- সীমাবদ্ধ – ইংল্যাণ্ড এবং ওয়েলস আপনার বদলির শর্ত স্থির করবে। এগুলি মুক্তি, তত্ত্বাবধান ও প্রত্যাবর্তন বিষয়ে হতে পারে।

বদলি বিষয়ে আরো তথ্য

বদলির অনুরোধে সম্মতি লাভের ভালো সুযোগ পেতে হলে আপনার

- মুক্তির তারিখের অন্তত 6 মাস দেরি থাকতে হবে।
- আপনার দোষী সাব্যস্তকরণ বা শাস্তির বিরুদ্ধে কোনো অমীমাংসিত আপিল থাকতে পারবে না।
- আদালতে ফিরে যাওয়া চলবে না।

আপনার বদলির আবেদনের অংশ রূপে যে সব জিনিস দেখা হবে তা হল

- কেন আপনি বদলি চান।
- যে দেশে আপনি ফিরে যেতে চাইছেন সেখানেই আপনি অধিকাংশ সময় বাস করতেন কি না।
- সেখানে আপনার ঘনিষ্ঠ পরিবার পরিজন ও বন্ধুবান্ধব আছেন কি না।
- আপনার মুক্তির পরে আপনি সেখানেই থাকতে চান এমন ইঙ্গিত দিয়েছেন কি না।

আপনি আপনার অনুমতিপত্র স্কটল্যাণ্ড, উত্তর আয়ার্ল্যাণ্ড, চ্যানেল দ্বীপপুঞ্জ বা আইল অফ ম্যানে তত্ত্বাবধান হওয়ার জন্যও অনুরোধ করতে পারেন। কি করে তা করতে হবে জানার জন্য আপনার অফেণ্ডার ম্যানেজারকে জিজ্ঞাসা করুন।

অল্পবয়সী আইনভঙ্গকারী ও অল্পবয়সী আইনভঙ্গকারীদের জন্য সংস্থা

এই অংশটি 18 থেকে 21 বছর বয়স্ক অল্পবয়স্ক অপরাধীদের জন্য। অল্পবয়স্ক অপরাধী প্রতিষ্ঠানগুলি অন্য কারাগার থেকে কি ভাবে আলাদা তার কিছু কিছু এটি আপনাকে জানায়।

- তবুও এই বইটির বাকি অংশে আলোচিত বিষয়ের বেশির ভাগই আপনাকে জানতে হবে।
- অল্পবয়স্ক অপরাধী প্রতিষ্ঠান(ইয়াং অফেণ্ডার ইনস্টিটিউশন)কে সাধারণতঃ সংক্ষেপে **YOI** (ইয়াং অফেণ্ডার ইনস্টিটিউশন=**YOI**) বলা হয়।

YOI-তে থাকাকালীন আপনাকে সাহায্য করার জন্য **পার্সোন্যাল অফিসার** নামে কর্মীদের একজন সদস্য উপস্থিত থাকবেন। আপনার কোনো প্রশ্ন থাকলে বা কোনো সাহায্যের প্রয়োজন হলে তাঁর সঙ্গে কথা বলুন।

আপনি কোথায় দণ্ডাদেশ ভোগ করবেন

- আপনি একটি অল্পবয়স্ক অপরাধী প্রতিষ্ঠানে(ইয়াং অফেণ্ডার ইনস্টিটিউশন=**YOI**) আপনার দণ্ডাদেশ ভোগ করবেন। আপনার YOIটি স্বাধীন বা প্রাপ্তবয়স্ক কারাগারের অংশ হতে পারে।
- আপনি যদি অল্পবয়স্ক কয়েদে থাকেন, তাহলে আপনার বিচারের ফলাফল না জানা পর্যন্ত আপনি কোনো YOI কয়েদ বা স্থানীয় প্রাপ্তবয়স্ক কারাগারে থাকতে পারেন।

কোথায় দণ্ডাদেশ ভোগ করবেন তা কে স্থির করে

যদি আপনার কোনো রকম যাবজ্জীবন দণ্ডাদেশ থাকে

(যাবজ্জীবন হাজতবাস, যাবজ্জীবন আটক, হার ম্যাজেস্টির ইচ্ছানুসারে)

- দণ্ডিত হওয়ার পরে যে YOIতে আপনাকে প্রথম পাঠানো হবে তার কর্মচারীদের আপনার সম্বন্ধে একাধিক প্রতিবেদন তৈরি করতে হবে।
- এগুলি হয়ে গেলে কোথায় আপনি যাবেন সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের অপেক্ষা করার জন্য আপনাকে 'লাইফার সেন্টার' নামক স্থানে পাঠানো হবে। তার পরে মুখ্যালয়ের কর্মীরা ঠিক করবেন শেষ পর্যন্ত আপনার দণ্ডাদেশ ভোগ করার জন্য আপনাকে কোথায় পাঠানো হবে।

আটক দণ্ডাদেশ নামক দণ্ডাদেশের ক্ষেত্রে

- যে স্থানীয় কারাগার বা অপ্রাপ্তবয়স্ক হাজতে আপনাকে আটকে রাখা হয়েছে তারাই স্থির করবে কোন YOIতে আপনাকে পাঠানো হবে।

আপনি প্রথম YOIতে এলে কী ঘটবে

আপনার YOIটিতে আসার পর প্রথম কয়েক দিন **ইনডাকশন বা প্রস্তাবনা** নামক একটি ব্যাপার চলবে। এখানে

- আপনি কারাগারের কর্মচারীদের প্রশ্ন করতে পারেন বা যে কোনো বিষয়ে কথা বলতে পারেন যা নিয়ে আপনি চিন্তিত ।

- YOIতে থাকাকালীন আপনি কি করতে পারেন তা নিয়েও আপনি ও কারাগারের কর্মীরা কথা বলবেন।

আপনার দণ্ডাদেশ পরিকল্পনা (যদি আপনার দণ্ডাদেশ 4 সপ্তাহ বা তার বেশি হয়)

- কারাগারের কর্মচারীরা আপনার সঙ্গে মিলে **দণ্ডাদেশ পরিকল্পনা** নামে একটি পরিকল্পনা তৈরি করবেন।
- এই পরিকল্পনায় YOIতে থাকাকালীন আপনি ও কারাকর্মীরা যে সব কাজ আপনি করবেন বলে সম্মত হয়েছেন তা নিয়ে কথা বলা হয়। যেমন, এটিতে আপনার শিক্ষা ও আপনি যে কাজ করবেন তার কথা বলা হবে।
- যদি আপনার YOIতে 3 মাসের কম সময় বাকি থাকে, সে ক্ষেত্রে YOI ছাড়ার পরের জীবনের জন্য তৈরি হতে আপনার কি করা প্রয়োজন সে বিষয়ে পরিকল্পনাটি জানাবে।
- YOI ছাড়ার পরে অন্ততঃ 3 মাস পর্যন্ত আপনার দণ্ডাদেশ পরিকল্পনা চালু থাকবে। কারণ YOI ছাড়ার পরে আপনার কেমন চলছে তা দেখার জন্য প্রোবেশন পরিষেবা থেকে কেউ, (সাধারণত আপনার অফেণ্ডার ম্যানেজার) আপনার সঙ্গে কাজ করবেন।
- **অফেণ্ডার ম্যানেজার** ও **অফেণ্ডার সুপারভাইজ়ার** নামে পরিচিত ব্যক্তিরা আপনাকে আপনার দণ্ডাদেশ পরিকল্পনার অন্তর্গত সব কিছু করতে সাহায্য করবেন। অফেণ্ডার ম্যানেজার হলেন কারাগারের বাইরের প্রোবেশন পরিষেবার লোক। অফেণ্ডার সুপারভাইজ়ার কারাগারের ভিতরের লোক। আপনার পার্সোনাল অফিসারও এ বিষয়ে সাহায্য করবেন।

YOIতে থাকাকালীন আপনি যা করতে পারেন

শিক্ষা

- YOIতে থাকাকালীন আপনি নতুন নতুন জিনিস শেখার সুযোগ পাবেন।
- সব YOIতে ক্লাস নেওয়া হয় যেখানে আপনি কিছু শেখার জন্য যেতে পারেন। যেমন, দরকার হলে আপনি পড়া, লেখা ও সংখ্যা ব্যবহার করার মত কাজের জন্য সাহায্য পেতে পারেন।
- বেশির ভাগ ক্লাসই দিনের বেলার তবে কিছু রাতেও হতে পারে।

প্রশিক্ষণ

- অনেক রকম প্রশিক্ষণ পেতে পারেন। প্রশিক্ষণের ফলে নতুন দক্ষতা শিখতে বা কাজ পেতে আপনার সুবিধা হতে পারে।
- প্রশিক্ষণের ফলে আপনি কিছু যোগ্যতাও অর্জন করতে পারেন। পরীক্ষায় পাস করলে যা পাওয়া যায় তাকেই যোগ্যতা বলে, যেমন NVQ ইত্যাদি।
- স্থানীয় সমাজের জন্য স্বেচ্ছাসেবক হিসাবেও কাজ করতে পারেন, তবে যদি তা কারাগারের কর্মচারীরা নিরাপদ মনে করেন তবেই।

শারীর শিক্ষা (খেলাধূলা বা জিম জাতীয় বিষয়)

- সপ্তাহে অন্ততঃ 2 ঘণ্টা ব্যায়াম ও খেলাধূলা জাতীয় কাজ করতে পারবেন।
- এটি আপনি দিনের বেলা, সন্ধ্যাবেলা বা সপ্তাহান্তে করতে পারেন।
- এটি কারাগার ভবনের ভিতরে বা বাইরে ঘটতে পারে। প্রতিদিন কিছুটা সময় আপনার খোলা হাওয়ায় কাটাতে পারা উচিত।
- আপনার যদি কোনো চোট থাকে বা কোনো বিশেষ ধরনের ব্যায়াম প্রয়োজন হয় তবে সে সম্বন্ধে সাহায্য পেতে পারবেন।

স্বাধীন সময় (কখনো কখনো অ্যাসোসিয়েশন নামে পরিচিত)

- বেশির ভাগ YOIতেই দিনে অন্ততঃ 1 ঘণ্টা অন্য কয়েদিদের সঙ্গে সময় কাটাবার, খেলাধূলা করার বা টিভি দেখার মত কাজের জন্য সময় পাবেন।

ধর্মবিশ্বাস

- প্রতি সপ্তাহে আপনার YOIতে উপাসনায় যেতে পারবেন।
- বিভিন্ন ধর্মবিশ্বাসের জন্য উপাসনার ব্যবস্থা থাকতে হবে। 78 **পৃষ্ঠা দেখুন**।

ধূমপান

- আপনি 18 বছরের কম বয়স্কদের জন্য নির্দিষ্ট অঞ্চলে ধূমপান করতে **পারবেন না**।
- আপনাকে হয়তো 18 থেকে 20 বছর বয়স্কদের জন্য নির্দিষ্ট YOI-এর **কিছু কিছু** অঞ্চলে ধূমপানের অনুমতি দেওয়া হবে, সম্ভবতঃ বাইরে এবং কখনো কখনো আপনার কক্ষে ।

YOI-**এর পরের জীবনের জন্য তৈরী হওয়া**

- YOI ছাড়ার পরের জীবনের জন্য তৈরী হতে আপনি কারাগার কর্মীদের কাছ থেকে সাহায্য পাবেন।
- তারা আপনার সঙ্গে এইসব বিষয়ে কথাবার্তা বলবে যেমন আপনার অফেণ্ডার ম্যানেজারের সঙ্গে দেখা করা, আপনার ভবিষ্যৎ বাসস্থান, চাকরি, স্বাস্থ্য, ড্রাগস, টাকাপয়সা ও আপনার পরিবার।

আপনার বিদায়গ্রহণের পরে কী ঘটবে

আপনি YOI ছেড়ে যাবেন কিন্তু আপনাকে ছাড়ার পরে অন্তত 3 মাস পর্যন্ত অথবা আপনার 22তম জন্মদিন পর্যন্ত, যেটা আগে হয়, কিছু নিয়ম মেনে চলতে হবে। YOI-তে বেশি দিন কাটালে এটি আরো বেশি সময়ের জন্য হবে।

একে বলা হয় **তত্ত্বাবধানে** থাকা। YOI ছাড়ার পরে আপনার কেমন চলছে তা দেখার জন্য প্রোবেশন পরিষেবা থেকে কেউ, সম্ভবত আপনার অফেণ্ডার ম্যানেজার আপনার সঙ্গে কাজ করবেন।

- আপনি তত্ত্বাবধানে থাকবেন যদি না
    - জরিমানা না দেওয়ার জন্য বা আদালতের নির্দেশ অমান্য করার জন্য আপনার দণ্ডাদেশ হয়ে থাকে। (একে বলা হয় আদালত অবমাননা)
    - YOI ছাড়ার সময় আপনার বয়স 22 বছর হয়।
- YOI ছাড়ার পরে অন্তত 3 মাস পর্যন্ত প্রোবেশন পরিষেবা থেকে কেউ আপনার উপর নজর রাখবে।

- YOI ছাড়ার সময় আপনাকে **অনুমতিপত্র** বা **লাইসেন্স** নামে একটি দলিল দেওয়া হবে। চলে যাওয়ার পরে আপনাকে যে সব নিয়ম মেনে চলতে হবে তা লাইসেন্সে বলা থাকবে।

- আইনে বলা হয় যে আপনাকে লাইসেন্সে বলা জিনিসগুলি পালন করতে বাধ্য। লাইসেন্সে যা বলা হচ্ছে যদি আপনি তা বুঝতে না পারেন তা হলে অবশ্যই সে কথা জানাবেন।

- আপনি যদি লাইসেন্সের নিয়মগুলি উল্লঙ্ঘন করেন তাহলে আপনাকে জরিমানা দিতে হতে পারে বা আপনাকে YOIতে ফিরে যেতে হতে পারে।

- আপনাকে যদি **প্যারোলে** মুক্তি দেওয়া হয়ে থাকে তাহলে প্রকৃতপক্ষে যে দিন আপনি মুক্তি পেতেন সেই তারিখ অবধি আপনাকে লাইসেন্সের নিয়মগুলি মান্য করে চলতে হবে। এটিকে আপনার নন প্যারোল ডেট বলা হয়।

শব্দসূচী

বিষয়	পৃষ্ঠা
A	
adjudications (রায়দান) - on report (অন রিপোর্ট) - pleading guilty (দোষ স্বীকার) - pleading not guilty (দোষ অস্বীকার)	**89** **90** **92** **93**
AIDS (এইডস)	**70-71**
alcohol problems (মদ্যপান সমস্যা)	**73, 77**
appealing (আপিল করা)	**22**
arrival (আগমন)	**5**
assessment (পর্যালোচনা)	**118**
B	
benefits (সুবিধা)	**30, 127**
bills (বিল)	**33**
C	
cell (কুঠুরি)	**6, 57-58**
chaplain (যাজক)	**79, 81-2**

children (শিশু)	**29**
civil partnership in prison (কারাগারে সিভিল অংশীদারী)	**46**
civil prisoners (দেওয়ানী কয়েদি) - early release (অগ্রিম মুক্তি) - contempt of court (আদালত অবমাননা) - visits from family and friends (পরিবার ও বন্ধুবান্ধবের সাক্ষাত)	**16** **17** **17** **40**
clothes (পোশাক)	**62**
complaints (অভিযোগ)	**110**
D	
declaring convictions (দোষী ঘোষণা)	**132**
deportation (বহিষ্কার)	**152**
disabled prisoners (প্রতিবন্ধী কয়েদি)	**109**
doctor (চিকিৎসক)	**67**
drug problems (ড্রাগসংক্রান্ত সমস্যা)	**73, 77**
drug testing (ড্রাগ পরীক্ষা)	**73 - 76**
F	
faith (ধর্মবিশ্বাস)	**78-82**
family and friends (পরিবার ও বন্ধুবান্ধব) - letters (চিঠিপত্র) - telephone calls (টেলিফোন) - visits (সাক্ষাত)	**39** **43-44** **44-45** **39 – 42**

H	
health (স্বাস্থ্য)	**65-72**
help in prison (কারাগারে সহায়তা)	**37-38**
hepatitis (হেপাটাইটিস)	**72**
high security prisons (উচ্চ নিরাপত্তা কারাগার)	**55**
HIV (এইচ আই ভি)	**70-71**
home (বাড়ি) - bills (বিল) - council tax (কাউন্সিল কর) - income tax (আয়কর) - mortgage (মর্টগেজ) - national insurance (জাতীয় বীমা) - pension (পেনশন, অবসরকালীন ভাতা) - rent (ভাড়া)	 **33** **33** **36** **32** **34** **35** **30-31**
home detention curfew (গৃহবন্দী কার্ফিউ)	**138-140**
I	
immigration detainees (অভিবাসন আটক-বন্দী) - bail (জামিন) - help and advice (সহায়তা ও পরামর্শ)	**18** **19** **20-21**

L	
learning (শিক্ষা)	**121-122**
leaving prison (কারাগার ত্যাগ)	**125**
- benefits (সুবিধা)	**127**
- gate arrest (গেটে গ্রেফতারি)	**130**
- grants and loans (অনুদান ও ঋণ)	**128**
- housing (আবাসন)	**126-127**
- money (অর্থ)	**127**
- release time (মুক্তির সময়)	**129**
local prisons (স্থানীয় কারাগার)	**54**
M	
marriage in prison (কারাগারে বিবাহ)	**46**
medicine (ঔষধ)	**68**
money (অর্থ)	**59-60**
P	
parole (প্যারোল)	**141 - 144**
private prisons (বেসরকারি কারাগার)	**55**
privileges (বিশেষ সুবিধা)	**64**

punishment (শাস্তি)	**87 - 89**
R	
race equality (জাতি সাম্য)	**106-108**
recall (পুনরায় ফেরত আনা) - **foreign national prisoners** (বিদেশী নাগরিক কয়েদি)	**149-150** **151**
records (রেকর্ড) - prison (কারাগার) - health (স্বাস্থ্য)	 **49-50** **69**
rehabilitation (পুনর্বাসন)	**130- 131**
release on licence (অনুমতিপত্রাধীন মুক্তি) - childcare (শিশুযত্ন) - end of custody licence scheme (কয়েদ অনুমতিপত্র প্রকল্প সমাপ্তি) - ROTL - Resettlement (পুনর্বাসন) - special purposes (বিশেষ উদ্দেশ্য)	**134** **135** **136-137** **134** **135** **135**
religion (ধর্ম)	**78- 82**
repatriation (পুনর্বাসন)	**152-153**
rules (নিয়মকানুন)	**83- 86**
S	
searches (তল্লাশি)	**103-104**

segregation (পৃথকীকরণ)	**99-100**
sentences (দণ্ডাদেশ) - how long (কত দীর্ঘ) - sentence plan (দণ্ডাদেশ পরিকল্পনা) **adult prisoners** (প্রাপ্তবয়স্ক কয়েদি) - on or after April 2005 (এপ্রিল 2005 এ বা তার পরে) - on or before April 2005 (এপ্রিল 2005 এ বা তার আগে) - before October 1992 (অক্টোবর 1992এর আগে) - up to 12 months (12 মাস পর্যন্ত) **young offenders** (অল্পবয়স্ক অপরাধী)	**25** **26-28** **118, 120** **26, 145** **27, 148-149** **26-27, 146-148** **28** **26,145** **145**
smoking (ধূমপান)	**60- 61**
solicitors (উকিল) - letters (চিঠিপত্র) - visits (সাক্ষাৎ)	**47** **47** **48**
special accommodation (বিশেষ বাসস্থান)	**100-101**
supervision (তত্ত্বাবধান)	**138**
T	
training (প্রশিক্ষণ)	**122**
training prisons (প্রশিক্ষণ কারাগার)	**54**
transfers (বদলি)	**153-154**

U	
unconvicted prisoners (দোষীসাব্যস্ত না হওয়া কয়েদি)	**7**
- bail (জামিন)	**8**
- court (আদালত)	**9-11, 13**
- sureties (সিওর্টি)	**11-12**
W	
work (কাজ)	**123-124**
Y	
young offender (অল্পবয়স্ক অপরাধী)	**155**
- **arrival** (আগমন)	**156**
- **education** (শিক্ষা)	**157**
- **leaving** (বিদায়)	**158**
- **sentences** (দণ্ডাদেশ)	**53, 145, 155**
	159
- **supervision** (তত্ত্বাবধান)	**157**
- **training** (প্রশিক্ষণ)	

প্রিজন রিফর্ম ট্রাস্ট-এর বিষয়ে

প্রিজন রিফর্ম ট্রাস্ট একটি ন্যায্য ও শোভন কারাগার ব্যবস্থা নির্মাণের লক্ষ্যে কাজ করে। এটি করার জন্য আমরা কারাগারগুলি কি ভাবে কাজ করছে তা দেখি, কয়েদি, কর্মচারী ও বহির্জগতের লোকজনকে তথ্য সরবরাহ করি, এবং সরকার ও অফিসারদের কাছে পরিবর্তন ঘটানোর অনুরোধ রাখি।

এঁদের ধন্যবাদ

- এই বইটির কাজে সাহায্য করার জন্য হার ম্যাজেস্টিজ প্রিজন সার্ভিস (HMPS) এবং প্রিজন রিফর্ম ট্রাস্ট HMP ওয়াণ্ডসওয়ার্থের কয়েদি ও কর্মীরা।
- প্রিজন রিফর্ম ট্রাস্ট কয়েদিদের জন্য তথ্যের উন্নতিসাধনের আমাদের দাতব্য প্রকল্পে সহায়তা করার জন্য বিগ লটারি ফাণ্ড ও ডায়ানা, প্রিন্সেস অফ ওয়েলস মেমোরিয়াল ফাণ্ডকে ধন্যবাদ জানাতে চায়।

- মেনক্যাপ

IBSN সংখ্যা 0 046209 86 3

What is this book about?

- What you need to know about prison life.
- Prison rules and ways of doing things.
- Your rights.

"The handbook is like an A-Z of information for prisoners. We could never do without it."

Adeleke, prisoner HMP Wandsworth

"When a prisoner first comes into prison he often doesn't know the questions he needs to ask. This guide is an invaluable aid."

Prison Officer

Ministry of JUSTICE
Safer Custody and Offender Rights
NOMS
1st Floor, Fry,
2 Marsham Street
London, SW1P 4DF
www.hmprisonservice.gov.uk

PRISON REFORM TRUST
Prison Reform Trust
15 Northburgh Street,
London, EC1V 0JR
Tel: 020 7251 5070
e-mail: prt@prisonreformtrust.org.uk
www.prisonreformtrust.org.uk

Prison Service Vocab Number BZ032 (Rev 2008) Form Number 2311
ISBN 0 946209 86 3
Printed by HM Prison Service
Prison Reform Trust Registered Charity No. 1035525
Company Limited by Guarantee No. 2906362 Registered in England & Wales